...ীর ব্যবহারার্থ

গীতপুস্তক।

"আইস আমরা তাঁহারই দ্বারা ঈশ্বরের উদ্দেশে নিত্যং
স্তবরূপ যজ্ঞ অর্থাৎ তাঁহার নামের মাহাত্ম্য
স্বীকারকারি ওষ্ঠাধরের ফল
উৎসর্গ করি।"

ইব্রীয় ১৩; ১৫।

CALCUTTA.

PUBLISHED WITH THE APPROVAL AND SANCTION OF THE
BISHOP OF THE DIOCESE.

1879.

মুল্য ৵০ আনা মাত্র।

HYMNS FOR THE CHURCH IN BENGAL.

বঙ্গদেশস্থ খৃষ্টীয় মণ্ডলীর ব্যবহারার্থ

"আইস আমরা তাঁহারই দ্বারা ঈশ্বরের উদ্দেশে নিত্য২
স্তবরূপ যজ্ঞ অর্থাৎ তাঁহার নামের মাহাত্ম্য
স্বীকারকারি ওষ্ঠাধরের ফল
উৎসর্গ করি।"

ইব্রীয় ১৩; ১৫।

CALCUTTA.

PUBLISHED WITH THE APPROVAL AND SANCTION OF THE
BISHOP OF THE DIOCESE.

1879.

প্রস্তাবের নির্ঘণ্ট।

A.S.	denotes			A. Stern.
B.C.C.	...	...	...	B.C. Chowdry.
B.M.B.	...	...	...	Baptist Mission Hymm Book.
C.B.	...	...	...	C. Bomwetsch.
C.K.	...	...	...	C. Krauss.
C.M.B.	...	...	...	Church Mission Hymm Book.
C.S.	...	...	...	Christa Sangita.
C.W.L.	...	...	...	C.W. Lipp.
H.J.H.	...	...	...	H.J.Harrison.
J.B.	...	...	...	Jacob Biswas.
J.G.L.	...	...	...	J.G. Lincke.
J.J.W.	...	...	...	J.J.Weitbrecht.
J.V.	...	...	...	J. Vaughan.
P.B.	...	...	...	Pearce's Hymm Book.
P.M.R.	...	...	...	P.M.Rudra.
R.D.S.	...	...	...	R.D.Sircar.
R.P.G.	...	...	...	R.P. Greaves.
S.M.	...	...	...	Shama Ch. Mukherji.
V.C.	...	...	...	Vagaban Ch. Chatterji.

ধর্ম্ম গীত।

প্রাতঃকালীন গীত।

গীত ৫;৩। L. M.

১ সচেতন হইয়া উঠ, মন,
সকালে কর আরাধন।
উঠিল যখন দিবাকর,
আলস্যে কেন থাক আর?

২ প্রযত্নে কর আপন কাজ
কি জানি মৃত্যু হবে আজ।
হে মন, সে মহাদিবসে
কি উত্তর দিবা প্রভুকে?

৩ কদালাপ হইতে দূরে রও,
ও সদা নিষ্কলঙ্ক হও।
যে কোন কর্ম্ম কর, মন,
সর্ব্বজ্ঞ প্রভু সাক্ষী হন।

৪ হে ধন্য যেশু ত্রাতাবর,
হও তুমি মম প্রভাকর।
পাতকের অন্ধতা ঘুচাও,
ও তব দিব্য দীপ্তি দেও।

R. P. G.

২

8. 7.

১ প্রভো, আমি নব প্রাতে
করি তোমার আরাধন.
তোমার দয়ায় গত রাতে
ছিল সুখে দেহ মন.

২ গত নিশায় তোমার হস্তে
সমর্পিত ছিল প্রাণ ;
আপদ বিপদ পীড়া হ'তে
করিয়াছ পরিত্রাণ.

৩ আজি কর আশীষ বর্ষণ,
মম হৃদে হও উদয় ;
তোমার সেবায় মম জীবন
যেন অতিবাহিত হয়.

৪ ওহে পিতঃ, তব প্রসাদ
আমার মনে উদয় হউক ;
ঘুচাও হৃদের তাবৎ বিষাদ,
মনের আন্ধার দূরে যাউক.

৫ পুনঃ আমি তোমার হাতে
করি আত্ম সমর্পণ ;
রক্ষা কর দিবারাতে
মম ক্ষীণ কায় মন.

J. B.

৩

ওহে প্রভো, এই আমার রাখহ বিনতি,
আজিকার দিনে থাক আমার সংহতি.

১ প্রভাতকালীন স্তব তোমাতে হউক সব,
ধর্ম্ম আত্মা আমার মনে করাও স্থিতি.

২ অজ্ঞান পাতকী আমি, কৃপা কর প্রভু তুমি,
পাপাপদ পরীক্ষা হইতে ফিরাও মোর মতি.

৩ পাপ দেখি চতুর্ভিত, সদা থাকি সশঙ্কিত,
নিজ কৃপা দৃষ্টি সদা রাখ মোর প্রতি.

৪ আমার পাপের ভার দিয়াছি তোমার উপর,
তুমি আমায় কৃপা করো করহ সদ্গতি.

৫ আমি এই বিনতি করিতেছি তোমার প্রতি,
প্রভু, তোমার চরণেতে বাড়াও মোর ভকতি.

C. M. B.

৪

রাগিণী বিভাস, তাল জলদ তেতালা।

ওহে ত্রাণভানু য়েশূ, বিরাজ হৃদয়ে মম;
নব প্রাতে ডাকি, নাথ, নাশ মম পাপ-তমঃ.

১ হেরি ঘোর নিশা গত, উদিত নব প্রভাত
মম হৃদয়ে উদিত হও য়েশূ প্রিয়তম.

২ মনের আন্ধার যত, কর সব তিরোহিত;
দুরিত-নাশন তুমি, ত্রাণ-ভানু অনুপম।

৩ থাক, ওহে দিবাকর, মম সনে নিরন্তর;
না হেরিলে দীপ্তি তব, হৃদয় আন্ধার মম।

৪ পাপেতে ব্যথিত চিত, শোক-তাপে ব্যাকুলিত
শান্তির কিরণে দুঃখ কর, নাথ, উপশম.

J. B.

সন্ধ্যাকালীন গীত।

প্রকাশিত ২২;৫। ৫ 7. 7.

১ দিবস হইল অবসান ;
চিন্তা কর, মম প্রাণ।
সেই দিবস আমি চাই
যাতে কোন রাত্রি নাই।

২ আকাশ হইল অন্ধকার ;
দীপ্তি নাহি দৃশ্য আর।
য়েশূ তুমি নিকট হও,
তব জীবন দীপ্তি দেও।

৩ সূর্য্য হইয়া অন্তর্হিত
নাহি থাকে উপস্থিত।
ধর্ম্ম সূর্য্য য়েশূ হে,
উঠ আমার অন্তরে।

৪ শ্রমে ক্লান্ত প্রাণিগণ
করে নিদ্রার অন্বেষণ।
প্রভু, আমি তোমাতেই
নিত্য শান্তি যেন পাই।

৫ যখন হবে মৃত্যু রাত,
য়েশূ, থাক আমার সাথ।
এবং স্বর্গ দিবসে
গ্রহণ কর আমাকে।

R. P. G.

লূক ২৪ ; ২৯। ৬ 10. s.

১ দিবসের হৈল অস্ত, প্রভো হে,
না ছাড় তুমি আপন ভৃত্যকে।
যদিও অন্য সঙ্গী নাহি রয়,
মোর সঙ্গে থাক, য়েশূ দয়াময়॥

২ এ মর্ত্ত্যজীবন চলে বেগবান,
ও ক্ষণেক পরে হৈবে অবসান।
সংসারে দেখি কিছু নিত্য নাই ;
মোর সঙ্গে থাক, য়েশূ নিত্যস্থায়ী॥

৩ দুঃখেও আমার হবে না বিষাদ,
দেও যদি তুমি আমায় আশীর্ব্বাদ।
নাই মৃত্যুতে, নাই পরলোকে ভয়,
তোমাকে পাইলে, য়েশূ দয়াময়॥

৪ পাপিষ্ঠ আমি ধরি তব ক্রুশ,
মার্জ্জনা কর মম পাপ ও দোষ।
দিনযামিনী, হে প্রভো, সঙ্গী হও,
ও শেষে তব স্বর্গজ্যোতি দেও॥

R. P. G.

৭

রাগিণী আলাইয়া, তাল আড়াঠেকা।

ওহে প্রভো, এ আমার প্রার্থনা তোমায়,
সর্ব্বক্ষণে কুশলেতে রাখ হে আমায়.

১ সায়াহ্নের স্তব স্তুতি হউক তোমার প্রতি ;
ধর্ম্ম আলো মম মনে করাও উদয়.

২ দিবসে করেছ রক্ষা হ'তে আপদ-পরীক্ষা ;
এ নিশিতে নিরাপদে রাখ হে আমায়.

৩ অসার সংসারে জন্ম, নাহি কোন পুণ্য কর্ম্ম ;
কৃপা করি' রাখ তব শীতল ছায়ায়.

৪ প্রভো যেশূ তব প্রতি হ'ক মম দৃঢ়মতি ;
দেখ যেন শয়তানে দাসে না ভুলায়.

C. M. B.

৮

রাগিণী বারোঁয়া,—তাল আড়াঠেকা।

ওহে ত্রাণদিবাকর,
তুমি যার সন্নিকটে, রজনী কি তার ?

১ মম হৃদয়-আকাশে থাক শর্ব্বরী-দিবসে,
তুমি না থাকিলে পাশে, অস্থির অন্তর.

২ থাকি' পাপ-পৃথিবীতে ব্যথিত হয়েছি চিতে ;
আসি' নাথ ! রজনীতে লও মম ভার.

৩ ভ্রম-তমঃ চতুর্ভিত, হেরিয়া হয়েছি ভীত ;
করে পাছে আচ্ছাদিত শ্রীমুখ তোমার,

৪ যে জন সরল হৃদে সঁপে মন তব পদে,
পরীক্ষা, পাপ, আপদে কি ভয় তাহার ?

C. M. B.

বিশ্রাম দিন।

গীত ১৩২; ৭। ৯ 8. 7. 4.

১ পরম্ পিতার অতি প্রেমে,
  হৈল নব বিশ্রামবার।
আইস আনি তাঁহার ধামে
  ধন্যবাদের উপহার
নম্র মনে আরাধনে
  এখন অবনত হই।

২ লঙ্ঘিয়াছি স্বর্গ-বিধি;
  কিসে তিনি মঙ্গল দেন?
কিন্তু য়েশূ প্রতিনিধি
  পাপের হেতু মরিলেন।
ক্রূশের গুণে সিংহাসনে
  পাপী আমরা দয়া পাই।

৩ ওহে আত্মা শান্তিদাতা,
  তুমি সহকারী হও।
ডাকি যেন 'আব্বা পিতা'
  হৃদয়ে প্রবৃত্তি দেও।
তোমার বলে স্বর্গস্থলে
  সিদ্ধ হবে প্রার্থনা।

R. P. G.

১০

7. s.

১ শুভ সাব্বাথ মনোহর !
কি অপূর্ব্ব তৃপ্তিকর.
হেরি প্রিয় বিশ্রামবার
মহানন্দ সবাকার.

২ আজি প্রভুর বিশ্রাম দিন,
কিবা সুন্দর সর্ব্বাঙ্গীন !
মন হে, তুমি বিশ্রাম লও ;
প্রভুর স্তবে রত হও .

৩ আজি য়েশূ উঠিলেন,
মৃত্যুর শক্তি নাশিলেন ;
কর উল্লাস, মানবগণ,
কর য়েশূর সঙ্কীর্ত্তন.

৪ একই মনে ভক্তগণ
আজি করেন সঙ্কীর্ত্তন ;
তাঁদের সভায় মিলিত্ হও ;
য়েশূর প্রেমে মগ্ন রও.

৫ প্রভো, কর আত্মা দান,
করি যেন তোমার গান ;
করি' শান্তি বরিষণ
তৃপ্ত কর সবার মন.

J. B.

১১

8. 7.

১ আহা, কিবা শুভ দিবস !
এমন দিবস নাহি আর.
প্রভো, আজি আমার মানস—
স্মরি তোমার প্রেম অপার.

২ এই শুভ বিশ্রামবারে
আমরা তোমার শরণ লই ;
তব স্তব ও আরাধনে
পুণ্য আত্মার শক্তি চাই.

৩ আজি যত সাধুগণে
আসি' তব নিকেতন
মধুর স্বর ও হৃষ্টমনে
করে তোমার উপাসন.

৪ আজি মৃত্যু করি দমন
য়েশূ পুনঃ উঠিলেন ;
অক্ষয় শান্তি, নূতন জীবন
আমার তরে সঞ্চিলেন.

৫ প্রভো, সেই স্বর্গধামে
আমায় করি' আশ্রয় দান
শেষে নিত্য সুবিশ্রামে
পরিতৃপ্ত কর প্রাণ.

J. B.

১২

ওহে প্রভু, শুন আমার এই নিবেদন,
সদা নিজ অনুগত কর মোর মন.

১ রবিবার পবিত্র মান্য করেছ সবার জন্য,
আমি যেন মান্য করি, দেহ জ্ঞান এমন.

২ তোমার এই ধর্ম্ম দিনে, হও প্রভু আমার সনে,
কর তুমি আমার উপর কৃপাবলোকন.

৩ ধর্ম্মাত্মা আমার মনে, স্থাপিত কর নিজ গুণে,
যেন জ্ঞান পাই তোমার করিতে ভজন.

৪ অদ্য অনুগ্রহ করো এ দিন দেখালে মোরে,
আমায় প্রার্থনা শিক্ষা দেহ হে এখন.

৫ অজ্ঞান পামর আমি, অতিশয় দয়ালু তুমি,
দয়া করো প্রভু মোরে করহ গ্রহণ.

৬ ছয় দিন হইয়াছে গত, তাহে পাপ করেছি যত,
সে সকল পাপ আমার করহ মার্জ্জন.

P. B.

১৩

রাগিণী রামকেলী, তাল আড়াঠেকা।

প্রভু আজি তোমার ঘরে
দীনহীনে সভা করো্য ডাকে তোমায় হে কাতরে।

১ তুমি তারণকারণ, নির্ব্বিকার, নিরঞ্জন,
তুমি ঈশ্বর নন্দন, পূজনীয় স্বর্গপুরে।

২ পূজিতে তোমার চরণ সভার নিতান্ত মনন;
আসি' দেও দরশন সভায় কৃপা করো্য।

৩ তোমার প্রসন্নবদন সভায় করাও হে দর্শন;
প্রফুল্ল হউক সভার মন তোমার সৌন্দর্য্য হেরো্য।

৪ মোরা অতি অভাজন, না জানি ভজন সাধন
করি' কৃপা বরিষণ দেও ধর্ম্মজ্ঞান সবারে।

৫ তব রাজ্যের আগমন শীঘ্র হউক, হে রাজন;
তোমার আজ্ঞাপালন যেন করে জগৎনরে।

B. M. B.

১৪

রাগিণী ঝিঁঝিট থাম্বাজ—তাল মধ্যমান।

হেরি বিশ্রাম দিন, শুভদিন, প্রফুল্লিত মন,
মহানন্দে করি আজি, খ্রীষ্ট সঙ্কীর্ত্তন।

১ এ দিনেতে দিনমণি, নিজ প্রভাবে আপনি,
মৃত্যু পরলোক জিনি, কৈলেন উত্থান।

২ অদ্য ওহে মম চিত, চিন্তামণির গুণ চিন্ত,
অনিত্য বিষয় যত, করো বিসর্জ্জন।

৩ এস হে সচ্চিদানন্দ, হর মম নিরানন্দ।
তব সেবায় আনন্দিত, যেন হয় মন।

৪ ওহে বিশ্রামাহ স্বামি, ভারাক্রান্ত পাপী আমি,
পাপভার লয়ে তুমি, কর শান্তি দান।

৫ অদ্য ধর্ম্মাত্মার গুণে, বক্তা শ্রোতা সর্ব্বজনে,
পরমার্থ সার ধনে, কর সম্পূরণ।

৬ বিশ্রামাহ ইহকালে, না আসিতে যায় চলে,
অনন্ত বিশ্রাম পেলে, হবে তৃপ্ত মন।

C. S.

খ্রীষ্টের আগমন।

প্রকাশিত ২২ ; ২০। **১৫** D. 7. s.

Dix. 6.7s

১ য়েশূ, তোমার অপেক্ষায়,
সর্ব্ব সৃষ্ট বস্তু রয়।
হেথা কত দোষ ও পাপ,
অত্যাচার ও অভিশাপ।
সর্পরাজ্য নাশিতে,
শীঘ্র আইস, প্রভু হে।

২ চাহে তব ভক্তগণ
সদা তোমার আগমন।
হেথা তাদের নাহি দেশ ;
দুঃখমাত্র এবং ক্লেশ।
প্রজার মুক্তি আনিতে,
শীঘ্র আইস, প্রভু হে।

৩ এই শ্রান্ত ক্লান্ত মন
করে তোমার অপেক্ষণ।
ভবে কোন তৃপ্তি নাই,
য়েশূ, তব দৃষ্টি চাই।
আপন ভৃত্য তারিতে,
শীঘ্র আইস, প্রভু হে।

R. P. G.

যোহান ১২ ; ১৫। **১৬** 8. 7.

১ শুন, শুন, হর্ষবাণী,
  জগত্ত্রাতার আগমন।
মুখে কর কীর্ত্তিধ্বনি,
  মনে দিও সিংহাসন।

২ তাঁরই বলে হবে খণ্ডন
  মহাশত্রুর অধিকার।
ছিন্ন হবে লৌহ বন্ধন,
  খোলা যাবে কারাগার।

৩ যারা তিমিরে আচ্ছন্ন,
  তিনি তাদের মুক্তি দেন।
চক্ষু করিয়া প্রসন্ন,
  দিব্য দীপ্তি আনিবেন।

৪ অনুতাপী মনের ক্ষত
  শান্তকারী তিনি হন।
নিরুপায় ও দুঃখী যত,
  হেথা দেখ পরম্ ধন।

৫ য়েশূ, তব পুণ্য নামে
  আমরা করি বন্দনা।
ব্যাপ্ত হবে স্বর্গ ধামে
  তব নিত্য প্রশংসা।

R. P. G.

মথি ২৫ ;১৩। **১৭** 8. 7. double

১ জেগে থাক, বলেন প্রভু,
কর সদা প্রার্থনা ;
কেহ জানিবে না কভু
আমার গুপ্ত মন্ত্রণা.
নিশিযোগে চোরে যেমন
কাটিবারে ঘরে সিঁদ
হঠাৎ আইসে, আমি তেমন
হঠাৎ হইব উপস্থিত.

২ দশটীর মধ্যে পাঁচটীমাত্র
ছিল সত্য বুদ্ধিমান ;
পাঁচটীর নাহি তৈলপাত্র,
তাদের তৈলের অকুলান.
অনেকে নিমন্ত্রিত বটে,
অল্পই কিন্তু মনোনীত ;
পাছে সেই দশা ঘটে,
প্রদীপ রাখ প্রজ্জ্বলিত.

৩ যেন নাহি থাকি ভ্রান্ত,
প্রাণটী যেন না হারাই ;
অর্দ্ধেক পথে শ্রান্ত ক্লান্ত,
যেন নিদ্রা নাহি যাই,
ওহে প্রভো, তেঁই কারণ
চেতন রাখ আমারে ;
আত্মাদ্বারা কর শাসন,
অঞ্জন দাও চক্ষুতে.

C. B.

১৮

(Luther's)

১ কি ভীষণ ব্যাপার উপস্থিত !
সব সৃষ্টির হইবে ধ্বংস ;
বিচারক হইবেন প্রকাশিত,
কাঁপিবে মানব বংশ
দূতগণের তুরী বাজিবে,
তায় মৃতলোক সব উঠিবে
হইয়া সচকিত অন্তর.

২ শ্বেত-সিংহাসনে বসিয়া
নরেশ্বর করেন বিচার ;
সব লোকের কর্ম্ম দেখিয়া
ন্যায় আজ্ঞা করেন প্রচার ;
তাঁর ভক্তগণ না করে ভয়
দেখিয়া মুক্তির শুভোদয়,
রাজাকে করে প্রণাম.

৩ কি দারুণ গতি ! মনোদুঃখ
পায় তখন দুষ্ট জনে,
যে পাপকে ভাবে প্রিয়সুখ,
ও প্রেম না করে মনে ;
শাপগ্রস্ত লোকে দূরে যাও
ও অগ্নিকুণ্ডে পতিত হও—
এই হইবে বিচার আজ্ঞা.

৪ খ্রীষ্ট য়েশূর যে বিশ্বস্ত দাস,
কি শুভ তাহার গতি !
তার নিত্য হইবে স্বর্গবাস,
গৌরবে পাইবে স্থিতি ;
সব আইস প্রজা ভক্তিমান,
স্বর্গীয় সুধা কর পান ;
তা হইবে প্রভুর উক্তি.

A. S.

১৯

পাপির তরে দয়া কর্য়ো, যিনি দিলেন জীবন।
পুনর্ব্বার আসিতেছেন, করি মেঘে আরোহণ॥

১ শত শত সাধুগণ, তাঁহাকে করি বেষ্টন,
জয়োল্লাসে পরিপূর্ণ, করিতেছেন ত্রিভুবন ;

২ কম্পিত সব থর হরে, ভয়ঙ্কর রূপ হেরে,
তাঁকে ক্রুশে হতকারী, দেখি করি'ছে রোদন

৩ প্রেকের চিহ্ন হাত পায়, প্রকাশিত দিব্যকায়, ;
তাহা ভক্তগণ দেখে, হয় উল্লাসিত মন ;

৪ পূজ্য হও সবার স্থানে, বৈস নিজ সিংহাসনে,
লহ নিজ রাজ্যভার, পাল তব প্রজাগণ ;

B. C. C.

মলাখি ৩; ১।

২০

8. 7.

১ আইস, আইস, প্রভু খ্রীষ্ট
তব দীপ্তি যেন পাই।
তুমি আমাদের অভীষ্ট,
মুক্তিদাতা অন্য নাই।

২ ইস্রাএলের রাজা তুমি,
পুণ্যদায়ি ত্রাতাবর।
সর্ব্বজাতির আশাভূমি,
দুঃখীর অতি শান্তিকর।

৩ প্রজাবর্গ তরে জাত,
শিশুভাবে অবতার।
য়েশু নামে হইয়া খ্যাত,
প্রকাশিলা প্রীতি সার।

৪ প্রভু আমাদেরই মনে,
সদা অধিকারী হও।
আমাদিগকে তব গুণে
আপন সন্নিধানে লও।

R. P. G.

২১

রাগিণী বেহাগ, তাল আড়া।

এস ওহে ত্রাণপতি য়েশূ নরেশ্বর।
আঁধার ভবের তুমি নিত্য প্রভাকর।

তব আগমন তরে আশাপূর্ণ হয়ে নরে
ডাকিছে তোমায়; নাথ! এস হে সত্বর।

১ অন্ধকারময় ভব পাইলে দর্শন তব,
হইবে আলোকপূর্ণ; ওহে ত্রাণাকর।
জানি হে, কেবল তুমি জগতের আশাভূমি;
তাই তব আশে পূর্ণ হয়েছে অন্তর।

২ কর দুঃখ বিমোচন; তার পাপী অভাজন
তারণ কারণ তুমি; ওহে প্রাণেশ্বর।
ধন্য ধন্য তব নাম ওহে য়েশূ গুণধাম
গাইব তোমার কীর্ত্তি যুগ যুগান্তর।

J. B.

২২

মানবরূপী হইলেন জ্যোতীশ্বর,

আইলেন নাশ করিতে অন্ধকার।

১ আদম হবা ছিল দুই জনা,
তারা ঈশ্বর আজ্ঞা লঙ্ঘন করিল পাইয়া মন্ত্রণা
ও ভাই সেই অবধি এই জগতে ব্যাপ্ত হইল পাপ আঁধার।

২ উঠ উঠ ওহে বন্ধুগণ,
এই যে নিদ্রা ঘোরে থাক কেন হয়ে অচেতন,
ও ভাই চেয়ে দেখ, ধর্ম্মসূর্য্য উদয় আমাদের উপর।

৩ এখন নিশি পোহাইয়া গেল,
এই যে খ্রীষ্ট বাণী সুসমাচার বেজ্যে উঠিল,
ও ভাই ঘুমাইয়া আর থেকো নাক, শুন তুরীর বাদ্য তাঁর।

৪ এখন শুন ওহে বন্ধুগণ,
এই যে নিদ্রার বশে না থাকিয়া কার্য্যেতে দেও মন,
ও ভাই অন্ধকার ত্যাজ্য করে্য খ্রীষ্টের মরণ কর সার।

B. M. B.

২৩

ঘোষণা হইতেছে ঐ, প্রভু য়েশূর আগমন
তম আশা ত্যাজ্য কর জ্যোতির সন্তানগণ।

১ মুগ্ধ কেন আছ ভবে, সচেতন হও সবে ;
মন আঁধার দূরে যাবে, খ্রীষ্ট ভানু উদ্দীপন।

২ ক্ষমা শান্তি দান জন্যে, ডাকিছেন পাপিগণে,
কর খেদান্বিত মনে, তাঁর সমীপে গমন !

৩ আসিবেন পুনর্ব্বার, করিতে মহাবিচার
ভয়ে ভীত এ সংসার, হইবে সবে তখন।

৪ সেই ভয়ঙ্কর দিনে, যেন তাঁহার দক্ষিণে
স্থান পাই অবসানে, মোরা অকিঞ্চন জন।

B. C. C.

খ্রীষ্টের জন্ম।

১ য়োহান ৫; ২০। **২৪** 8. 7.

১ আইলেন দেখ স্বর্গপতি,
ধরাতলে অবতার।
করেন নরবংশ প্রতি
অনুগ্রহ চমৎকার।

২ আইলেন তিনি শান্তিকারী,
নিতে পাপ ও মৃত্যু ভার।
প্রভু য়েশূর অনুচারী
দুঃখ সিন্ধু হবে পার।

৩ আইলেন তিনি মহাজ্যোতি,
নাশিবারে অন্ধকার।
যেথা জ্বলে সেই দ্যুতি,
সেথা নাহি রাত্রি আর।

৪ আইলেন তিনি জীবন দাতা,
মৃত্যু করিতে সংহার।
নরগণের হইয়া ত্রাতা,
ঊর্দ্ধে দিবেন অধিকার।

৫ ওহে য়েশূ, ত্রাণনিধি,
তুমি সত্য, তুমি সার।
শীঘ্র হবে তোমার বিধি
সর্ব্ব ভূমিতে প্রচার।

R. P. G.

লূক ২; ১৪। **২৫** 7. 7.

১ শুন, স্বর্গ দূতের রব,
নবজাত রাজার স্তব।
ঊর্দ্ধে প্রভুর মহিমা,
ভূতলে প্রসন্নতা।
উঠ সর্ব্ব জাতিগণ,
হর্ষে কর আরাধন।
কথা করিও প্রচার,
ঈশ্বর হইলেন অবতার।

২ যিনি স্বর্গে পূজিত,
সদাকালের অধিপ।
তিনি পূর্ণ সময়ে
জন্মেন এই জগতে।
নিতে পাপ ও দুঃখভার,
হইলেন তিনি নরাকার
মর্ত্যলোকে মর্ত্য সাথ
প্রবাস করেন যেশূ নাথ।

৪ আইস, ধন্য শান্তিরাজ,
সিদ্ধ কর তব কাজ।
তুমি সত্য দিবাকর,
ধর্ম্মভানু মনোহর।
আপন মহাবলেতে
ধ্বংস কর সর্পকে।
নরবংশে রাজ্য লও,
মৃত্যু হইতে জীবন দেও।

R. P. G.

২৬

7. s.

১ দাবিদনগর সমীপস্থল,
যথায় ছিল মেষের পাল,
চৌকি দিতে রাখালগণ
নিশি করে জাগরণ ;
হেন কালে স্বর্গদূত
হঠাৎ হইলেন আবির্ভূত.

২ তখন হইল দিনের ন্যায়
চতুষ্পার্শ্বে দীপ্তিময়,
তাহা দেখি রাখালগণ
হইল অতি কম্পমান,
কিন্তু তখন দূতে কয়
"তোমরা নাহি কর ভয়"

৩ আমি দেই সমাচার
আহ্লাদ জনক সবাকার,
"অদ্য দাবিদ নগরে,
জীবন দিতে পাপিরে,
য়েশূ নামে স্বর্গের নাথ
জন্মিয়াছেন শিশুবৎ"

৪ "ওহে প্রিয় রাখালগণ,
তাঁকে কর অন্বেষণ ;
তিনি বস্ত্রে জড়িত কায়
শুয়্যা আছেন গোশালায় ;
গিয়া সন্ধান পাইলে পর
কর সবে সেবা তাঁর"

৫ ইতিমধ্যে আচম্বিত
হইল তথায় উপস্থিত
দূতের সঙ্গি সম্প্রদায়,
তারা ঈশ্বর স্তুতি গায়;
শুনি তাদের সেই গীত
রাখাল হইল পুলকিত.

৬ ঈশ্বর অতুল ক্ষমাধার
হইলেন মানুষ অবতার;
তাঁহার গৌরব বিশ্বময়
পূর্ণভাবে হউক উদয়,
"যেন পৃথ্বী শান্তি পায়,
এবং নরের কল্যাণ হয়"

৭ এখন সর্ব্ব পাপিগণ
হৃষ্ট থাক অনুক্ষণ.
ঈশ্বর অসীম কৃপাবান
এখন আছেন বিদ্যমান;
কর নিত্য স্তুতি তাঁর,
তাঁকে ভুল নাহি আর,

P. B.

২৭

7. s.

১ গৌরবান্বিত মহারাজ,
নবজাত ভবমাঝ;
শুন, স্বর্গ্য সেনাগণ
করিতেছে সঙ্কীর্ত্তন।

২ শান্তি, কৃপা, প্রকাশ পায়,
নরে প্রভুর প্রীতি হয়,
সর্ব্ব দেশের মানব সব,
উঠ, কর জয় জয় রব।

৩ দূতের শুভ সমাচার
কর সর্ব্বত্র প্রচার;
জন্মস্থান তাঁর বেথলেহেম,
আহা, কিবা অদ্ভুত প্রেম!

৪ আপন বিভব ত্যজিলেন,
নরের তরে জন্মিলেন;
তাতে আমরা জীবন পাই,
নূতন জন্ম প্রাপ্ত হই।

C. W. L.

২৮

আজি কি হেরিলাম অপরূপ জ্যোতিঃ বিমানে!
(স্বভয় পরাণে)
দলে দলে দিব্য দূত ফিরিতেছে গগনে।

১ আহা! কি অপূর্ব্ব ধ্বনি কিন্নরের মুখে শুনি;
"পরিহর ভয়, জানি সুদিন উদিত দীনে।"

২ "দাবিদনগরে আসি পরকাশি য়েশূ মশী,
নরকুলপাপ নাশি তারিতে পাতকীগণে."

৩ কি আনন্দ সমাচার হইল আজি প্রচার
জয়োল্লাসে গাও তাঁর প্রেমগুণ হৃষ্টমনে;

৪ স্থানে স্থানে দূতদল গায় মানবমঙ্গল;
"ঊর্দ্ধেতে ঈশ্বরের বল, সুখ শান্তি এ ভুবনে।"

৫ অতএব ভ্রাতৃগণে মিলি সহ দূতগণে
গাই সুমধুর তানে, প্রভুর জনম দিনে।

২৯

রাগিণী জয়জয়ন্তি। তাল চৌতাল।

আজি ভূমে কিবা শুভ দিন! দেবগণে বলে,
ধন্য ঈশ-নাম! প্রেমে য়েশূ-জন্ম ভূমণ্ডলে।

১ আজি নরগণ-প্রতি প্রকাশ কিরূপ প্রীতি!
নিজে দিবা-পতি-পতি উদিত অবনি-তলে।

২ কিবা সেরূপ কিরণ প্রবেশে ক্ষণে গগন!
হেরিয়া গণকগণ আসি' পড়ে পদ-তলে।

৩ আজি কি আনন্দ! মনঃ, ঈশ্বর নিজ নন্দন
নর-তারণ-কারণ আগমন মহীতলে।

S. M.

৩০

চল গো রাখাল ভাইয়ে,
বেথলেহমে দেখিব যাইয়ে।

১ অনাদি কাল স্থিতি যাঁর, নির্গমন হইল তাঁর,
সেই য়েশূ মোদের উপর, উদয় হইলেন আসিয়ে।

২ পূর্ব্বলিখিত অনুসারে, দাবিদের স্বনগরে,
ভগ্ন কাঁধ উঠাইবারে, ত্রাণ কর্ত্তা জন্মেন আসিয়ে।

৩ পিতা আব্রাহামের প্রতি, যে দিব্য করাইলেন স্থিতি,
যোষেফকে প্রত্যক্ষ করি, ইস্রায়েলকে দেন তরাইয়ে।

৪ ইম্মানুয়েল নামে খ্যাত, ধর্ম্মাত্মাতে বালক জাত,
আশ্চর্য্যেতে এ লিখিত, পূর্ণ হয় ভাই দেখ গো চাহিয়ে।

৫ স্বর্গ পৃথ্বী যাঁর ডরে, কম্পিত হয় থরহরে,
নিজচক্ষে দেখিব তাঁরে, হাড়ঙ্গে রয়েছেন শুইয়ে।

৬ দাস যোঁয়ালে বন্দি নরে, প্রবল হস্তে তারিবারে,
দাবিদের নিজ ঘরে, ত্রাণের শৃঙ্গ দেন তুলিয়ে।

৭ সর্ব্বাধ্যক্ষের পুত্র বই, নর-তারক কেহ নাই,
সত্য জানিলাম এই, উচিত মোরা যাই গো ধাইয়ে।

B. M. B.

খ্রীষ্টের প্রকাশ ও তদ্রাজ্যের বৃদ্ধি।

৩১

P. M. 8. 7. 7.

১ উজ্জ্বল হও হে ভিন্নজাতি,
উজ্জ্বল হও য়েরূশালেম ;
উদয় হইল মহাজ্যোতি
ক্ষুদ্রপুরে বেথ্লেহেম.
জগৎ ত্রাতা নরেশ্বর
প্রকাশ হইলেন দিবাকর.

২ অরুণোদয় হইবার পুর্ব্বে,
ছিল জগৎ তিমিরময়,
দীপ্তি বিহীন ছিল সর্ব্বে ;
এখন শুভ দীপোদয়.
ত্রাণের দিন মধ্যাহ্ন ন্যায়
সকল দেশে প্রকাশ পায়.

৩ আইলেন আপন অধিকারে,
প্রভু নম্র ভাবেতে.
প্রজাগণ না ইচ্ছা করে
তাঁকে গ্রহণ করিতে.
করে তিমির অনুরাগ,
দীপ্তি করে পরিত্যাগ.

৪ উদ্ধার কর্তে ইচ্ছা যাঁহার
তোমা আমা সকলকে,

প্রেম না কর তুচ্ছ তাঁহার,
গ্রাহ্য কর তাঁহাকে.
আইস তাঁহার দীপ্তিতে,
ত্রাণ জ্ঞান পাইবা মনেতে.

৫ সবাই আইস তাঁহার নিকট,
কর্য়ে প্রণাম দণ্ডবৎ,
তাঁহার শিরে দেহ মুকুট,
রাজা প্রজা উচিত মত,
পণ্ডিত যেমন দিলেন ধন,
তেমন তোমরা দেহ মন.

J. G. L.

লূক ২ ; ২৯। ## ৩২ 8. 7. 4.

১ আহা! কেমন শুভদর্শন
য়েরূশালেম মন্দিরে!
যথায় য়েশু জগত্তারণ
ক্ষুদ্র শিশু শরীরে।
দেখে তথায়, তৃষিত নয়ন,
চিরবাঞ্ছিত্ ত্রাতারে।

২ আশার ধনে হস্তে পাইল
তথায় বৃদ্ধ শিমিয়ন,
মহানন্দে ক্রোড়ে লইল,
শীতল করি' দগ্ধ মন!
জীবন এখন, সার্থক হইল,
বক্ষে করি' খ্রীষ্টধন।

৩ শ্রীমুখ হেরি' জুড়ায় নয়ন,
কহে সাধু বৃদ্ধকায়,—
"প্রভো, তোমার দাসকে এখন
কর কুশলে বিদায়;
দেখিয়াছে, আমার নয়ন,
প্রভো, তোমার ত্রাণোপায়।"

৪ আহা! শিমিয়নের মতন
আমার ভাগ্য যেন হয়,
যেন, প্রভো, আমার নয়ন
নিত্য তোমার দর্শন পায়.
তোমার প্রেমে, আমার জীবন,
সদানন্দে মগ্ন রয়।

J. B.

মথি ২; ৬। ৩৩ 8. 7.

১ পৃথিবীতে কত নগর
বৃহৎ এবং মনোরম।
কিন্তু তোমায় জানি শ্রেষ্ঠ,
ওহে ক্ষুদ্র বেথ্‌লেহম।

২ কারণ সেই মহাপ্রভু
তোমা মধ্যে জন্মিলেন।
যিনি স্বীয় প্রজাবর্গ
নিত্য রক্ষা করিবেন।

৩ রাত্রিকালে কত জ্যোতি
গগনে সুরম্য হয়।
কিন্তু প্রভুর জন্ম তারা
আরও রম্য দেখা যায়।

৪ বিদেশীয় প্রাজ্ঞগণে,
ঐ নক্ষত্র দর্শনে।
হৃষ্ট চিত্ত হইয়া পাইল
জগত্রাতা য়েশূকে।

৫ ওহে শুন, তাবৎজাতি,
স্বর্গদত্ত সমাচার।
প্রভু য়েশূর নিকট আন
ভক্ত মনের উপহার।

R. P. G.

৩৪

য়েশু, অন্য রাজা না রহুক এ ভুবনে,
তোমার রাজ্য হউক প্রভু দিনে দিনে.
য়েশূ, ছাড়ি' স্বর্গস্থান, মর্ত্যলোকে আগমন
করি' বসেছ রাজ-সিংহাসনে.

১ য়েশূ, অধর্ম্মের যে ছিল বিধি,
তুমি সে সকল করি' নাশ, করি' ধর্ম্ম প্রকাশ,
স্থাপন করলে আপন নীতি.
য়েশূ, জগতের যত মত ত্যজি' একই পথ,
তুমি করেছ মানুষের কারণে.

২ তোমার রাজ্যে নাহি কোন্ অত্যাচার;
তোমার সবই সুমন্ত্রণা, পাপকে কর ঘৃণা;
যাথার্থ্যে কর সুবিচার.
তোমার দেখিয়া সুশাসন, সকল প্রজাগণ
পাবে পরিত্রাণের ভরসা মনে.

৩ য়েশু, কিবাশ্চর্য্য তোমার মহিমা!
এ মঙ্গল সমাচার, শীঘ্র হবে প্রচার।
পৃথিবীর যত দূর সীমা.
পূর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিণ, (জাতি যত প্রকার)
তোমার গুণগান গাবে বদনে

B. M. B.

৩৫

রাগিণী ছায়ানট। তাল, ঝাঁপতাল।

নিজ রাজ্য বাড়াও, হে কৃপাময়;
এ জগৎ যেন প্রভুর শীঘ্র হয়.

১ খ্রীষ্টের রাজ্যের আগমণে প্রফুল্লিত পাপিগণে;
সবে মিল্যে বলে "য়েশূ মৃত্যুঞ্জয়!"

২ য়েশূর আগমন হয়, দেবদেবী লোপ পায়;
স্বর্গমর্ত্ত্যের, য়েশূ, হও মহাশ্রয়.

৩ যত পাপী অপরাধী, তারা হয়্যে সুপ্রবোধী
হরিষে বলিছে "প্রভু য়েশূর জয়!"

৪ গৌরব,সম্মান,স্তব ও স্তুতি হউক,প্রভু,তোমার প্রতি;
সর্ব্ব স্থানে আইস, য়েশূ প্রেমময়!

C. M. B.

৩৬

8. 7.

১ প্রভু যেশু, আপন রাজ্য
সর্ব্ব জগতে বাড়াও ;
তোমার পরিত্রাণের কার্য্য
সকল লোকেরে জানাও.

২ ধ্বংশ কর দেবের পূজা,
দেবমূর্ত্তি ভগ্ন হউক ;
তুমি সকল লোকের রাজা,
সবে তোমার শরণ লউক.

৩ যে পর্য্যন্ত তোমার স্তুতি
না সর্ব্বত্রে করা যায়,
সকল প্রাণী তোমার প্রতি
হৃষ্টমনে গীত না গায়,

৪ তাবৎ শয়তান কর বারণ
যুদ্ধে হইয়া অগ্রসর,
হস্ত করিয়া প্রসারণ
আপন দাসে দিও বর.

৫ তুমি বিশ্বের অধিপতি,
সত্বর আপন রাজ্য লও ;
স্বর্গতুল্য কর ক্ষিতি,
তুমি সর্ব্বের রাজা হও.

C. M. B.

যিশায়াহ ৯ ; ২। **৩৭** 8.7. double.

১ উঠ, উঠ, সর্ব্বজাতি,
ভাঙ্গ মহানিদ্রার ঘোর ;
হের উদয় ত্রাণজ্যোতিঃ !
কালনিশি হইল ভোর।
ক্ষুদ্রপুরী বেথলেহেমে
প্রকাশ হইল দিবাকর ;
আপন অসীম নিত্য প্রেমে
অবতীর্ণ ত্রাণেশ্বর।

২ অরুণোদয় হইবার পূর্ব্বে
ছিল জগৎ আন্ধারময় ;
দীপ্তিবিহীন ছিল সর্ব্বে,
এখন শুভ দিনোদয় !
ধর্ম্মভানু পূর্ণদীপ্তি
এখন বিশ্বে হয় উদয় ;
অন্ধকারাচ্ছন্ন ক্ষিতি
হইল দিব্য দীপ্তিময়।

৩ আহা ! কি সুমধুর ধ্বনি—
য়েশু নামে পরিত্রাণ !
ধন্য য়েশু গুণমণি,
তাঁহার নামে জুড়ায় প্রাণ।
শুন, শুন, তাবৎ জাতি,
শুন শুভ সমাচার।
গ্রহণ কর খ্রীষ্টজ্যোতিঃ,
ঘুচাও চিত্তের অন্ধকার।

J. B.

মথি ২ ; ২। **৩৮** 8.7.

১ আহা! কিবা অদ্ভুত লক্ষণ
শূন্যমার্গে দেখা যায়!
মহারাজের জন্মগ্রহণ
নব তারায় প্রকাশ পায়।

২ পূর্ব্বদেশের পণ্ডিতগণে
করি' রাজার অন্বেষণ,
ক্ষুদ্রপুরী বেথ্‌লেহেমে
পাইল তাঁহার দরশন।

৩ আহা! কিবা সুন্দর শোভা
হেরে তারা গোশালায়!
বিশ্বমোহন পূর্ণপ্রভা
যাবপাত্রে দেখ্‌তে পায়!

৪ হেরে তারা জুড়ায় নয়ন,
প্রণাম করে শিশুর পায়।
বহুমূল্য উপঢৌকন
হৃষ্টমনে দিল তাঁয়।

৫ আইস, সবে নম্রমনে
রাজায় করি প্রণিপাত;
তাঁহার গুণ সঙ্কীর্ত্তনে
মগ্ন রহি দিবারাত।

J. B.

৩৯

যেশূ সর্ব্বদেশে কর অধিকার,
যে কিছু ভূতলে পদতলে হে তোমার।

১ তুমি স্বর্গ মর্ত্ত্যের রাজা, সবাই করুক তোমার পূজা,
দেবের বশ না হইয়া ত্যজুক অত্যাচার।

২ পাষণ্ডতা তব নামে, না হয় যেন কোন গ্রামে,
সর্ব্বধামে যেশূর নাম হউক জয় জয় কার।

৩ তুমি হে জগৎপতি, সবার হউক তোমাতে মতি,
আর যেন কেহ নাহি, করে ব্যভিচার।

৪ কর প্রেমানন্দ দান, সবে করুক তোমার গান,
ধর্ম্ম আলো দিয়া নাশ মনের অন্ধকার।

৫ এ দেশীয় লোকের প্রতি, সদয় হও শীঘ্রগতি,
কালের নিগড় কাটি, করহ উদ্ধার।

৬ তব রাজ্যে সদা সুখ, বিনাশে অনন্ত দুঃখ,
পাপপীড়া মরণের হয় প্রতীকার।

B. M. B.

৪০

রাগিণী ললিত,—তাল আড়াঠেকা।

কালনিশি পোহাইল ত্রাণসূর্য্য আগমনে;
পুলকিত পাপিগণ শুভ এই বার্ত্তা শুনে।

১ য়েশূ খ্রীষ্টের কৃপায় অন্ধজনে দৃষ্টি পায়;
মুকে স্তবগীত গায়; আনন্দ মর্ত্ত্য ভুবনে!

২ দেবদর্প পাপাচার, অজ্ঞান তিমির আর
হেরি' য়েশূ দিনকর তিরোহিত প্রতিক্ষণে।

৩ পুণ্যকর বিস্তারিত; দীনজন উল্লাসিত!
স্বর্গদ্বার উদ্ঘাটিত প্রেমনিধিপ্রেমগুণে।

৪ য়েশূনামে হ'ল ভোর, ঘুচিল ঘুমের ঘোর;
দুরাত্মার গেল জোর; সচেতন জগজ্জনে।

C. S.

উপবাস ও পাপস্বীকার।

গীত ১৩০; ১।

৪১

P. M.

১ হে প্রভো, শোকে মগ্ন রই;
শুনিও আমার উক্তি;
তোমাতেই আমি শরণ লই;
আর কোথায় পাইব মুক্তি?
মানবের পাপ ও প্রত্যবায়
বিচারে যদি ধরা যায়,
কে কে এড়াইবে দণ্ড?

২ হে প্রভো, আমি যোগ্য নই
যে তুমি হও প্রসন্ন;
হায় কত রূপে দোষী হই,
ও কত পাপাপন্ন!
তোমার যে দয়া অতিশয়,
তন্মাত্রে আমার আশা রয়;
দয়াতে আমি বাঁচি.

৩ মোর পাপের যত পরিমাণ,
ততোধিক য়েশূর পুণ্য;
তাঁহাতে মম পরিত্রাণ,
সমর্থ নাহি অন্য.
তাঁর অঙ্গীকৃত করুণা
আমারে দেয় সুসান্ত্বনা;
তাঁর করিব প্রতীক্ষা.

R. P. G.

৪২

8.7. 8.7.

১ পাপ ও শয়তান হইতে তুমি
আমার অতি দীনহীন প্রাণ
আপন কষ্টের মৃত্যু গুণে
করিয়াছ পরিত্রাণ;
তোমার অসীম দয়ায় আমি
এই কথা নিশ্চয় জানি,
তবে কেন সর্ব্বদাই
পাপের বলে কাতর রই?

২ আমার মধ্যে ভাল বিষয়
কিছু নাহি দেখা যায়,
পাপকলঙ্কিত আমার হৃদয়
আচার সকল দূষিত হয়,
আহা! রক্তমাংসের শাসন,
এবং ভালবিষয় সাধন,
তাহা কর্ত্তে পারি না
নাহি আমার ক্ষমতা.

৩ আমার দোষের কত গণন
ইহা আমার বোধও নাই,
কারণ আমার অন্তঃকরণ
পাপের ত্রাসে ক্ষুণ্ণ হয়.
আমার বলও হইল লুপ্ত,
ক্ষমা কর যাহা গুপ্ত,
যাতে জ্বালাই তোমার কোপ
তাহা প্রভু ক্ষম সব.

৪ য়েশু তোমার রক্তের পুণ্যে
আমার অপরাধের ক্ষয়.
তাহা আমার প্রাণের জন্যে
যেন নিষ্ফল নাহি হয়.
সহ্য কর্য়ো অসীম ক্ষত
ক্রুশে পাপের তরে হত,
এখন যেন আমি তায়
পূর্ণরূপে সুস্থ হই.

C. B.

৪৩

রাগিণী সিন্ধু, তাল মধ্যমান।

ওহে নাথ দয়াময়, করি নিবেদন;
কাতরে তোমারে ডাকি, শুন মম আকিঞ্চন.

১ শোকেতে নিমগ্ন হয়্যে, ধরি তব ও দুপায়ে;
সুশীতল কর মম পাপসন্তপ্ত জীবন.

২ করিতেছি অনুতাপ, আমার অসংখ্য পাপ
নিজ অসীম দয়াতে কর নাথ বিমোচন.

৩ তুমি যদি ধর পাপ, এড়াবে কে অভিশাপ?
তব কোপানলে পুড়ে দগ্ধ হবে এ জীবন,

৪ এ হেন পাপীর লাগি' হয়েছ স্বরগত্যাগী,
আমারই পাপের তরে ক্রুশে সহিলা মরণ.

৫ তাহাতে বিশ্বাস করি' তব ও চরণ ধরি;
তব ক্রুশ রক্তে নাথ ধৌত কর পাপ মন।

J. B.

লূক ১৫; ১৮। **৪৪** 8.7. 8.7. 7.7.

১ প্রভু, আমি স্বীকার করি
মম সকল দোষ ও ভ্রম।
কোথা গিয়া আশা ধরি ?
কে বা দিবে উপশম ?
পদে পদে দণ্ড ভয়
মনে লাগে অতিশয়

২ ওহে পিতা অনুগ্রাহি,
শুন মম প্রার্থনা।
পুত্র নামের যোগ্য নহি,
তবু করি ভরসা
য়েশূর পুণ্য রুধিরে
ধৌত কর আমাকে।

৩ মম ঋণের পরিশোধে
হৈলেন তিনি বলিদান।
প্রভু, তাঁহার অনুরোধে
মুক্ত কর মম প্রাণ।
নিত্য আপন আত্মাকে
রাখ আমার অন্তরে।

R. P. G.

লূক ১৮ ; ১৩।

8৫

7.s.

১ কৃপাসিন্ধু নরেশ্বর,
শুন চিত্তের আৰ্ত্তস্বর ;
অতি অস্থির আমার প্রাণ ;
আমায় কর শান্তিদান.

২ অতি ব্যাকুল আমার মন,
আমি পাপী অভাজন,
তোমা বিনা কোথা আর
আশ্রয় পাইবে মন আমার !

৩ তুমি যদি ধর পাপ
এড়াইবে কে অভিশাপ ?
ক্ষম আমার প্রত্যবায়
ওহে য়েশূ পুণ্যময়.

৪ তোমার রক্তে করি' স্নান.
শীতল করি তাপিত্ প্রাণ.
দূরে যাবে যাতনা,
পাইব চিত্তে সান্ত্বনা.

৫ দীনবন্ধু য়েশূ হে,
রক্ষ আপন বাহুতে ;
তোমার চরণ করি সার,
কর দুঃখের প্রতীকার.

J. B.

গীত ২৫;৭। **৪৬** 7.7.

১ যখন আমার মনে হয়
পাপের হেতু শোক ও ভয়।
শয়তানাদি শত্রুগণ
যখন করে আক্রমণ।
তখন, প্রিয় য়েশূ হে,
স্মরণ কর আমাকে।

২ জগৎ হইতে যে সময়
তাড়না ও নিন্দা হয়
যখন ঘটে ক্লেশ ও রোগ।
কিম্বা ভারি দুঃখ ভোগ।
সেই কালে, প্রভু হে,
স্মরণ কর আমাকে।

৩ মৃত্যু যখন দিবে ভয়,
এবং দেহ পাবে ক্ষয়।
আরও যখন আসিয়া
তুমি রাজ্য লইবা।
তখন, মহাত্রাতা হে,
স্মরণ কর আমাকে।

R. P. G.

লূক ১৮; ২৩। **৪৭** S. M.

১ পাপিষ্ঠ আমি যে,
কে লইবে মম ভার!
আর এমন অপরাধীর কে
করিবে উপকার!

২ আমাতে স্বাস্থ্য নাই;
সর্ব্বাঙ্গে দোষ ও রোগ.
হায়! কোথা গেলে মুক্তি পাই
এড়াইয়া মৃত্যু-ভোগ!

৩ কৃপালু য়েশূ নাথ,
যথার্থ বলিদান,
তোমার যে হইল রক্তপাত,
তায় আমি করি স্নান.

৪ করিবা তুমি হে
সম্পূর্ণ উপকার;
পাপিষ্ঠ আমি তোমাতে
সমর্পণ করি ভার.

R. P. G.

৪৮

রাগিণী বারোঁয়া, তাল আড়াঠেকা।

কোথা যুড়াব জীবন !
কে করিবে অন্তরের জ্বালা নিবারণ !

১ করেছি অগণ্য পাপ, ভুগি তার অভিশাপ ;
কত আর মনস্তাপ সহিব এখন !

২ মরি ঘোর যন্ত্রণায়, বুঝি প্রাণ যায় যায় !
কি করিব ? হায় হায় ! গেলরে জীবন.

৩ য়েশু হে দুঃখ-নাশন, কর দুঃখ বিমোচন ;
করি এই নিবেদন ধরিয়ে চরণ.

৪ তুমি হেন পাপী-তরে, প্রাণ দিলে ক্রুশোপরে,
তব সেই রক্তে মোর শান্ত কর মন.

J. B.

৪৭

কিরূপে এড়াব নরক যন্ত্রণা !
য়েশূ হে, তোমায় করি প্রার্থনা.

১ য়েশূ, কর করুণা, আমার নিশ্চয় প্রার্থনা
আমি ভজন জানি না.
আছে ভ্রান্তি, দিয়া শান্তি, দূর কর কুমন্ত্রণা.

২ আমি ধর্ম্মজ্ঞান কানা, পাপ কর্য়েছি নানা,
কারও শুনি নাই মানা.
আমার মতন অচেতন দুরাচার কেউ হবে না.

৩ আমার অধর্ম্মপনা কভু গেল না,
মনে রইল ভাবনা.
বিচার দিনে তর্‌ব কিসে ? (য়েশূ) কর মোরে করুণা.

C. M. B.

খ্রীষ্টের দুঃখভোগ ও মৃত্যু।

যোহান ১৫ ; ১৩। ৫০ 7.6.

১ কে আছে যেশূর তুল্য ?
কে দিবে এমন দান ?
তাঁর মৃত্যুর অতি মূল্য
কিনিল মম ত্রাণ ;

২ তাঁর কলেবর বিদীর্ণ,
ও ক্রুশে বিদ্ধ হাত ;
তাঁর বদন দুঃখে শীর্ণ,
তাঁর চক্ষুর অশ্রুপাত ;

৩ তাঁর খেদ ও কাতরোক্তি,
তাঁর প্রাণ সমর্পণ ;
এ হইল তব মুক্তি,
না কভু ভুল মন ;

৪ হে যেশূ দীনবন্ধু,
হে অতি কৃপাবান ;
তোমার যে দুঃখসিন্ধু ;
তা সদা করি ধ্যান.

৫ এ সংসার করো ত্যাজ্য,
না যেন চাহি আর ;
তোমারই নিত্য রাজ্য,
হউক আমার অধিকার.

R. P. G.

৫১

8. 7. double

১ বিশ্বের কর্ত্তা স্বর্গের রাজা
ভোগেন মর্ম্মভেদী দুঃখ ;
তাঁহার অধম পামর প্রজা
তুচ্ছ করে তাঁহার মুখ ;
শুভ চরণ, প্রেমের হস্ত
বিদ্ধ হইল কাষ্ঠেতে ;
তাঁহার রক্তের স্রোত সমস্ত
পতিত হইল ক্রুশেতে.

২ আহা ! যিনি প্রেমের নিধান,
নরে তাঁরে করে নাশ ;
যিনি করেন জীবন বিধান,
মৃত্যু তাঁরে করে গ্রাস ;
হেরো এমন দুঃখের মূর্ত্তি
কাহার বুক না ফেটো যায় !
পাষাণ হৃদয় ! করো ভক্তি
দেখ সেই দয়াময়.

৩ প্রিয় য়েশূ মনের স্বামী,
কেন তোমার এত দুঃখ,
দারুণ ব্যথা, অতুল গ্লানি ?
কেন ম্লান তোমার মুখ ?
কেন রক্ত তোমার ঘর্ম্ম ?
কেন এত আর্ত্তস্বর ?
তোমার কি বিরুদ্ধ কর্ম্ম ?
কেন কাঁপে কলেবর ?

৪ হায়! হায়! আমার দারুণ পাপে
তোমার হইল দণ্ডভোগ;
আমার দোষের অভিশাপে
হইল তোমার প্রাণ বিয়োগ;
আমার বিলাস এবং গর্ব্বে
ক্ষত হইল তোমার বুক;
কন্টক বিন্ধে তোমার শিরে;
বিরস হইল তোমার মুখ.

৫ কোথায় হইল এমন ব্যাপার—
রাজা ভোগেন প্রজার শাপ,
সহ্য করেন দাসের প্রহার,
ভোগেন দুঃখানলের তাপ!
পালক স্বীয় পালের জন্যে
অর্পণ করেন তনু প্রাণ,
ছিন্ন হইলেন ব্যাঘ্রের দন্তে;
মেষগণ পাইলেন পরিত্রাণ.—

৬ য়েশূ, তোমার প্রেমের গর্ম্ম
নাহি ধরে বুদ্ধিতে;
তোমার অতুল দয়ার কর্ম্ম
রাখি চিরস্মরণে.
তোমার ক্রুশের বিনিময়ে
আর কি দিব উপহার?
দমন কর্‌ব রিপুচয়ে,
ইহা আমার অঙ্গীকার.

A. S.

———

৫২

7.s.

১ হের পুণ্য বলিমেষ !
চিন্ত খ্রীষ্টের দারুণ ক্লেশ ;
তাঁহার ধৈর্য্য ক্রুশেতে
কাহার সাধ্য বর্ণিতে !

২ হন্তা যখন করে বধ,
তাঁহার মনে নাহি ক্রোধ ;
নাহি করো ভর্ৎসনা,
দয়ায় করেন প্রার্থনা.—

৩ পিতঃ, অন্ধ তাদের বোধ ;
নাহি দিও প্রতিশোধ.
স্বেচ্ছায় আমি তনু প্রাণ
দিলাম এখন বলিদান.—

৪ হেরো স্রষ্টার মলিন মুখ
তাবৎ সৃষ্টি করে দুঃখ ;
গগনে হয় অন্ধকার ;
দূতগণ করে হাহাকার !

৫ য়েশূর প্রিয় জননী
হইলা ম্লানবদনী ;
হেরো পুত্রের হত কায়
অশ্রুজলে ভেস্যে যায় !

৬ শয়তান করে জয়োল্লাস ;
নরে করে পরিহাস ;
হইলে রাজার মুখ নিরস,
প্রজা দিল অম্লরস.

৭ য়েশূ পুণ্য বলিমেষ,
তোমার প্রেমের গুণ অশেষ.
গ্রাহ্য কর আমার মন,
তোমায় করি সমর্পণ.

A. S.

৫৩

7.s.

১ য়েশূ সহেন পাপের ফল,
মনে জ্বলে দুঃখানল ;
পিতা হইলেন অন্তর্হিত !
নরক হইল উপস্থিত.

২ হেন কালে আর্ত্তস্বর
শুনা গেল ভয়ঙ্কর:—
আমার ঈশ্বর দয়াবান,
নাহি ত্যজ আমার প্রাণ !

৩ সহিতে না পারি আর,
ত্বরায় কর উপকার ;
ভয়ে আমি অভিভূত ;
নাহি ত্যজ আপন সুত.—

৪ পিতা করেন কর্ণপাত,
সাঙ্গ করেন দুঃখরাত;
রবি দেখায় দীপ্তির হেম,
য়েশূ দেখেন পিতার প্রেম.

৫ কষ্ট হইল অবসান,
সিদ্ধ হইল পরিত্রাণ.
য়েশূ পিতার হস্তেতে
আত্মা দিলেন শান্তিতে.

৬ যখন ত্যজেন আপন প্রাণ,
তখন ধরা কম্পবান.
শত্রু হইল লজ্জান্বিত;
শয়তান হইল পরাজিত.

৭ য়েশূর মৃত্যু মৃত্যু নয়,
জীবন তাতে লভ্য হয়;
য়েশূর তিক্ত কঠোর ক্রূশ
আমার পক্ষে হয় পীযূষ.

A. S.

৫৪

8.7. 7.7.

১ য়েশূ খ্রীষ্টে কর স্মরণ,
যিনি স্বর্গ ত্যজিলেন;
রক্তমাংস কর্‌তে গ্রহণ
মর্ত্ত্য ধরায় নামিলেন;
হইলেন তোমার তুল্য নর,
তাঁকে চিন্ত নিরন্তর.

২ য়েশূ খ্রীষ্টে কর স্মরণ,
যিনি দুঃখে ভ্রমিলেন;
দারুণ নিন্দা, ক্রুশে মরণ
তোমার জন্যে সহিলেন;
সাধিবারে তোমার ত্রাণ
আপনি হইলেন বলিদান.

৩ য়েশূ খ্রীষ্টে কর স্মরণ,
যিনি জীবন আনিলেন;
ছেদন করি নরক বন্ধন
কবর হইতে উঠিলেন;
পাপ ও মৃত্যু করেন জয়
যেন তোমার শান্তি হয়.

৪ য়েশূ খ্রীষ্টে কর স্মরণ,
স্বর্গে যিনি উঠিলেন;
প্রস্তুত কর্‌তে তোমার ভবন
পিতার পার্শ্বে বসিলেন;
তাঁহার কাছে পাইলে স্থান
সুখের না হয় অবসান.

৫ য়েশূ খ্রীষ্টে কর স্মরণ,
যিনি ত্বরায় আসিবেন;
শত্রুদিগকে করে্য দমন
নরের বিচার করিবেন;
তোমার পাপের হইলে ক্ষয়
নাহি হইবে বিচার ভয়.

৬ য়েশূ, তোমার দয়াগুণে,
প্রদান কর এই বর;
যেন তোমার প্রেমের ধ্যানে
রত থাকি নিরন্তর;
এবং হইলে মৃত্যুরাত
স্মর আমায় হৃদয়নাথ.

A. S.

৫৫

7.6. double

১ কি এমন সদয় ত্রাতায়
কদাচ ভুলিব?
কি এমন জীবন দাতায়
অপ্রেমে ছাড়িব?
আমার উন্নতির কারণ
তাঁর হইল অপমান;
মোর অপরাধ নিবন্ধন
ত্যাগ করেন তনুপ্রাণ.

২ পাপমায়ায় হইয়া মোহিত
কি তাঁরে দিব দুঃখ ?
যে পাপে ছিলেন ব্যথিত
কি তাহে ভাবি সুখ ?
মোর জন্যে যিনি ক্রুশে
স্বরক্ত করেন পাত,
না কোন সুখ বা ক্লেশে
ত্যাগ করি তাঁহার হাত.

৩ স্বপ্রেমের দিলেন প্রমাণ
তাঁর রাত্রিভোজনে ;
আমারে করেন আহ্বান
তাঁর শরীর ভক্ষণে.
তাঁর প্রীতিসুধাপানে
মোর আত্মা আপ্যায়িত্ !
ও তাঁহার অধিষ্ঠানে
পাই অবিনাশ্য হিত.

৪ হে প্রভো, যাবজ্জীবন
এইমাত্র মানি সার,
তোমারই দুঃখ ও মরণ
না কভু ভুলি আর ;
আর যখন বিলাসজালে
পাপাত্মা ভুলায় প্রাণ,
তোমারই ক্রুশের তলে
লই তখন আশ্রয় স্থান.

A. S.

৫৬

রাগিণী মুলতানী টোড়ী—তাল মধ্যমান।

আহা মরি কিবা হেরি অভিশপ্ত ক্রুশোপরে !
ত্রাণপতি ক্রুশবিদ্ধ শোণিতাক্ত কলেবরে !

১ বিশ্বনাথ প্রভু যিনি, আজি ক্রুশে হত তিনি ;
ত্রিভুবন-নৃপমণি সমর্পিত শত্রুকরে !

২ কণ্টককিরীট শিরে, দেহ প্লাবিত রুধিরে ;
অপার দুঃখের ভারে তাঁর হৃদয় বিদরে.

৩ দেখ হে পাতকী নর, অভিশপ্ত ত্রাণেশ্বর
করিছেন আর্ত্তস্বর পিতৃমুখ নাহি হেরো.

৪ তাঁর ক্রুশমৃত্যুগুণে পশিব নিত্য জীবনে.
সঁপি প্রাণ সে চরণে যাব সেই স্বর্গপুরে !

J. B.

৫৭

রাগিণী জয়জয়ন্তি— তাল একতালা।

(আজি) কি হইল বল রে বল !
দেখ্যে হইল সজল আঁখি যুগল.

১ কণ্টকমুকুটে বিদীর্ণ মস্তকে,
হস্তপদ বিদ্ধ অয়সকীলকে,
ক্রুশে আরোপিত, দেখ রে, অই কে !
বলে "ক্ষম, পিতঃ, মমারি দল.

২ (দেখ) পিতার বর্জ্জন কারণে এমন
হইল কাহার বিষণ্ন বদন ?
যা হেরি' অরুণ ঢাকিয়া কিরণ
অন্ধকারময় করে ভূতল.

৩ দেখ কে! কাতরে ডাকে উচ্চৈঃস্বরে,
"এলী এলী লামা শবক্তাণী" করো!
ডাকি পুনর্ব্বারে প্রাণত্যাগ করে
পাপিগণ-ত্রাণ-তরে কেবল.

৪ (দেখো) আর প্রাণ ধরা ধরিতে নারিল,
সর্ব্বাঙ্গে আতঙ্কে কাঁপিতে লাগিল!
কঠিন-ভূধর- হৃদয় ফাটিল ;
ব্যাকুল প্রহরী-সেনা সকল.

S. M.

৫৮

তোমরা সভাই চল তাঁর কাছে,
যে জন পাপির কারণ প্রাণ দিয়াছে,
যায় যদি মৃত্যু লোকে তবু পাপির জীবন বাঁচে.

১ করিবারে পাপির ত্রাণ, আস্যো দিলেন দরশন,
সেই মহাজন-
য়েশূ খ্রীষ্ট, তাঁহারি নাম জগতে প্রকাশ হইয়াছে.

২ কুমারীর উদরে জাত, য়েশূ খ্রীষ্ট পাপির নাথ,
সেই ত্রাণের পথ,
তাঁহা বিনা এ ভুবনে যত দেখ সকল মিছে.

৩ আসি তিনি এ সংসারে বেড়াইলেন ঘরে২,
পাপির তরে;
পাপী তাপী নিস্তারিতে টাঙ্গান গিয়াছিলেন গাছে.

৪ হাতে পায়ে পেরেক গাঁথা, তাতে পাইলেন কত ব্যথা
জগত্রাতা,
অনন্ত মুক্তি লয়্যা ধর২ বলি যাচে.

C. M. B.

৫৯

রাগিণী মিশ্র-মল্লার, তাল শ্লথ-ত্রিতালী।

দেখ কে ঐ লম্বিত ক্রুশোপরে!
রুধির বহে শরীরে, আহা! কণ্টক-কিরীট শিরে.
হেরি' হৃদয় বিদরে!

১ জীব! যিনি বিশ্বের আধার, চরাচর যাঁর অধিকার,
তাঁরে বধিতেছে ক্ষুদ্র নর!
দেখি' তাঁর ব্যথা ভয়ঙ্কর, লুকাইল বিভাকর;
বসুমতী কম্পে থর থর.
ভাব এক বার, ভবে কি ব্যাপার
এমন্ দেখ নাই, দেখিবে না আর!
কি হ'ল! হায়, কি হ'ল রে!

২ কিন্তু কে আছে বিশ্ব-সংসারে সংহারিতে পারে তাঁরে
তাঁহার স্বেচ্ছার প্রতিকূলে?
জীব! তিনি করিলে কটাক্ষ, লক্ষ লক্ষ শত্রুপক্ষ
অনায়াসে যায় রসাতল!

যেশূ গুণাকর করুণা-সাগর
প্রভু প্রেমে দিতেছেন প্রাণ
পাপী-পরিত্রাণ-তরে !

V. C.

৬০

যেশুর প্রেমের তুলনা দিব কিসে ?
খুঁজিলে এমন মিলিবে না কোন দেশে ;
করিতে পাতকির ত্রাণ, প্রাণ দিলেন অবশেষে.

১ পাপিগণে উদ্ধারণে, আইলেন নরের বেশে ;
এই যে প্রায়শ্চিত্ত করণ কারণ মরিলেন বিষম ক্রুশে.
জগৎ বাসী অভিলাষী তারা রয়েছে পাপের বশে,
এই যে সত্য সেবা না করিয়া মরিবে আপন দোষে.

২ দ্বেষ করিয়া য়েহুদীরা তাঁরে বধ কৈল বিনা দোষে,
এই যে তিন দিবসে জীবিত হইলেন রহিলেন না মৃত্যুর বশে.
দুই জনা চোর হত হইল খ্রীষ্ট য়েশূর দুই পাশে,
তার এক জনা প্রত্যয়ের গুণে গেল সে প্রভুর সংসর্গ বাসে,

৩ উত্থান হইয়া স্বর্গে গিয়া পিতার দক্ষিণে আছেন বস্যে.
এই যে করিতে জগতের বিচার আসিবেন সকল শেষে.
অদৃশ্য প্রভুর চরণ বিশ্বাসে ধর কস্যে,
অধীন কাঙ্গাল বলে ছাড়্যে দিলে তুফানে যাবে ভাস্যে,

C. M. B.

খ্রীষ্টের পুনরুত্থান।

৬১

7.s.

১ আজি য়েশূ উঠিলেন, হাল্লেলূয়া.
ইহা মোদের জয়ের দিন,
ক্রুশ ও কবর সহিলেন,
পাপি লোক উদ্ধারিলেন.

২ দেখ প্রভুর মহাবল
ভগ্ন করেন মৃত্যুর হুল.
তৎপর গেলেন স্বর্গালয়,
কবর হে, কৈ তোমার জয় ?

৩ পাপীর দেনা করেন শোধ,
শান্তি দেন ও সুপ্রবোধ ;
য়েশূর সহিত উত্থিত হও,
অঙ্গীকৃত রাজ্য লও.

৪ আজি য়েশূ উঠিলেন,
ইহা মোদের জয়ের দিন ;
জয়ের কীর্ত্তন কর গান,
মোদের হইল পরিত্রাণ.

J. J. W.

৬২

C. M.

১ সঙ্কীর্ত্তন কর ভ্রাতৃগণ,
ত্রাণকর্ত্তা কৈলেন জয় ;
পরাস্ত হইল শত্রুগণ,
দূর কর তাবৎ ভয়.

২ খ্রীষ্ট করেন শয়তান মৃত্যুর নাশ,
ঘোর নরক জিত হয় ;
ত্রাণ আশ্রয় পায় শাপ যোগ্য দাস,
দণ্ডাজ্ঞা হইবে কৈ ?

৩ শোধ কৈলেন জামিন মোদের ঋণ,
নিজ রক্ত মূল্যেতে ;
সম্মিলনের এই হইল দিন,
গান কর হর্ষেতে.

৪ খ্রীষ্ট মণ্ডলী হয় পুণ্যবান,
তাঁর কৃত পুণ্যেতে.
খ্রীষ্ট করেন তাকে পরিধান,
স্বভূষণ প্রেমেতে.

৫ এইক্ষণে মৃত জীবন পায়,
খ্রীষ্ট সঙ্গে উঠিয়ে.
স্বর্গীয় জন্ম প্রাপ্ত হয়,
বিশ্বাসি হৃদয়ে.

৬ এ হেতু মন ও জিহ্বাতে
গাই য়েশূ জেতার গীত,
গাও হাল্লেলূয়া হর্ষেতে,
খ্রীষ্ট হইলেন উত্থাপিত

J. J. W.

লূক ২৪ ; ৩৪। **৬৩** 7. 7.

১ অদ্য য়েশূ উঠিলেন,
এই কেমন শুভ দিন।
খ্রীষ্ট কৃত বলিদান,
নরে দিল পরিত্রাণ ॥

২ আইস আমরা হৃষ্ট হই,
স্বর্গরাজার কীর্ত্তি গাই।
ক্রুশে যিনি মরিলেন,
তিনি পরমায়ু দেন ॥

৩ আহ্লাদ কর ভক্তগণ,
খ্রীষ্ট নামে সর্ব্বক্ষণ।
মৃত্যুচ্ছায়া হইল নাশ,
জীবন দীপ্তি পায় প্রকাশ ॥

৪ আমরা যেন সর্ব্বদাই,
য়েশূর অনুগামী হই।
পাপ ও মৃত্যু করে্যা জয়,
শেষে উঠি তেজোময় ॥

R. P. G.

১ করিন্থীয় ১৫ ; ৫৭। **৬৪** P. M.

১ হে ঈশ্বরের লোক,
আনন্দিত হও।
দূর করিয়া শোক,
তাঁর মহিমা গাও।
জয় পাইয়া খ্রীষ্ট, সর্ব্বোন্নত হন;
হও তাঁহাতে হৃষ্ট, হে বিশ্বাসিগণ।

২ খ্রীষ্ট য়েশূর যে ক্রুশ,
তার কত সুফল।
যায় আমাদের দোষ,
ও শয়তানের বল।
বিপক্ষদের শক্তি, কি পারিবে আর?
হয় য়েশূতে মুক্তি, ও স্বর্গাধিকার।

৩ এ হেতু তাঁর স্তব,
বিস্তারিত হউক।
তাঁর নামের সুরব,
সর্ব্বত্রেই যাউক।
যে লবে তাঁর শরণ, সে দণ্ড এড়ায়;
ও জিতিয়া মরণ, অমরত্ব পায়।

R. P. G.

৬৫

ধন্য প্রভু মৃত্যুঞ্জয়, করিয়াছ পুনর্জীবন দান।
ধন্য পিতা পরমেশ্বর, অক্ষয় নির্ম্মল অধিকার,
দিতে হে; নিশ্চয় করে মরণ হইতে,—
তুমি করাইলা খ্রীষ্টের পুনরুত্থান।

১ করিবারে বিশ্বত্রাণ, যিনি দিলেন নিজপ্রাণ, দয়াতে;
পেয়ে জীবন পুনর্ব্বার, উঠ্‌লেন তিনি চমৎকার,
কবর হতে; মৃত্যু পাপ ও নরক বশে রেখে,
জয়ীর তুল্য হইলেন প্রকাশমান।

২ আসিয়া তাঁহার দূত, তেজে হইয়া আবির্ভুত, অকস্মাৎ
কবর দ্বারের যে প্রস্তর, সরাইয়া তদুপর, বসিলেন;
দেখে তাহা সেনাগণে ভয়ে ত্বরায় পলায় হয়ে কম্পমান।

৩ কোন দ্রব্য বিনা যিনি, সৃজিলেন এ ধরণী, বাক্যেতে;
তিনি দীনহীন পাপী নরে, ত্রাণাধিকার দিবার তরে;
দেখ হে; নিজ রক্তপাতে মৃত্যুর বাঁধন ছিঁড়ে,—
করিলেন স্বর্গেতে প্রস্থান।

৪ ওহে ঈশ্বর-সন্তানগণে, দৃষ্টি কর স্বর্গপানে, ত্যজ শোক;
তথা উচ্চসিংহাসনে, আলোর বসন পরিধানে, বসিয়া;
আছেন মোদের প্রভু সর্ব্বপ্রধান করিবেন তিনি শিগ্র-
ভক্তের আহ্বান।

৫ এখন নিজ দাসের প্রতি দেখেন সদা ত্রাণের পতি, প্রেমেতে
আহা আপন ভক্তগণ, জ্ঞান করেন শিরোভূষণ, তুল্য হে,;
তাদের দুঃখে দুঃখী সুখে সুখী হইয়া সঙ্গে দিবেন বাসস্থান।

G. P.

৬৬

রাগিণী বেহাগ, তাল আড়াঠেকা।

আহা! কিবা সুপ্রভাত, হের রে নয়নে.
মৃত্যুঞ্জয় আজি মৃত্যু করিলা দমন!
ধন্য ধন্য তব নাম! ধন্য য়েশূ গুণধাম!
নরকুলে দিলা নাথ, অনন্ত জীবন.

১ মহানন্দ জয়ধ্বনি, উঠেছেন গুণমণি;
মহাশত্রু পরলোক লজ্জিত এখন.
কোথা রে মৃত্যুর বল, সে যে তাঁর পদতল!
দুর্দ্দান্ত বিপক্ষ আজি হইল দমন!

২ ওহে খ্রীষ্ট ভক্ত সব, কর হাল্লেলূয়া রব;
হের য়েশূ ত্রাণপতি মৃত্যুঞ্জয় এখন!
আর কারে করি ভয়? স্বর্গদ্বার মুক্ত হয়;
বল মুখে জয় য়েশূ পতিতপাবন!

J. B.

৬৭

রাগিণী বেহাগ, তাল আড়াঠেকা।

অপার আনন্দ মনে য়েশূ গুণ কর গান.
সিদ্ধ বলি যজ্ঞেশ্বর আহুতি দিলেন প্রাণ.
যাগ যজ্ঞ যত ছিল, দেখি সকলি সফল,
ভাবি বাক্য পূর্ণ হল, কিবা আশ্চর্য্য বিধান

১ শুন মম চিত, য়েশূ ঈশসুত
হয়্যে রণজিত করেন গমন.
সবল অরি দুর্ব্বল, মৃত্যুর নাহিক বল,
আসি' য়েশূ মহাবল করিলেন ত্রাণদান.

২ যাবে পাপাবলী, করি' কৃতাঞ্জলি
দিলে মনাঞ্জলি ও পদকমলে ;
তব হৃদি সিংহাসন যতনে কর অর্পণ,
পাবে শান্তি সনাতন হ'লে য়েশূ অধিষ্ঠান.

C. S.

খ্রীষ্টের স্বর্গারোহণ।

গীতসংহিতা ৬৮; ৮। **৬৮** C. M.

১ খ্রীষ্ট য়েশূ পুনর্গত হন,
স্বপিতৃ ভবনে।
ও মেঘারোহী হইয়া যান
অপূর্ব্ব শোভাতে ॥

২ স্বর্গীয় দ্বার সমূহ হে,
অবাধে মুক্ত হও।
মহিমার অধিপতিকে,
প্রবিষ্ট হইতে দেও

৩ পরাস্ত হইল শত্রুগণ,
সমাপ্ত ত্রাণের কাজ।
সিংহাসনোপবিষ্ট হন
রাজাদের অধিরাজ ॥

৪ তোমারই হাতে য়েশূ হে,
সমস্ত রাজ্যভার।
অব্যাজে আইস লইতে,
জগতের অধিকার ॥

R. P. G.

৬৯

C. M.

১ হে খ্রীষ্টের লোক আনন্দিত হও,
গান কর য়েশূর নাম ;
আজ শুভ দিবস, হৃষ্ট হও ;
হয় মুক্ত স্বর্গ-ধাম.

২ খ্রীষ্ট ক্রুশের উপর মরিলেন
অনুপম লজ্জাতে ;
ত্রাণকার্য্য সাঙ্গ করিলেন
শাপযুক্ত কাষ্ঠেতে ;

৩ গৌরবে তিনি উঠিলেন
অতুল্য তেজেতে ;
তৎপরে স্বর্গে ফিরিলেন
স্ব পিতার পার্শ্বেতে.

৪ সঙ্কীর্ত্তন করে স্বর্গদূত,
জয়, জয়, হাল্লেলূয়া !
সব শত্রু হইল পরাভূত্ ;
খ্রীষ্ট পাইলেন মহিমা.

৫ হে প্রভো, কর আকর্ষণ।
স্বপ্রেমে মোদের মন ;
পাই যেন তব দরশন,
ও দিব্য অক্ষয় ধন.

J. J. W.

৭০

রাগিণী গৌরী, তাল আড়াঠেকা।

জয় জয় জয়-নাথ মহিমা-রাজন
গৌরবের অধিপতি ঈশ্বর-নন্দন!
ধন্য ধন্য তব নাম, তুমি য়েশূ গুণ-ধাম;
মহানন্দে যাইতেছ স্বর্গীয় ভবন.

১ স্বর্গোপরি স্বর্গ যত নহে তব মনোমত,
সে সবার মধ্য দিয়া করিলে গমন.
পিতার দক্ষিণ পার্শ্বে বসিয়াছ অনায়াসে;
হায় রে! নয়ন, নাথে কর দরশন.

২ স্বর্গের বাহিনীচয় করিতেছে জয় জয়!
অনুক্ষণ জয়ধ্বনি করে দূতগণ.
ত্রিভুবন-মহারাজ দিগ্বিজয়ী হন আজ!
অপার আনন্দে মন প্রফুল্ল এখন

৩ ওহে নাথ, এ নয়ন করে যবে বিলোকন
তোমার মহিমা রাশি বিশ্ব-বিনোদন,
আনন্দে কি এই চিত হইবে না উল্লাসিত?
তব পদানত হ'য়ে র'ব অনুক্ষণ!

J. B.

৭১

ধন্য প্রভু খ্রীষ্ট য়েশূ, ধন্য তোমার পুণ্য নাম।
তুমি অনাথের নাথ, মুক্ত কৈলা ধর্ম্ম পথ, দয়াতে;
পাপবলি সিদ্ধ করে তুমি, অদ্য প্রস্থান কৈলা স্বর্গধাম॥

১ ওহে নিত্য কবাটগণ, হও এখন উদ্‌ঘাটন, ইচ্ছাতে;
পাপ মৃত্যু কদাত্মারে, ধ্বংস করি ক্রুশোপরে,শক্তিতে;
গ্রহণ কর এখন তোমরা তাঁরে, রাজা আইলেন নিজধাম॥

২ স্বর্গাভিমুখে দৃষ্টি কর, দেখ ঐ ত্রাণেশ্বর, ঊর্দ্ধেতে;
কক্ষদেশে হস্ত পায়,প্রেমের চিহ্ন দেখ তায়,পেরেকেতে;
তাঁহার শ্রীমুখ হইতে তিনি, আশীর্ব্বাদ কর্‌ছেন প্রদান॥

৩ মহাযাজক বলিদান, লইয়া তথায় বিদ্যমান, স্বর্গেতে;
করিতেছেন ঐ প্রদান, লইয়া সব নরের নাম, বেদীতে;
অগ্রগামী হইয়া তথায় তিনি,গেলেন প্রস্তুত করিতে স্থান॥

৪ নরপুর ত্যাজ্য করি, স্বর্গে সিংহাসনোপরি, বিরাজমান;
পাপীতাপী নরগণ, ভ্রাতৃতুল্য করেন জ্ঞান,তিনি হে;
তাদের দুঃখে দুঃখী সুখে সুখী, সদা সঙ্গে২ বিদ্যমান॥

৫ প্রভু য়েশূ দয়াময়, গিয়াছ স্বর্গ-আলয়, তুমি হে;
এখন চর্ম্ম চক্ষেতে, না পাই মোরা দেখিতে, তোমাকে;
যেন ধ্যান মন চিন্তা মোদের, রহে সেই সুখস্থান॥

B. C. C.

পবিত্র আত্মা।

১ করিন্থীয় ৩; ১৬।

৭২

C. M.

১ হে ঈশ্বরাত্মা পুণ্যময়
অনাদি সনাতন,
পিতা ও পুত্র হইতে হয়
তোমারই আগমন.

২ আমাদের অন্তঃকরণে.
হও তুমি সপ্রকাশ ;
তায় যেন করি সত্যেতে
একান্ত অভিলাষ.

৩ তুমি অপূর্ব্ব শান্তিকর
শোকার্ত্ত-হৃদয়ে ;
এ দিব্য বহুমূল্য বর,
কে পারে বর্ণিতে !

৪ তুমি সব সুখের উনুই,
স্বর্গীয় শান্তির মূল,
প্রেমাগ্নি তুমি তেজস্বী,
ও শক্তি অনুকূল.

৫ এ হেতু আইস, আত্মা হে,
জ্ঞানদীপ্তি যেন পাই,
ও প্রভুর নিত্য সেবাতে
একাগ্রমনা হই.

R. P. G.

৭৩

8.7.4.

১ আইস আইস জীবন বাতাস,
ঈশ্বর আত্মা ধর্ম্মময়,
তোমার শক্তি কর প্রকাশ,
তোমা বিনা সকল ক্ষয় ;
প্রবোধ কর্ত্তা, সত্য আলো,
মোদের মনে হও উদয়.

২ জ্ঞান ও ধৈর্য্য প্রদান কর
আমাদিগের মনেতে ;
সুবিবেকে তাহা পূর,
এবং নির্ম্মল প্রেমেতে ;
প্রবোধ কর্ত্তা দূরীকর
পাপের ভ্রম ও অন্ধকার.

৩ ঈশ্বর সন্তান আমরা হইলাম,
ইহা কর সপ্রমাণ ;
তোমার মুদ্রা আমরা পাইলাম,
ইহা কর প্রকাশমান ;
প্রবোধ কর্ত্তা, তাপহর্ত্তা,
কর হৃদয় আকর্ষণ.

৪ আমরা যেন হৃষ্টমনে,
ঈশ্বর পিতার সাক্ষাতে
যাইতে পারি সর্ব্বক্ষণে,
সাহস দেহ হৃদেতে ;
প্রবোধ কর্ত্তা, "আব্বা পিতা,"
শিক্ষাও এরূপ প্রার্থনা.

J. J. W.

৭৪

L. M.

১ হে পুণ্য আত্মা শক্তিমান,
মোর মনে হও বিরাজমান ;
হৃদে তোমার যে অধিষ্ঠান,
তা য়েশূ খ্রীষ্টের পুণ্যদান.

২ তোমারই তেজে সবাকার
ঘুচিয়া থাকে অন্ধকার,
তোমার পবিত্র উপদেশ
মোর মনের তিমির করুক শেষ.

৩ মনেতে দারুণ পাপের বাস
তোমারই শক্তি করে নাশ ;
মোর হৃদয় তাতে নূতন হয়,
ও দমন থাকে রিপুচয়.

৪ তোমারই প্রবোধ মনোহর,
উদ্বিগ্ন মনের শান্তিকর ;
মোর ভয়ের চিন্তা করে শেষ,
না থাকে মনে দুঃখের লেশ.

৫ হে জীবনবায়ু শক্তিমান,
মোর চিত্তে কর অধিষ্ঠান ;
স্বর্গীয় অগ্নি দীপ্তিময়,
সব কুপ্রবৃত্তি কর ক্ষয়.

C. B.

৭৫

8.7. 4.

১　আইস, ওহে পুণ্য আত্মন
জীবনবায়ু সত্যময় ;
সতেজ কর মোদের জীবন,
কর স্মৃতন সমুদয় ;
জীবনদাতা পুণ্য আত্মা,
সবার মনে হও উদয়.

২　সত্যদীপ্তি প্রদান কর
মোদের অন্তঃকরণে ;
চিত্তের ভ্রম ও আন্ধার হর
তব দিব্য কিরণে ;
দীপ্তিদাতা পুণ্য আত্মা,
আইস হৃদয়আসনে.

৩　ওহে আত্মা শান্তিকর্ত্তা,
পিতাপুত্রের প্রেরিত,
ক্লিষ্ট চিত্তের সন্তাপহর্ত্তা,
যাহা শোকে ব্যথিত,
প্রবোধদাতা পুণ্য আত্মা,
কর হৃদয় সন্তৃপ্ত.

৪　জীবনযাত্রায়, ওহে আত্মন,
সদা পথদর্শক হও ;
যাবৎ দেহে রহে জীবন,
নিত্য মম সঙ্গে রও ;
মম নেতা পুণ্য আত্মা,
আমার হস্ত ধরি' লও.

J. B.

৭৬

আইস হে শান্তিদাতা পবিত্র আত্মন্।
স্বর্গাগ্নিতে মোদের মন কর উদ্দীপন॥

১ হে অভিষেকের আত্মা হও বিদ্যমান,
তোমার সপ্তধা দান করহ প্রদান,
ঊর্দ্ধ হইতে বর্ষ শান্তি প্রেমাগ্নি জীবন।

২ নিজ জ্যোতি দান কর হইয়া সদয়,
আমাদের ভ্রম আঁধার যেন দূর হয়,
প্রফুল্লিত কর মোদের ম্লান বদন।

৩ শিক্ষায় দীক্ষিত কর পিতা পুত্র জ্ঞানে,
তব সহিত একই শাস্ত্রের বচনে,
করি যেন এই জ্ঞানে চিরকাল ভজন।

B. C. C.

৭৭

রাগিণী বিভাস, তাল আড়াঠেকা।

ওহে আত্মন পুণ্যময় স্বর্গীয় শান্তি আকর,
অধিষ্ঠিত্ হও এখন সভাস্থ জন-উপর.

১ ওহে আত্মন্ সনাতন, কর হেথা আগমন;
তব গুণে সচেতন কর মোদের অন্তর.

২ পাপ-তম কর নাশ, হও হৃদে সুপ্রকাশ,
হৃদয়-আসনে বাস কর, নাথ, নিরন্তর.

৩ পঞ্চাশৎ দিনে যেমন হয়েছিলে বরষণ,
পেয়েছিল শিষ্যগণ তব দত্ত দিব্য বর,

৪ হয়ে তেমন বরষণ দীপ্ত কর দাসগণ;
করি' কৃপাবলোকন জুড়াও সর্ব্ব অন্তর.

J.B.

৭৮

পরম মঙ্গলদাতা পবিত্র আত্মন্।
স্বর্গ হইতে নরপুরে কর আগমন॥

১ তুমি দীনের শরণ, তুমি অকিঞ্চনের ধন্;
হৃদয়ে উদয় হৈয়া, কর উদ্দীপন॥

২ সান্ত্বনার সার তুমি, আত্মার আনন্দভূমি;
শ্রান্তি ভ্রান্তি দূরকারী, দুঃখ নিবারণ॥

৩ দুর্ব্বলে সবল কর, অবাধ্যের কাঠিন্য হর;
কর তুমি বিপথীকে, সুপথে গমন॥

৪ তুমি সকলের সার, তোমা বিনা সব অসার,
কায়মন বাক্য মোর. কর সংশোধন॥

B. C. C.

পবিত্র ত্রিত্ব।

প্রকাশিত ৪ ; ৮। **৭৯** 8.7.

১ পুণ্য, পুণ্য, পুণ্য প্রভু
পিতা, পুত্র, সদাত্মা ;
সর্ব্বপূজনীয় বিভু,
অদ্বিতীয় নিয়ন্তা.
ঊর্দ্ধলোকে তব স্তুতি
অবিরত করা যায় ;
স্বর্গসৈন্য তোমার প্রতি
ধন্যবাদ ও কীর্ত্তি গায় ;
হাল্লেলূয়া, হাল্লেলূয়া,
হাল্লেলূয়া, আমেন.

২ যারা এই মর্ত্তাধামে
জানে তব করুণা,
তারা করে য়েশূর নামে
তব নিত্য প্রতিষ্ঠা ;
এখন তাদের সঙ্গে মিল্যে
আমরা যেন হৃষ্ট হই ;
পুণ্য, পুণ্য, পুণ্য বল্যে
প্রভুর গুণ ও কীর্ত্তি গাই ;
হাল্লেলূয়া, হাল্লেলূয়া,
হাল্লেলূয়া, আমেন.

R. P. G.

---

১ পেত্র ১ ; ২৪। **৮৩** L.M.

১ হে পিতা সর্ব্বশক্তিমান,
সর্ব্বজ্ঞ সর্ব্বদয়াবান।
তোমার যে প্রেম ও করুণা
তার নিত্য হইবে প্রতিষ্ঠা॥

২ হে য়েশূ ঈশ্বরতনয়,
ও নরত্রাতা কৃপাময়।
তুমি যে কার্য্য করিলা,
তা কিসে করি বর্ণনা?

৩ হে পবিত্রাত্মা শান্তিকর,
ও শিক্ষাদাতা শ্রেষ্ঠতর।
কি বহুমূল্য তব দান,
প্রবোধ ও সুখ ও তত্ত্বজ্ঞান॥

৪ হে ধন্য ত্রিত্ব একেশ্বর,
অনাদি অনন্ত অমর।
ব্যাপিবে তব মহানাম,
ভূমণ্ডল এবং স্বর্গধাম॥

R. P. G.

৮১

সঙ্কীর্ত্তনের সুর, দীর্ঘ ত্রিপদী।

১ জয় জয় স্বর্গনাথ ! ওহে পূজনীয় তাতঃ,
তব নামে করি নমস্কার.
ত্রিভুবন সৃষ্টিকর্ত্তা, নরকুল-ধাতা-পাতা
তব প্রেমে পূর্ণ এ সংসার.

২ জয় য়েশূ গুণধাম ! ধন্য ধন্য তব নাম,
তব নামে করি নমস্কার.
পিতৃ-আজ্ঞা শিরে করি' এলে নর-দেহ ধরি' ;
প্রকাশিলে কিবা প্রেম্ অপার !

৩ পাপিষ্ঠ নরের তরে প্রাণ দিলে ক্রুশোপরে ;
উদ্ধারিলে তাহে পাপিগণ.
মৃত্যু পরাভব করি' আছ সিংহাসনোপরি ;
করি তব গুণ সঙ্কীর্ত্তন।

৪ জয় হে সদাত্মা জয় ! শান্তিকর্ত্তা পুণ্যময় ;
তব নামে করি নমস্কার,
তুমি স্বর্গীয় অনল, কর হৃদয় নির্ম্মল ;
দিয়া তব তেজ চমৎকার.

৫ জয় খ্রিষ্ট পুণ্যবান ! এই সভায় অধিষ্ঠান
কর আসি,' এই নিবেদন.
করি তব গুণ গান, হেন শক্তি কর দান ;
জয় পিতা পুত্র সদাত্মন !

J. B.

৮২

পুণ্য, পুণ্য, পুণ্য পিতা, পুত্র সদাত্মন্,
তিনে এক একে তিন, শাস্ত্রের বচন।

১ তুমি হে সভার পিতা, তুমি সকলের পাতা,
প্রেমেতে পাঠালে ত্রাতা কর প্রেম ভাজন।

২ তুমি হে মহাযাজক, তুমি রাজা প্রবাচক,
তুমি হে পাপনাশক, করহ মার্জ্জন।

৩ তুমি হে পুণ্য আত্মন, তুমি নিত্য নিরঞ্জন,
মোসভার ভ্রষ্ট মন, কর সংশোধন।

৪ পিতা পুত্র সদাত্মন, অভেদ অনির্ব্বচন,
কৃপা ক্ষমা জীবন ধন, কর বিতরণ।

B. C. C.

খ্রীষ্টের মণ্ডলী।

গীত সংহিতা ৮৭; ২। **৮৩** 8.7.

১ ওহে সীয়োন, ধর্ম্মপুরী,
তুমি কেমন শোভমান।
প্রভু তব স্থাপনকারী,
তুমি প্রভুর বাসস্থান॥

২ তাঁর অলঙ্ঘনীয় বাণী,
হইল তব ভিত্তি মূল।
শত্রু কিসে করে হানি,
যখন ঈশ্বর অনুকূল॥

৩ জীবনদায়ি স্রোতস্বতী,
তোমাতে আবহমান।
যাদের হেথায় অবস্থিতি,
নাহি তাদের অকুলান॥

৪ প্রভু, আমি সীয়োনপুরে,
অধিকারী যদি হই।
লোকে যত তুচ্ছ করে,
আমি তাতে রুষ্ট নই॥

৫ জগতের ঐশ্বর্য্য ভণ্ড,
অবিলম্বে হবে ক্ষয়।
সত্য সুখ ও নিত্যানন্দ,
সীয়োনেতে প্রাপ্য হয়॥

R. P. G.

৮৪

7. s.

১ ওহে সীয়োন রম্য ধাম,
সাধুগণের বাসস্থান,
য়েশূ তোমার ভিত্তিমূল ;
তোমার মহিমা অতুল !

২ অয়ি প্রিয়া মণ্ডলি,
অখিল বিশ্বজয়িনি !
দেশে দেশে সর্ব্বস্থান
তোমার কীর্ত্তি বিরাজমান.

৩ করে তব বৎসগণ
একই প্রভুর আরাধন
একই বিশ্বাস, প্রেমেতে
রহে নিত্য শান্তিতে.

৪ প্রভু য়েশূ তোমার বর,
পালক রক্ষক নিরন্তর ;
যটুক্ ক্লেশ ও যাতনা
পাইবে নিশ্চয় সান্ত্বনা.

৫ প্রিয়া সীয়োন রম্যধাম !
সুখ ও শান্তি অবিশ্রাম
তোমার মধ্যে প্রবাহিত্ !
তুমি প্রভুর মনোনীত্।

J. B.

৮৫

রাগ মিশ্র, তাল একতালা।

যেশূ দয়াময়, করি হে বিনয়,
আমাদের মধ্যবর্ত্তী হও এ সময়.

১ অন্তরের অন্ধকার কৃপা করি' দূর কর,
হৃদয়েতে আমাদের হইয়ে উদয়.

২ এস, প্রভো, এ সভায়, পূর্ণ কর সদাত্মায়,
ভবালোকে আলোময় কর এ আলয়.

৩ আশীর্ব্বাদ কর আসি' পাপ-অবিশ্বাস নাশি'
সুস্থ কর দাস-দাসী হইয়া সদয়.

S. M.

৮৬

অপরূপ পুণ্যসভা অতি চমৎকার,
প্রভু য়েশূ ভিত্তিমূল, নাহি নাশ কভু তার।

১ স্বর্গত্যজি এ ভুবন, আইলেন ঈশনন্দন,
নিজরক্ত দিয়া পণ, কৈলেন তার উদ্ধার।

২ নানালোক নানাদেশে, একত্র তাঁহার পাশে,
নব জন্ম এক বিশ্বাসে, এক প্রভু সবাকার।

৩ সুবিখ্যাত এক নামে, সহযাত্রী এক ধামে,
একাশা সবার মনে, এক পরম আহার।

৪ মণ্ডলীর অরি যত, দম্ভ করে অবিরত,
কল্পনা এই সতত, কিসে হইবে সংহার।

৫ প্রভু তথা বিদ্যমান, স্থির হও ভক্তগণ,
দমন হবে শত্রুগণ, কেন ভয় কর আর।

B. C. C.

ধর্ম্ম শাস্ত্র।

গীত সংহিতা ১। ৮৭ 7. s.

১ ধর্ম্ম শাস্ত্রে যেই জন,
দিবা নিশি রাখে মন;
তাহে নিত্য সন্তোষ পায়,
ঈশ্বর কর্তৃক ধন্য হয়.

২ পাপিগণের সকল পথ,
না হয় তাঁহার অভিমত;
ত্যজি তাদের আলাপন,
পৃথক্ থাকে সর্ব্বক্ষণ.

৩ নদী তীরের বৃক্ষগণ,
যেমন সদা ফলবান;
তাদের পত্র শুষ্ক নয়,
তদ্রূপ সে জন সতেজ রয়.

৪ পাপীর এরূপ গতি নয়;
বায়ু চালিত তুষের ন্যায়;
ভক্তগণের সভাতে,
নাহি পারে উঠিতে.

৫ ঈশ্বর জানেন আপন লোক,
দূরী করেন তাদের শোক.
কিন্তু দুষ্টের পরিশেষ
হইবে নরকাগ্নির ক্লেশ.

P. B.

গীত সংহিতা ১১৯; ১০৫। ৮৮ 7.6.

১ হে প্রভু, তব বাণী
চরণে দীপ্তি দেয়।
যে শুনে তব ধ্বনি,
সে সত্য বুদ্ধি পায়॥

২ ঐ জীবনদায়ি উক্তি
যার মনে হয় প্রকাশ।
সে জিতে পাপের শক্তি
ও ইতর অভিলাষ॥

৩ যৎকালে অন্তঃকরণ
শোকেতে মগ্ন হয়।
খ্রীষ্ট য়েশূর বাক্য স্মরণ
নিবৃত্ত করে ভয়॥

৪ শয়তানও নিকট আইলে
হিংসক ও ভয়ঙ্কর।
ঐ দিব্য বাণীর বলে
সে হবে দূরতর॥

৫ হে প্রভু, আপন বাক্য
জানাইও আমাকে।
তা যেন হয় প্রত্যক্ষ
এ অন্ধ হৃদয়ে॥

R. P. G.

গীত সংহিতা ১১৯; ১০৫। ৮৯ 6. 5.

১ প্রভুর বাক্য স্থায়ী,
চরণ চালন দায়ী.
তাহে যে বিশ্বাসী,
আলোতে উল্লাসী,

২ অরি সম্মুখ হলে.
তব বাক্য বলে
সাহস দেয় আমারে
ত্রাণের সমাচারে

৩ ঝড়ের অত্যাচারে
বিষম অন্ধকারে
তব বাণীর জ্যোতি
উপকারক অতি

৪ সরল মনে দত্ত
সুখ ও শান্তি কত
তোমার অঙ্গীকারে
বর্ণিতে কে পারে ?

৫ সে যে দয়ার বচন
সকল দুঃখের মোচন
জীবন দায়ক ভাষা
মরণ কালে আশা।

৬ তাহে মন নিবেশে.
পুণ্য উপদেশে
তব প্রেম ও ত্রাসে
রব তোমার পাশে,

H. J. H.

৯০

রাগিণী বিহঙ্গড়া। তাল চৌতাল।

অপার জ্ঞানের উৎস বচন তোমার!
আহা! কিবা দিব্য সত্যের আধার.
এই জ্ঞান ভাস্করে সতত দান করে
সত্য দীপ্তি অন্তরে অজ্ঞতা তমঃ হরে
হরে সবাকার.

১ চরণে দীপ্তিদায়ী আন্ধার ভবে,
দুঃখে সান্ত্বনা করে দুঃখিত সবে।
মহামূল্য রতন, নয়নের অঞ্জন,
দীনহীনের ধন; সতত স্মরে মন
বচন তোমার!

২ হে নাথ, তব বাণী যে রাখে মনে
সঙ্কট বিপদে সে সুখী ভুবনে।
নাহি ডরে শত্রুরে, এ ভীষণ সংসারে,
সদা শান্তি অন্তরে; নয়নে সদা হেরে
বদন তোমার.

৩ হে নাথ, তব বাণী শুনাও মোরে,
সান্ত্বনা পাই যেন বিপদ ঘোরে;
রাখি যেন স্মরণে ঐ মহামূল্য ধনে;
পবিত্র আত্মা দানে সংশোধ হে এক্ষণে
হৃদয় আমার।

J. B.

৯১

রাগিণী বেহাগ,—তাল আড়াঠেকা।

প্রভু আমি নিরবধি, তব বিধি শিরে লব।
জলে স্থলে যথা রব, বিধিগুণ গাব তব॥

১ তমাবৃত নরলোকে, তব বচন-আলোকে
করে করিয়া পুলকে, আমি চলিব।
তব বাক্য-অসিবরে, সাহসে করিয়া করে,
যাইয়া শত্রু-সমরে, অভয়ে আমি দলিব॥

২ যবে মনে শোক ভয়, আসি হইবে উদয়
তব বাক্যে দয়াময়, সান্ত্বনা পাইব।
শত্রু যবে কুবচনে, ব্যথিত করিবে মনে
তব আশ্বাস-বচনে, য়েশু হে আমি স্মরিব॥

R. K. B.

বাপ্তিস্ম।

রোমীয় ৬; ৩।

৯২

8.7.

১ খ্রীষ্টের নামে যত জনে
জল-সংস্কার প্রাপ্ত হয়,
তারা যেন শুদ্ধ মনে
য়েশূর অনুগত রয়;

২ তাঁরই সঙ্গে মৃত হইয়া
নব জীবন যেন পায়;
এবং তাঁহার ক্রুশও লইয়া
সদা দীপ্তি পথে যায়;

৩ হেথায় যেন আত্মার বলে
পাপকে করে পরিহার;
শেষে পূর্ণানন্দ স্থলে
পায় অনন্ত অধিকার.

৪ ধন্য, পিতা পুত্র সহ।
ধন্য, আত্মা কৃপাবান!
প্রভুর অশেষ অনুগ্রহ
আমরা করি স্তোত্রগান.

R. P. G.

৯৩

8.7. 4.

১ আইস আইস, প্রিয় বৎস,
জীবন জলে কর স্নান ;
মুক্ত আছে জীবনউৎস,
আইস, ধৌত কর প্রাণ.
বিনামূল্যে
জীবনজলে কর স্নান !

২ ধৌত কর অন্তঃকরণ
যেশূর পুণ্য শোণিতে,
নূতন জন্ম কর গ্রহণ
পুণ্য আত্মার শক্তিতে.
আইস এখন
খ্রীষ্টের পুণ্য সভাতে.

৩ পিতা, পুত্র, আত্মার নামে
এখন হইয়া বাপ্তাইজিত্
যাইতে সেই সুখধামে
নিত্য থাক চেষ্টান্বিত্.
ক্রুশের চিহ্নে
এখন হইবে মুদ্রাঙ্কিত্.

৪ ভক্তবৎসল ওহে পিতা,
ওহে যেশূ প্রেমময়,
ওহে আত্মা শান্তিদাতা,
প্রদান কর ত্রাণাশ্রয়.
নূতন জন্ম
ইহার মনে যেন হয়.

J. B.

১ শিমুএল ১; ১৮। **৯৪** 8. 7.

১ জগত্রাতা প্রভু য়েশু,
তুমি নিত্য দয়াবান;
তোমার হাতে এই শিশু,
আমরা করি সম্প্রদান.

২ প্রভু, ইহাকেই ধর,
আপন প্রেমালিঙ্গনে;
স্নেহ ভাবে গ্রহণ কর,
তব শিষ্য-সমাজে.

৩ তোমার আত্মা, তব পুণ্য,
এই শিশু প্রাপ্ত হউক.
প্রভুর সন্তান হইয়া গণ্য,
নিত্য পরমায়ু পাউক.

R. P. G.

৯৫

রাগিণী বাহার,—তাল জৎ।

তাপিত হৃদয়ে পাপী, জল-সংস্কার লও।
পালিতে পবিত্র বিধি, অবনত শির হও।

১ অনুতাপ শোক করি, পাপ ইচ্ছা পরিহরি,
যেশূ পুণ্য বস্ত্র পরি, হৃষ্ট মনে স্তুতি গাও।

২ ওহে নর পথভ্রান্ত, পাপ ভারে ভারাক্রান্ত,
কলুষে কেন প্রাণান্ত, করিছ মন ফিরাও।

৩ যেশূ ঈশ্বর তনয়, সবারে শোণিতে ক্রয়,
করেছেন প্রেমময়, তাঁহারে হৃদয় দাও।

৪ সযতনে গুণ নিধি, সেব মনে নিরবধি,
পাবে পাপের ঔষধি, তাঁহার পদাব্জে ধাও।

C. S.

৯৬

রাগিণী সিন্ধু-ভৈরবী,—তাল আড়াঠেকা।

ওহে প্রভো জগত্রাতা, প্রার্থনা তোমার স্থানে—
গ্রহণ কর হে নাথ, অজ্ঞান শিশু সন্তানে.

১ এবে তব ভক্তচয় হ'য়ে সুহৃষ্ট-হৃদয়,
সঁপিল নব তনয় তব কোমল চরণে.

২ জলে সংস্কৃত হ'ল দেহ আত্মা সুপ্রবল,
যেন পেয়ে তব বল পরিষ্কৃত হয় মনে.

৩ সংসারে বিপদ যত, নাহি তব অবিদিত,
রক্ষ, হে নাথ! সতত আপন নন্দন জ্ঞানে.

৪ বয়সে বাড়য়ে যত, ধর্ম্ম-জ্ঞান সেই মত
দেও তারে, ঈশ-সুত! সেবিতে তোমায় মনে

C. S.

৯৭

রাগিণী গৌরী,—তাল আড়াঠেকা।

ভক্তের বৎসল ওহে য়েশূ দয়াবান,
এ সভায় আশীর্ব্বাদ কর হে প্রদান।

১ প্রভো, এই শিশুজনে উপস্থিত তব সনে
স্নেহ নেত্রে হের তারে ওহে স্নেহবান,
পিতা পুত্র পুণ্যাত্মার নামে জল সংস্কার
দিয়া, নাথ, পুনর্জ্জাত কর অঃন্তকরণ

২ কর পাপ বিমোচন, আত্মা কর বরিষণ,
নিয়ত সহায় থাক করুণানিধান;
পুরাতন ভাব যত হয় যেন পরাভূত,
নূতন স্বভাব যেন করে পরিধান.

৩ তব করে এই জন আজি করি সমর্পণ,
নিজ দাস বলি' লও, ওহে দয়াবান;
শুদ্ধ কর তার মন, শিষ্য সমাজে গ্রহণ
কর আজি এই শিশু, করি নিবেদন.

J. B.

নির্দ্ধারণ।

যোহন ১০; ১১। **৯৮** 7. 8.

১ দয়াপূর্ণ পালক হে,
আপন মেষকে রক্ষা কর।
তব প্রীতি বাহুতে
সদাকালে মোরে ধর।
চাহি তব মেষালয়
যেথা সত্য শান্তি হয়॥

২ ভ্রমিয়াছি কতবার
এ সংসারের অধমপথে।
কর আমার উপকার,
য়েশূ তব প্রবল হাতে।
তোমা হইতে মম পা
ভ্রমে যাইতে দিও না॥

৩ হেথায় কত বৈরীগণ
মমপ্রাণে হিংসা করে।
প্রভু য়েশূ, সর্ব্বক্ষণ
আপন কোলে রাখ মোরে।
পাইলে ঊর্দ্ধ মেষালয়
দূরে যাবে শত্রুভয়॥

R. P. G.

নীতিবাক্য ৮ ; ১৭। **৯৯** 6. 5.

১ আমি বাল্যকালে
 য়েশূর শরণ লই।
পাছে শত্রুজালে
 কভু ধৃত হই॥
যদি কোন ক্রমে
 মন্দ পথে যাই।
য়েশূ তব প্রেমে
 যেন রক্ষা পাই॥

২ এই মিথ্যা ভবে
 ঘটে যদি সুখ।
থাকি যেন তবে
 য়েশূর অভিমুখ।
কিম্বা কোন তাপে
 যদি তপ্ত হই।
তাঁরই প্রেমালাপে
 শান্তমনা রই॥

৩ মৃত্যু যখন শেষে
 হবে ভয়ঙ্কর।
য়েশূ, সেই ক্লেশে
 দিও শান্তি বর॥
তব প্রতিজ্ঞাতে
 হইয়া শ্রদ্ধাবান।
আমি তোমার হাতে
 সমর্পিব প্রাণ॥

R. P. G.

১০০

এ দীনেরে কর প্রভু, নিজগুণেতে গ্রহণ,
আপনাকে তব স্থানে, করি উৎসর্গ এখন।

১ ভ্রমি ভ্রম অন্ধকারে, ধর্ম্ম পথে রাখ মোরে,
থাকিয়া হৃদ মাঝারে, কর আমারে রক্ষণ।

২ আমার পাপের তরে, মরিলে হে ক্রুশোপরে,
সে ঘোর যন্ত্রণা হেরে, পাপ করি বিসর্জ্জন।

৩ তব কৃপা করি দান, কর মোরে স্বসন্তান,
যেন থাকি তব স্থান, করি নিয়ত সেবন।

৪ কায়মনোবাক্যে আমি, সেবিয়া তোমারে স্বামি,
মৃত্যু পরলোক জিনি, যাব তব নিকেতন।

৫ ধন্য হে মহান্ পিতা, ধন্য ধন্য জগত্রাতা,
মহাধন্য পুণ্য আত্মা, নিত্য ঈশনিরঞ্জন।

B. C. C.

১০১

আইলাম ওহে য়েশু, তোমার মহলে।
দয়া করি স্থান দেও, তব শ্রীচরণে।

১ আমরা দুর্ব্বল অতি; তোমা বিনা নাহি গতি;
সবল করহ নাথ, তব নিজ গুণে।

২ বাপ্তিস্মে দিব্য বর, দান করি কৃপাকর;
নব জাত করিলে হে, দাস দাসীগণে।

৩ সেই ত্রয় অঙ্গীকার, নিজে২ লই ভার;
এবে সবে দৃঢ় কর, ধর্ম্ম আত্মা দানে।

৪ তব দাসের হস্তার্পণে, সদাত্মার আগমনে;
যেন পরমার্থ বর, পাই এইক্ষণে।

B. C. C.

প্রভুর ভোজ।

লূক ১৪ ; ১৭। ১০২ P. M.

১ প্রভুতে হইয়া প্রেমাসক্ত,
হে মন, তাঁর অনুগ্রহ লও।
দেন তিনি স্বীয় মাংস রক্ত,
সন্তৃপ্ত যেন তুমি হও।
খ্রীষ্ট য়েশূ করেন আমন্ত্রণ,
ও স্বয়ং তব ভক্ষ্য হন॥

২ তাঁর দিব্য প্রীতি কর্য়ে স্মরণ,
সানন্দে আইস ভোজনে।
তাঁর জীবনদায়ি ক্রুশ ও মরণ
ধ্যান কর শান্ত হৃদয়ে।
এ স্বর্গদত্ত রুটী খাও,
ও প্রভুর সজীব অঙ্গ হও॥

৩ হে য়েশূ, মম পাপের যজ্ঞ,
হে মম প্রাণের অধিকার।
হায়, কেন থাকি অকৃতজ্ঞ ?
কেন বা করি দুরাচার
তোমারই স্থানে কায় ও মন
এক্ষণে করি সমর্পণ॥

R. P. G.

১০৩

7.7.

১ হের দিব্য পুণ্য স্থান !
যেশূ হেথায় বিদ্যমান.
আজি তিনি জীবন ধন
হেথায় করেন বিতরণ;
গ্রহণ করি' ভক্তগণ,
পরিতৃপ্ত কর মন.

২ হেথায় যেশূ মহীয়ান
জীবন ভক্ষ্য করেন দান;
তাঁহার শরীর অমূল্য
তাঁহার রুধির অতুল্য
স্বর্গদত্ত মান্নার ন্যায়
আজি হেথায় পাওয়া যায়.

৩ আইস, নিমন্ত্রিতগণ।
কর হৃদয় পরীক্ষণ;
আকাঙ্ক্ষিত আত্মাতে.
আইস প্রভুর সাক্ষাতে;
আইস, মেষের নিকট যাই,
স্বর্গদত্ত ভক্ষ্য খাই.

J. B.

১০৪

8.7. double.

১ আইস আইস, ভ্রাতৃগণে,
প্রভুর মেজের নিকট যাই;
ধন্যবাদে ক্ষুধিত মনে
স্বর্গদত্ত মান্না খাই.
য়েশূর মৃত্যু করি স্মরণ
পুণ্য প্রভুর ভোজেতে;
গ্রহণ করি নূতন জীবন
দ্রাক্ষারস ও রুটীতে.

২ য়েশূ দিলেন আপন শরীর
পাপীর মুক্তি সাধিতে;
পতিত হইল তাঁহার রুধির
পাপের মোচন করিতে.
ইহা বিশ্বাস করো ধরি
প্রভু য়েশূর শ্রীচরণ;
তাঁহার রক্তে ধৌত করি
মম হৃদয় নিকেতন.

৩ কি সৌভাগ্য! আমি এখন
খ্রীষ্টের রক্তে পুণ্যবান!
বিনামূল্যে করি গ্রহণ
য়েশূকৃত পরিত্রাণ.
তাঁহার রক্ত করি পান;
তাঁহার মাংস করি ভোজন;
পাপের মোচন, নূতন জীবন
পাইয়া এখন জুড়ায় প্রাণ!

J. B.

১০৫

রাগিণী ঝিঁঝিট,—তাল আড়াঠেকা।

য়েশূ হে প্রণমি সবে, তব শ্রীচরণে,
নর পাপ বিমোচন, হবে তোমার মরণে।

১ তোমার সমীপে আসি, প্রার্থনা করিয়া বসি,
পবিত্র করহ সবে, আপন কিঙ্কর জ্ঞানে।

২ তুমি রুটী করি করে, বলিলা সব দাসেরে,
ভক্ষণ করহ ইহা, মম মরণ স্মরণে।

৩ তব পাতিত রক্তামৃত, মনেরে করে সন্তৃপ্ত,
ভক্তি বাড়ে ইচ্ছা হয়, লভিতে হে ত্রাণ ধনে।

৪ মহা বিচারের দিনে, রেখ তোমার দক্ষিণে
ভরসা কেবল তব, ত্রাণ কর বর দানে।

C. S.

১০৬

তুমি হে স্বর্গীয় মান্না ভক্তের জীবন.
ক্ষুধিত তৃষিত জনে, করাও ভোজন।

১ জীবনদায়ী ভক্ষ্য সত্য, গ্রহণ করি নিত্য নিত্য,
তুমি হে পাপির পথ্য, তোমাতে জীবন।

২ সত্য দ্রাক্ষালতা তুমি, তব রক্তে সবল আমি,
দুর্ব্বল সেবক স্বামী, লয়েছি শরণ।

৩ ক্রুশ প্রতি দৃষ্টি করি, সব পাপ পরিহরি,
তুমি হে পাপের অরি, ত্রাহি পাপি জন।

৪ তব প্রেমে আকর্ষিত, কর সকলের চিত,
রাখ প্রেমে পুলকিত, তব ভক্তগণ।

B. C. C.

১০৭

যে জন জীবন দিলেন পাপির তরে
ও মন কখন ভুল নাহি তাঁরে.

১ না ভুলিও কখন, কর সেই ভজন,
বলিরূপে হত ত্রাণের তরে.

২ পাপের সকল কার্য্য, দূরে কর ত্যাজ্য,
কারণ তাহার লাগি য়েশূ মরে.

৩ সত্য, দয়া, ক্ষমা, সকলি অসীমা,
শত্রুর তরে তাঁহার রক্ত ঝরে.

৪ তিনি দয়ার সিন্ধু, এবং পাপির বন্ধু,
তাঁহার গুণ গাও মিষ্ট স্বরে.

৫ ওহে প্রিয় য়েশূ, আমি তোমার শিশু,
তোমা বিনা নাহি জানি কারে.

C. M. B.

বিবাহ।

১০৮

C. M.

১ হে ঈশ্বর পিত স্নেহময়,
হও হেথায় বিরাজমান ;
আজ তব প্রসাদ এ সময়
এই সভায় কর দান.

২ নাথ ! তব কৃপার আশাতে.
বর কন্যা উপস্থিত,
এক্ষণে তোমার দয়াতে
হউক তারা আপ্যায়িত.

৩ পবিত্র প্রীতির মিলনে
হউক উভয় সম্মিলিত ;
বিশুদ্ধ প্রেমের বন্ধনে
হউক বদ্ধ সমুচিত.

৪ বর কন্যায় সদা কর দান
সুশান্তি, সুখ অশেষ ;
সব আপদ হইতে রক্ষ প্রাণ,
দূর কর সকল ক্লেশ.

৫ স্ব দয়ায় তাদের মনস্কাম
সংসিদ্ধ কর, নাথ !
দেও তাদের চিত্তে সুবিশ্রাম ;
রও সদা তাদের সাথ.

J. B.

১০৯

8.7.

১ ওহে য়েশূ পরিত্রাতা,
ধন্য ধন্য তোমার নাম !
তুমি নিত্য শান্তিদাতা ;
তোমার দয়া অবিশ্রাম.

২ প্রভো হে, এ পরিণয়ে
তোমার আশীষ কর দান ;
বর ও কন্যা এ উভয়ে
কর নিত্য ভাগ্যবান.

৩ তোমার কোমল চরণতলে
এ উভয়ে আশ্রয় লউক ;
সুখে দুঃখে সর্ব্বস্থলে
তোমার আজ্ঞাবহ হউক.

৪ ইসাহাক্ ও রিব্কায় যেমন
করেছিলা কৃপাদান,
প্রভো, এ উভয়ে তেমন
কর নিত্য ভাগ্যবান.

৫ তোমার প্রসাদ, পিতার প্রীতি,
পুণ্য আত্মার সম্মিলন
বর ও কন্যায় অবস্থিতি
করুক, ইহা নিবেদন.

J. R.

১১০

রাগিণী মূলতান—তাল একতালা।

হরিষ বদন এবে, হের কন্যা বর,
ধর্ম্মগ্রন্থি প্রেমপাশে, বাঁধা তাদের অন্তর।

১ বিভু সম্মত সংযোগ, নরে না করুক বিয়োগ,
পবিত্র সুখ সম্ভোগ, করে যেন পরস্পর।

২ সুখ শান্তি সুস্থতায় কিবা শোক কিবা দায়,
করিবে সর্ব্ব সময়, কৃপানিধানে নির্ভর।

৩ ভার্য্যা রয়ে বশীভূতা, স্বামীর হয়ে পালিতা,
পাইলে পুত্র দুহিতা, শিখাবে প্রভুর ডর।

৪ হয়ে একতান প্রাণ, যাচি সবে এই দান,
দম্পতি হিত বিধান, কর হে পরমেশ্বর।

C. S.

১১১

রাগিণী দেওগিরি,—তাল একতালা।

আহা কি সুন্দর, শোভা মনোহর,
কিবা চমৎকার শুভ পরিণয়।
আদি নিরূপণ বিবাহ বন্ধন
স্বয়ং প্রভু দেন আদম হবায়।

১ (আহা!) পবিত্র প্রণয়ে মিলিল দুজন,
পতি পত্নী খ্যাত হইল এখন;
হস্ত দানাদানে প্রভু সন্নিধানে
করিল প্রতিজ্ঞা খুলিয়া হৃদয়।

২ (হের) হের নাথ আজি করিয়া করুণা;
সবে মিলি তোমা করি হে সাধনা;
তব দাস দাসী তোমার প্রত্যাশী—
আশীর্ব্বাদ কর হইয়ে সদয়।

৩ (নাথ!) সুখে দুঃখে প্রেমে রাখ দুই জনে,
সঙ্কট সম্পদে তোমার চরণে,
করি' স্থান দান রক্ষা কর প্রাণ
তব দাস দাসী যেন হয়ো রয়।

৪ (নাথ!) ধনমানে পুত্রে কর ভাগ্যবান,
উভয়ের হৃদে কর আত্মা দান;
পিতা পুত্র আত্মা, সত্য শান্তিদাতা!
কর হে উভয়ে শান্তিতে বিদায়।

J. B.

মৃত্যু।

প্রকাশিত ১৪; ১৩। **১১২** 7.7.

১ মরে যখন য়েশূর লোক,
আমরা কেন করি শোক ?
তাদের মৃত্যু মৃত্যু নয়,
জীবনের আরম্ভ হয়.

২ তাদের যুদ্ধ হইল শেষ,
নাহি থাকে দুঃখের লেশ ;
এখন তারা শান্তি পায়,
ত্রাতার কোলে নিদ্রা যায়.

৩ স্বয়ং য়েশূ মরিলেন,
যেন চিরজীবন দেন.
কোথায় গেল মৃত্যুর হুল ?
কোথায় আধোলোকের বল ?

৪ য়েশূর পুনরাগমে
তাঁহার লোকও উঠিবে ;
মন ও দেহ তেজীয়ান !
পাইবে নিত্য বাসস্থান.

R. P. G.

১১৩

7.8. 7.8.

১ জীবন কাল মোর বয়্যা যায়,
অন্তিম সময় নিকট আইসে;
জানে কে, তা কবে হয়?
সদাই আছি মৃত্যুর বশে;
মন হে ত্বরায় প্রস্তুত হও,
য়েশূ খ্রীষ্টের শরণ লও.

২ জীবন এখন কর ব্যয়,
উত্তম আচার ব্যবহারে;
মরণ কালে মন তোমায়
দোষী যেন নাহি করে;
ধন ও মান সে কিছুই নয়,
কর প্রভুর পদ আশ্রয়.

৩ য়েশূর প্রেমরস করি পান,
মন বিশুদ্ধ হইয়া যাইবে;
তাতে হইবে নিশ্চয় ত্রাণ,
মৃত্যুর ভয় বিমোচিত হইবে;
নূতন মন কার যদি হয়,
খণ্ডন হয় তার দণ্ডের ভয়.

৪ জীবন দাতা প্রভু হে,
শুন আমার বিনয় উক্তি;
তোমার আত্মার শক্তিতে
শুদ্ধ কর আমার মতি;
যদি এই কৃপা পাই,
তাহাতে কৃতার্থ হই.

J. G. L.

গীত সংহিতা ৯০ ; ১। **১১৪** 8.7.

১ দয়ার ঈশ্বর তুমি সদা
  তব সাধুগণের বল।
বংশ বংশ পরম্পরা
  তুমি তাদের রক্ষা স্থল॥

২ মর্ত্ত্য জীবন দ্রুতযায়ী;
  স্রোততুল্য গত হয়।
কিন্তু তুমি নিত্যস্থায়ী;
  তব দিনের নাহি ক্ষয়॥

৩ আমরা ক্রোধের যোগ্য পাত্র;
  কিসে রাখি ভরসা ?
প্রভু, তব দয়ামাত্র
  দিতে পারে সান্ত্বনা॥

৪ সেই মহাদয়া গুণে
  শীঘ্র করিও প্রসাদ।
আমরা যেন হৃষ্ট মনে
  তোমায় করি ধন্যবাদ॥

৫ য়েশূ, তব সুসৌন্দর্য্য
  দেখাও ভৃত্য সমাজে।
সিদ্ধ কর তাদের কার্য্য
  সিদ্ধ কর, প্রভু হে॥

R. P. G.

১১৫

জগতে কিছু নাহি আর!
ও ভাই, কেবল য়েশূর প্রেম সার;
যা কিছু দেখি, সকল ফাঁকি, চক্ষু মুদিলে অন্ধকার!

১ দারা, বন্ধু, পুত্র আদি আপন আপন বল্যে কান্দি,
(ঐ যে) মায়াজালে বদ্ধ আছি, তাই সে বলি আমার আমার.

২ যে দেহেতে আত্মা রয়, সেই দেহ ফেল্যে চল্যে যায়;
(দেখ) কায় প্রাণে নাই সম্বন্ধ, ভবে হেথা আছে কে আর?

৩ অট্টালিকা, ধন, কড়ি, দারা, পুত্র, বাগান, বাড়ী
সকল রবে হেথায় পড়ি' কিছুই নাহি সঙ্গে লবার!

৪ মৃত্যু নদীর পরপারে অমরপুর শোভা করে,
শোক দুঃখ নাহি সেথা কেবল সুখানন্দ সার।

৫ চল সহযাত্রী ভাই, ত্বরা করি তথা যাই,
অনন্ত জীবন নিশ্চয় পাব মৃত্যু নাহি হবে আর।

C. M. B.

১১৬

দিন থাকিতে বান্ধ তরি,
যদি পার হবে ভব তুফানে;
ও মন! ছাড়িয়া ভুবন কবে করিবে গমন?
ভুল্যে আছ কেন এ মনে?

১ ও মন! সন্ধ্যাকাল হইলে, ঘেরিবে জঞ্জালে,
অন্ধকার হবে নয়নে;
আত্ম পরিবার ডাক্‌বে বারে বার,
শুনিতে না পাবে শ্রবণে.

২ ও মন! যত ক্ষণ জীবন, দিন তত ক্ষণ,
বুঝো দেখ আপন জ্ঞানে.
যখন আসিবে মরণ, না হবে স্মরণ,
দাগা পড়্যো যাবে ভজনে!

৩ আমি দীন হীন, ভাবি রাত্রি দিন
কি হবে আমার নিদানে!
মনের প্রত্যাশা, প্রভো, পূরাও আশা,
স্থান দিয়া রাখ চরণে.

C. M. B.

১১৭

এ সংসার ছাড়িয়া যাইবার কালেতে
কেহ নাহি সঙ্গে আপনার বলিতে.

১ ভাই রে, যখন মৃত্যুর ভার ঘটিবে অপার,
সাধ্য নাহি কারও ঠেলিতে;
প্রতিবাসী যত, তারা হবে ভাবিত,
কিন্তু কেহ না পারিবে রাখিতে.

২ ভাই রে, দারাসুতগণ আছে যত জন,
করিবে ক্রন্দন শোকেতে;
তারা দেখিবে নয়নে, মলিন ক্ষণে ক্ষণে;
বান্ধি' লইয়া যাবে বিষম কালেতে.

৩ ভাই রে, তাই বলি শুন, হও সচেতন;
ধর য়েশূর চরণ এক্ষণেতে;
তবে ভবভয়ে পার হইবে তোমার,
প্রভু আপনি কাণ্ডারী ত্রাণ নৌকাতে,

C. M. B.

১১৮

য়েশূ অন্তকালে ত্যজনা আমায়,
বিপাকে না ঠেকি যেন নরকের দায়.

১ হায়! জগদ্বাসী সর্ব্ব নরে যদ্যপি মোরে
তুচ্ছ জ্ঞান অপমান সতত করে, হায়! জগদ্বাসী—
তাহাতে না হবে ক্ষতি, জেন্যেছি নিশ্চয়.

২ হায়! সকল জগৎ যদ্যপিও আমার লাভ হয়,
তাহাতে আমার কোন উপকার নয়; হায়! সকল জগৎ—
মৃত্যুর পরে নরক-ঘোরে আত্মা যদি যায়.

৩ হায়! সকল ছেড়্যে, য়েশূ, তোমায় লয়্যেছি শরণ,
ভরসা কেবল আমার তোমার মরণ; হায়! সকল ছেড়্যে—
বিষম সঙ্কটে তুমি হও আমার সহায়.

C. M. B.

নব বর্ষ।

১১৯

রাগিণী ঝিঁঝিট খাম্বাজ,—তাল, আড়াঠেকা।

আজি দয়া কর, নাথ, কাতর কিঙ্করে,
তব শক্তি দিয়া ভক্তি বাড়াও সবার অন্তরে.

১ নব বর্ষ-আগমনে নব হর্ষ হয় মনে ;
তব প্রেমামৃত দানে তৃপ্ত কর সবাকারে.

২ তুমি জীবের জীবন, তুমি নির্ধনের ধন,
তুমি পতিত-পাবন, ধরিব আর কাহারে ?

৩ চাহি না নশ্বর ধন, দেও বিশ্বাস-রতন ;
যেন সবে প্রাণ-মন অর্পণ করি তোমারে.

৪ ত্যজিও না পাপী বলো, ভিক্ষা এই তব স্থলে ;
দিয়া স্থান পদতলে নিস্তার ভব দুস্তরে,

C. S.

১২০

8.7. 7.7.

১ হের, বর্ষ হইল গত,
ত্বরায় হইল অন্তর্হিত;
পুনঃ নব বর্ষ সত্বর
আসি' হইল উপনীত.
সময় অস্থির সর্ব্বদাই,
এই আছে, এই নাই!

২ আহা! গত বর্ষ মধ্যে
কত জনের গেল প্রাণ;
কিন্তু প্রভুর কৃপায় আমরা
আজও আছি বর্ত্তমান.
যিনি রক্ষা করেন প্রাণ,
কর তাঁহার স্তুতি গান.

৩ জীবন জলস্রোতের তুল্য
দ্রুত বহে অনিবার,
আইস, আমরা করি তাহার
উপযুক্ত ব্যবহার.
নাহি জানি কবে, হায়!
মোদের জীবন বিনাশ পায়.

৪ প্রভো, তুমি সর্ব্বদর্শী,
তোমায় করি ভারার্পণ;
তব দয়ায় নব বর্ষে
রক্ষ মোদের দেহ মন.
স্মরি নব বৎসরে
তব প্রীতি অন্তরে.

J. B.

১২১

রাগিণী বিহঙ্গড়া,—তাল আড়াঠেকা।

(প্রভো) জগত-জীবন, জগত-জীবন,
স্বৃষ্টি স্থিতি পালক তুমি, বিশ্ব বিনোদন.
আজি হে নব বৎসরে মোরা সভক্তি অন্তরে
করিতেছি উচ্চৈঃস্বরে তব সঙ্কীর্ত্তন.

১ ওহে প্রভো দয়াময়; দিয়ে তব পদাশ্রয়
আমাদের এ সময় রেখেছ জীবন;
পেয়ে তব আশীর্ব্বাদ করিতেছি হর্ষনাদ!
তব নামে ধন্যবাদ হউক অনুক্ষণ.

২ নাথ, এ নব বৎসরে দীনহীন দাস সত্বরে
রক্ষা কর কৃপা করো এই নিবেদন.
ক্ষম গত সব পাপ, দেও সত্য অনুতাপ;
নব মনে করি যেন তব আরাধন.

J.B.

পুরোহিত নিয়োগ।

১২২

রাগিণী ললিত,—তাল আড়াঠেকা।

ডাকি আজি কৃপাময়, তোমারে হে সকাতরে,
বিরাজি তব আলয়ে, শুন প্রভো! দয়াকরে।

১ যে ঘুষিবে নাম তব, মিলি আজি ভক্ত সব,
তাহারে পাপী বান্ধব, সঁপি তব করোপরে।

২ কৃপা করি গুণাকর, গ্রাহ্য কর এ কিঙ্কর,
নিজ সদাত্মা বিতর, যতনে হে প্রভো তারে।

৩ ধর্ম্মবীজ রোপিবারে, দেহ শক্তি ভক্তি তারে,
পারে যেন অকাতরে, আকর্ষিতে পাপী নরে।

৪ শুন প্রভো! এ মিনতি, করিতেছি তব প্রতি,
সদয় হইয়া অতি, বিরাজ দাস অন্তরে।

৫ হয়ে উল্লাসিত মন, তব শাস্ত্র অধ্যয়ন,
করিয়া হে প্রতিক্ষণ, যেন ভক্ত মন হরে।

৬ হয়ে যেন সুপালক, পালে তব ভক্তলোক,
প্রকাশি ধর্ম্ম আলোক, পাপ অন্ধকার হরে।

C. S.

ভজনালয় প্রতিষ্ঠা।

১২৩

রাগিণী মিশ্রবসন্ত,—তাল আড়াঠেকা।

পরমেশ পরাৎপর পতিত পাবন হে,
কাতর কিঙ্করে কর কৃপা বিতরণ হে.

১ ওহে প্রভো বিশ্বেশ্বর, হও এ মন্দিরেশ্বর;
হউক্ ভক্তের অন্তর তব সিংহাসন হে.

২ যবে এ নব ভবনে মিলে তব দাসগণে,
বিকাশিও প্রেমানন, ভকতি-ভাজন হে.

৩ দিয়েছ এ সেবা-স্থান করি' করুণা প্রদান;
আসি' কর অধিষ্ঠান, এই আকিঞ্চন হে.

৪ আজি সহ-পাপিগণ হয়ে সবে এক-মন
প্রেমানন্দে তব গুণ- করিব কীর্ত্তন হে.

V. C.

১২৪

রাগিণী ঝিঁঝিট খাম্বাজ,—তাল আড়াঠেকা।

কি উপহার আজি, দিব হে নাথ তোমারে,
সঙ্গতি বিহীন সবে, ভিক্ষা করি তব দ্বারে।

১ আজি সবে সফলাশ, ওহে বিভু ভক্ত আশ,
উল্লাসিত দাসী দাস, তব নব গৃহ হেরে।

২ ওহে করুণা নিধান, করি প্রীতি পুষ্পদান,
হও আসি অধিষ্ঠান, কিঙ্কর মনোমন্দিরে।

৩ কর সবে বর দান, কৃতজ্ঞ হউক মন,
তব গুণ সংকীর্ত্তন, করি পাপ ওষ্ঠাধরে।

৪ দেহ হে নূতন মন, ভক্তি হার প্রেমচন্দন
পূজিব তব চরণ, প্রাণ মন ঐক্য করে।

C. M.

স্বদেশের জন্য।

১২৫

8.7.

১ বিশ্বপতি শান্তির আকর
ওহে প্রভো মহীয়ান,
আমাদের এ দেশের উপর
কর তোমার প্রসাদ দান.

২ দেশের শোচনীয় গতি
নহে তব অগোচর !
নাহি দৃষ্টি তব প্রতি ;
ভ্রান্ত সবে নিরন্তর.

৩ কত কাল, হে প্রভো, তুমি
বিলম্ব আর করিবে !
কত কাল এ বঙ্গ ভূমি
অন্ধকারে রহিবে !

৪ হের, প্রভো, হও প্রসন্ন,
শীঘ্র দুঃখের কর শেষ ;
সত্য ধর্ম্মে কর পূর্ণ
অভাগিনী বঙ্গ দেশ.

৫ রাজাপ্রজা তাবৎজনে
তোমায় সত্য শান্তি পাউক ;
বঙ্গবাসী সবার মনে
য়েশূর রাজ্য স্থাপিত হউক.

J. B.

গীত সংহিতা ৮৫; ৯। ১২৬ P. M.

১ স্বর্গস্থ প্রভু হে,
আমাদের দেশেতে
দেও আশীর্ব্বাদ।
যাহাতে মঙ্গল হয়,
কুশল ও শান্তি রয়,
দান কর, দয়াময়
তব প্রসাদ॥

২ রাজাদের অন্তরে,
ধর্ম্মময় আত্মা হে,
নিবাসী হও।
আর যত প্রজাগণ
দিও সুখোস্য মন
ন্যায় ও সদাচরণ
দেশে বাড়াও॥

৩ মিথ্যা দেবার্চ্চনা,
ভ্রান্তি ও অজ্ঞতা
ঘুচিয়া যাউক।
খ্রীষ্ট যেশূর মণ্ডলী
হইয়া বিজয়িনী
দেশের সর্ব্বত্রই
স্থাপিতা হউক॥

R. P. G.

স্বর্গ।

১২৭

C. M.

১ একরাজ্য জানি সুখময়,
সে সাধুর শান্তি দেশ ;
অনন্ত দীপ্তি, রাত্রি নাই,
ও সুখের নাহি শেষ.

২ সেখানে অক্ষয় উন্নুই জল,
ও জীবনবায়ু বয় ;
অমৃত বৃক্ষের চারু ফল,
আর ম্লান পুষ্প নাই.

৩ সে স্বর্গদেশে যাইতে চাই,
নাই অন্য ইচ্ছা আর ;
মৃত্যুর নদী দেখ্‌তে পাই,
কিরূপে হইব পার ?

৪ হে প্রভো, সংশয় কর দূর,
ও মনের অপ্রত্যয় ;
আর দেখাও রম্য সীয়োন পুর,
যে নিত্য দীপ্তিময়.

৫ হে প্রভো, যখন বিয়োগ হয়,
মোর দেহ হইতে প্রাণ ;
তখন সেই রাজ্যে দীপ্তিময়
দেও নিত্য বাসস্থান.

C. E.

১২৮

P. M.

১ ঊর্দ্ধে এক রম্য দেশ,
দূর অতি দূর ;
নাই তথা দুঃখের লেশ,
সেই জীবনপুর.
সে সাধুর অধিকার ;
শোক ও ব্যথা নাহি আর,
নাই সেথা অন্ধকার,
নাই মৃত্যু ক্রূর.

২ গায় তথা অমরগণ
মেষশাবক নাম ;
য়েহোবার সঙ্কীর্ত্তন
হয় অবিশ্রাম.
নাই সুখের অবসান,
সদানন্দে মগ্ন প্রাণ ;
সম্পূর্ণ সিদ্ধির স্থান
সেই স্বর্গ ধাম.

৩ হে প্রিয় কানান দেশ,
মোর ইষ্টস্থান,
তোমারই সুখ অশেষ
মোর নিত্য ধ্যান.
এ মর্ত্ত্য জীবনে।
হেরি তোমায় নয়নে ;
তোমারই কারণে
লালায়িত প্রাণ।

J. B.

১২৯

P. M.

১ হায়! এ ভবে কত ক্লেশ!
স্বর্গে নিত্য সুখ অশেষ;
কিবা রম্য ধাম!
হইলে জীবনান্ত,
তথায় সুখ অনন্ত
পাইব অবিশ্রান্ত
পূর্ণ হইবে মনস্কাম.

২ য়েশূর রক্তে ক্রীতগণ
তথায় আছেন বহু জন
শোভা চমৎকার!
ধন্য তাঁরা ধন্য!
দুঃখ সন্তাপ শূন্য;
স্বয়ং য়েশূর পুণ্য
তাঁদের দিব্য অলঙ্কার.

৩ সেই দিব্য সুখস্থান
চাহে নিত্য আমার প্রাণ;
কবে সেথা যাই!
প্রিয় য়েশূর বদন
যখন হইবে দর্শন,
হইবে সুখে মগন
আমার হৃদয় সর্ব্বদাই.

J. B.

১৩০

রাগিনী গৌরী;—তাল আড়াঠেকা।

অপার আনন্দ-ধাম স্বর্গীয় সীয়োন;
অনন্ত জীবন যথা বহে অনুক্ষণ.

১ নাহি যথা দুঃখ ক্লেশ, নাহি দোষ পাপ-লেশ,
জরা মৃত্যু নাহি তথা, নাহি অনাটন;
নাহি নিশি অন্ধকার, নাহি শোক হাহাকার,
নাহি ক্ষুধাতৃষ্ণা তথা, তৃপ্ত সর্ব্ব জন.

২ রত্ন কিরীটিনী ধাম, যেহোবার বাসস্থান,
অনন্ত অক্ষয় সুখ— পূরিত ভবন.
যথায় কিরুবগণ করে য়েশূ সঙ্কীর্ত্তন
পবিত্র আনন্দে মগ্ন সকলের মন.

৩ মম এ তাপিত প্রাণ চাহে সেই সুখস্থান
নিয়ত তাহার তরে তৃষিত জীবন,
ওহে য়েশূ প্রিয়তম, ত্যজিও না এ অধম;
দিও হে আমায় সেই সুখ-নিকেতন.

J. B.

প্রকাশিত ২১; ২। **১৩১** C. M.

১ য়েরূশালেম, য়েরূশালেম
হে অতি প্রিয়ধাম!
কোন্ দিনে হবে তোমাতে
সংসিদ্ধ মনস্কাম ॥

২ এ নেত্র কবে দেখিবে
সে মণিতুল্য দ্বার।
ও পদবী সুবর্ণময়,
ও কান্তি চমৎকার?

৩ সুরম্য তব বসতি
ত্বরাতে যেন পাই।
না থাকে সেথা কোন পাপ,
আর দুঃখভোগও নাই ॥

৪ কি হেতু মম হৃদয়ে
প্রবেশে শোক ও ভয়।
স্বর্গীয় সেই নগরী
অদূরে দৃষ্ট হয় ॥

৫ হে প্রেয়সী য়েরূশালেম্,
হে পরম পুণ্যধাম।
সংসিদ্ধ হবে তোমাতে
এ দাসের মনস্কাম ॥

R. P. G.

প্রকাশিত ১৪; ৫। ১৩২ C. M.

১ কি মনোহারী শোভা হয়
স্বর্গীয় সীয়োনে।
খ্রীষ্ট য়েশূ তথা দৃষ্টি দেন
প্রসন্ন বদনে॥

২ তাঁর কাছে কত সাধুগণ
আনন্দ পূর্ণ রয়।
ও পিতার অতিপুণ্য নাম
প্রত্যেকে দৃশ্য হয়॥

৩ আঃ কি অশ্রুতপূর্ব্ব গীত
ঐ সাধুগণে গায়।
এ মর্ত্ত্য লোকে সেই গান
না কভু জানা যায়॥

৪ তাহাদের নাহি পাপ ও দোষ,
কলঙ্ক নাহি আর।
খ্রীষ্ট য়েশূর রক্ত তাদের প্রাণ
করিল পরিষ্কার॥

৫ এ হেতু তারা সর্ব্বত্র
তাঁর অনুষঙ্গে যায়।
ও পরম পিতার সমীপে
নির্দ্দোষে গ্রাহ্য হয়॥

R. P. G.

ইব্রীয় ১১ ; ১৬। **১৩৩** P.M.

১ ঊর্দ্ধে আছে চিরস্থায়ী
এক রম্য দেশ।
তথা কিছু দুঃখ নাই
নাই কোন ক্লেশ।
নিত্য দিবা, নাহি রাত্তি,
নাহি রবি, নাহি বাতি,
স্বয়ং প্রভুর তাহার জ্যোতি
নিরবশেষ॥

২ জীবন নদীর জলে হৃষ্ট
সেই রম্য দেশ।
জীবন-বৃক্ষও বিশিষ্ট
যার ফল অশেষ।
সেথা নাহি মন্দকারী,
নাহি কোন দুরাচারী,
সেথা মিথ্যার অনুসারী,
পায় না প্রবেশ॥

৩ পাপী আমি কিসে পাইব
সেই রম্য দেশ?
কিসেতে বা যোগ্য হইব?
নাই পুণ্য লেশ।
য়েশূ হইও মমত্রাতা;
তুমি মাত্র পুণ্য দাতা;
তুমি যাহার পথ ও নেতা
সেই পায় প্রবেশ॥

R. P. G.

১৩৪

P. M.

১ হে ঈশ্বর সর্ব্বশক্তিমান,
অতুল্য ধন্য দয়াবান,
অনন্ত তোমার নাম.
কার সাধ্য আছে করিবার
প্রশংসা তোমার ? তা অপার,
হে সর্ব্বগুণধাম.

২ এক্ষণে করি ধন্যবাদ,
মন হইতে খণ্ডাব বিষাদ,
হে প্রভু দয়াময়.
গাই তোমার প্রেমের কীর্ত্তন গান,
হে য়েশূ তুমি রক্ষ প্রাণ,
ও খণ্ডাও আমার ভয়.

৩ অযোগ্য আমি, পাপী জন,
কি প্রকার করি তোমার গান ?
তেজ প্রতাপে অপার.
হে প্রভু ক্ষম অপরাধ.
এ তোমার প্রতি করি সাধ,
মোর করহ উদ্ধার.

C. M. B.

১৩৫

C. M.

১ মোর প্রভুর দয়া নিত্যস্থায়ী.
তাঁর সত্যতা অটল ;
যদিও সৃষ্টি বিনাশ পায়,
তাঁর অঙ্গীকার সফল.

২ তাঁর অঙ্গীকৃত দয়ার বাক্
নিতান্ত সুস্থির রয়.
ভয় সন্দেহ মোর দূরে যাক্
মোর ঈশ্বর সত্যময়.

৩ তাঁর নিত্য দয়ার গুণেতে,
মোর এরূপ ভরসা,
খ্রীষ্ট য়েশূর অনুরোধেতে
অগ্রাহ্য হইব না.

৪ খ্রীষ্ট য়েশূর মহা কৃপাতে
মোর অশেষ মঙ্গল হয়.
ত্রাণকর্ত্তার মৃত্যু ভোগেতে
মোর আত্মা মোক্ষ পায়.

৫ এ জন্য তাঁহার দয়ার গান
গাই সদা সর্ব্বক্ষণ;
আর যখন হইবে বিয়োগ প্রাণ
হউক দয়ার সঙ্কীর্ত্তন.

J. G. L.

১৩৬

8.7.4.

১ হাল্লেলুয়া মহাকীর্ত্তন,
বড় জয় জয় কারী রব!
জয় জয় য়েশূ জগত্তারণ,
সবে করুক তাঁহার স্তব.
হাল্লেলুয়া,
য়েশূ খ্রীষ্টের মহা স্তব.

২ হে য়েহোবা, তোমার স্তুতি
সর্ব্ব জগতীস্থ লোক
যেন করে, তোমার প্রতি
হাল্লেলুয়া কীর্ত্তন হৌক.
হাল্লেলুয়া,
মহা কীর্ত্তন করা যাউক.

৩ তুমি পিতা, তুমি পুত্র,
ও ধর্ম্মাত্মা পুণ্যবান,
ত্রিত্ব ভাবে একই মাত্র,
মঙ্গলার্থে প্রকাশমান.
হাল্লেলুয়া,
আমরা গাইব পরম গান

৪ পাপী লোকের ত্রাণের কারণ
তুমি আছ সুপ্রকাশ,
য়েশূ নামে হইবে তারণ,
ইহা মোদের মনের আশ.
হাল্লেলুয়া,
য়েশূ খণ্ডেন সর্ব্বনাশ.

৫ হাল্লেলুয়া, জয়২ ধ্বনি,
এখন হর্ষে করি গান,
আমরা য়েশূর সৎগুণ ভণি,
য়েশূ তারক দয়াবান.
হাল্লেলুয়া
ভরুক স্বর্গ মর্ত্ত্য স্থান !

C. M. B.

১৩৭

রাগিণী সুরটমোল্লার। তাল আড়াঠেকা।

তোমার করুণা, প্রভো, করিলে স্মরণ,
বিস্ময়েতে মুগ্ধপ্রায় হয় মম মন।

১ বর্ণ কি বর্ণিতে জানে ! যে রূপ করুণাদানে
অসহায় এ সন্তানে করিয়াছিলে পালন।

২ যখন অজ্ঞান আমি, না জানি জগতস্বামী,
কত দয়া, প্রভো, তুমি করেছিলে বরষণ।

৩ যৌবনজলধি'পরি তোমার করুণাতরি
পাইয়া হে আমি তরি, নতুবা হ'ত পতন।

৪ জীবনে মরণে মন না হইবে বিস্মরণ
তোমার নামের গুণ করিবারে সঙ্কীর্ত্তন।

C. S.

১৩৮

C. M.

১ হে ঈশ্বর, মোদের আশ্রয় স্থান
এখন ও সদাকাল,
ও ভবিষ্যতে পরিত্রাণ
সুরক্ষক এবং ঢাল.

২ য়েহোবা, তোমার ছায়ার তল,
সব সাধুর দৃঢ় বাস.
এক্ষণে তোমার বাহুর বল
হউক আমাতে প্রকাশ.

৩ আর যখন নাহি ছিল কাল,
সব সৃষ্টির পুর্ব্বেতে,
তৎকালে তুমি ছিলা বল,
ও হইবা যুগ অন্তে.

৪ সহস্র বৎসর পরিমাণ,
এক দিনের তুল্য হয়,
নিরন্তর তুমি বর্ত্তমান,
না হইবে তোমার ক্ষয়.

৫ হে প্রভো, আমরাই ক্ষণস্থায়ী,
ও অতিশয় দীনহীন।
স্রোত তুল্য বেগে বহে যাই,
হই তোমার ক্রোধে ক্ষীণ.

৬ হে ঈশ্বব, মোদের আশ্রয় স্থান,
যে ছিলা পূর্ব্ব কাল,
হও, যাবৎ থাকে তনু প্রাণ,
মোর আশ্রয় এবং বল.

C. W. L.

গীত সংহিতা ১৫০ ; ৬।

১৩৯

7.7.

১ প্রভুর কর ধন্যবাদ
উপরিস্থ স্বর্গেতে,
কর স্তব ও হর্ষনাদ
নিম্ন ধরামণ্ডলে.
তিনি কার্য্যে বলবান,
তিনি প্রেম ও দয়াময়,
তাঁরই কর স্তুতিগান,
ভদ্র, ক্ষুদ্র, সমুদয়.

২ যুবা, বৃদ্ধ, বনিতা,
ভজনায় একত্র হও
প্রভুর নিত্য মহিমা
ভক্তি সহকারে গাও.
স্বরে, বাদ্যে, সর্ব্বজন
কর মহানন্দের নাদ,
ওহে সর্ব্ব প্রাণিগণ,
প্রভুর কর ধন্যবাদ.

R. P. G.

১৪০

রাগিণী খটভৈরবী। তাল, একতালা।

পিতঃ, করি তব সঙ্কীর্ত্তন;
তব স্তুতি স্তব করি মোরা সব,
কৃপানেত্রে সবে কর দরশন।

১ তুমি হে অনাদি, অনন্ত. অক্ষয়,
সর্ব্ব শক্তিমান, সর্ব্বদয়াময়;
অপার মহিমা! নাহি তার সীমা;
তব প্রেমে পূর্ণ হেরি ত্রিভুবন।

২ এই দিব্য ধরা তোমার নির্ম্মাণ,
জীবজন্তু নর যত বিদ্যমান;
সবে অনুক্ষণ করিছ পালন,
দয়ার রক্ষণে রাখিছ জীবনে।

৩ আমরা অযোগ্য তোমার সন্তান,
আমাদের সবে কর কৃপাদান;
যেন তব প্রতি করিয়া ভকতি
তব গুণ গান করি সর্ব্বক্ষণ॥

J. B.

১৪১

রাগিণী বাহার। তাল, জৎ।

জগৎপিতা জগত্রাতা ! এস তব ভবনে ;
তব দাসদাসীগণে ডাকে তোমায় যতনে।

১ করি, কৃপা বরিষণ আসি দেহ দরশন ;
নাশ পাপ অগণন ; যেন শান্তি পাই মনে।

২ তুমি জীবের জীবন ; তুমি নির্ধনেরি ধন ;
তুমি পতিত পাবন ; তৃপ্ত কর আশীর্দানে।

৩ দূতগণ ও চরণ সেবে সদা সর্ব্বক্ষণ।
আমরা হে অভাজন ; গ্রাহ্য কর নিজ গুণে।

৪ পূরা আশ এইক্ষণ দেখাও তব আনন ;
যেন ওহে চির দিন, পূজি নাথে কায়মনে।

C. S.

১৪২

Darwell. 148.

১ হে অশেষ গুণবান,
হে য়েশূ প্রিয়তম,
এ দীনকে কর দান
সুশান্তি অনুপম।
মোর মনস্কাম, ত্রাণকর্ত্তা হে,
সংসিদ্ধ কর সত্বরে।

২ ক্ষীণ দুর্ব্বল শিশুর ন্যায়,
কি করি ? করি কি ?
স্বকীয় উপায় নাই
মোর উপায় তোমাতেই
মোর মনস্কাম, ত্রাণকর্ত্তা হে,
সংসিদ্ধ কর সত্বরে।

৩ পিপাসিত ক্ষুধিত হই,
সন্তৃপ্ত কর হে;
না করিলে প্রাণ যায়
অসহ্য কাতরে।
মোর মনস্কাম, ত্রাণকর্ত্তা হে,
সংসিদ্ধ কর সত্বরে।

৪ যা কিছু করি তাই
কলঙ্কিত পাপেতে,
মোর পুণ্য কিছু নাই
মোর আশা তোমাতে।
মোর মনস্কাম, ত্রাণকর্ত্তা হে,
সংসিদ্ধ কর সত্বরে।

৫ প্রাণ-বিয়োগ যখন হয়
মোর আত্মা দিও স্থান!
দেও শান্তি-ভোগ অক্ষয়
স্বর্গেতে অধিষ্ঠান।
মোর মনস্কাম, ত্রাণকর্ত্তা হে,
সংসিদ্ধ কর সত্বরে।

J. V.

গীতা সংহিতা ৯০। **১৪৩** C. M.

১ হে প্রভো, তুমি চিরকাল
আমাদের বাসস্থান;
সব সৃষ্টির পূর্ব্বে তুমি, নাথ,
অনাদি মহীয়ান!

২ সহস্র বৎসর তোমার ঠাই
অতীত কল্যের ন্যায়;
ও রাত্রি কাল প্রহরের ন্যায়।
স্রোততুল্য সময় যায়।

৩ হে প্রভো, তোমার কোপেতে
হয় মোদের জীবন ক্ষয়;
আর তোমার প্রবল উষ্মাতে
উৎকণ্ঠিত হয় হৃদয়।

৪ এ ক্ষণিক আয়ু দ্রুত ধায়
আর আমরা উড্ডীন হই;
হায়! তোমার ক্রোধের সম্মুখে
দাঁড়াইতে সাধ্য নাই।

৫ হে প্রভো, ফির—কতক্ষণ?
বিলম্ব নাহি সয়;
হও রক্ষক মোদের বিপদে
ও চিরন্তন আশ্রয়।

J. B.

১৪৪

8.7. double.

১ ওহে ঈশ্বর, তোমার দয়া
তায় মোর নিত্য রক্ষা হয়।
পাইলে তোমার পদচ্ছায়া,
নাহি থাকে আমার ভয়।
তোমার কৃপা মহাশ্চর্য্য,
নাহি তাহার তুলনা;
আমার অতি অধম কার্য্য,
মোরে দণ্ড দিও না।

২ পাপী লোককে তারিবারে
তোমার করুণা অপার!
আপন প্রেমে কেবা করে
পাপী জনের উপকার?
ওহে ঈশ্বর পতিত পাবন,
অপবিত্র আমার মন।
আমার দুঃখ কর মোচন,
আমি বড় অনাথ জন।

৩ প্রভু য়েশূ, ক্ষমা কর;
তোমার কাছে দেও স্থান।
আমার পাপকে নাহি ধর,
রক্ষ এ পাপিষ্ঠের প্রাণ।
মৃত্যুকালের জন্য আমি
নিত্য প্রস্তুত হইতে চাই।
ওহে প্রভো জগৎস্বামি,
তোমার আশ্রয় যেন পাই।

C. M. B.

১৪৫

L. M.

১ হে য়েশূ, তোমার পুণ্যতা
ও রক্ত হয় মোর সুশোভা
সব জগৎ যদি লুপ্ত হয়,
ঐ রক্তে আমার ভরসা রয়.

২ বৈভবের স্থানে যখন যাই,
ও মৃত্যু হইতে উত্থিত হই,
মোর আত্মা তখন বলিবেন,
মোর জন্যে য়েশূ মরিলেন.

৩ এইরূপে যত সাধুগণ
ঐ রক্তে পাইয়া মুক্তি ধন,
স্বর্গালয় গিয়া তারা কয়,
খ্রীষ্টরক্তে মোদের মুক্তি হয়.

৪ আর বিচার দিনে সাহস পাই,
যে দোষারোপী কেহ নাই;
যেহেতুক তোমার রক্ত দান
যথার্থ সাধে পরিত্রাণ.

৫ ঐ পুণ্যরূপ যে আবরণ
হয় কভু নাহি পুরাতন;
মোর যত বিষয় পাইবে ক্ষয়,
ঐ পুণ্য বস্ত্র নিত্য রয়.

৬ যে লোকে পাপে মৃত রয়,
সে সকল যেন জীবন পায়,
ও স্বীকার করে সর্ব্বদা,
যে য়েশূ মোদের পুণ্যতা.

C. M. B.

যিশায়িয় ৫৪ ; ১০।

১৪৬

L. M.

১ যে পর্ব্বত উচ্চ বৃহৎকায়,
তার সকল যদি পতন হয়,
বিশ্বস্ত ঈশ্বর সর্ব্বদা,
তাঁর বাক্যের না হয় অন্যথা.

২ এই উক্তি ঈশ্বর-বাণীতে,
তা বিশ্বাস করি মনেতে,
হয় যদি সৃষ্টির অন্যথা,
তাঁর বাক্য লুপ্ত হইবে না.

৩ তাঁর নিয়মবাণী নিত্যস্থায়ী,
তাঁর প্রেম ও দয়া সর্ব্বদাই,
"বিশ্বস্ত" যেমন তাঁহার নাম,
তাঁর কর্ম্ম তদ্রূপ জানিলাম.

৪ হে দুর্ব্বল ক্ষীণ বিশ্বাসিগণ,
তা প্রত্যয় কর সর্ব্বক্ষণ,
বিশ্বস্ত যিনি তাঁহার ঠাঁই,
সব আনুকূল্য পাওয়া যায়.

৫ সব উচ্চ পর্ব্বত পড়ো যাউক,
ও তাবৎ সৃষ্টির বিনাশ হউক,
এই কথা মনে রাখিলাম,
"বিশ্বস্ত" আছে তাঁহার নাম.

J. G. L.

১৪৭

রাগিণী বারোঁয়া। তাল আড়াঠেকা।

তাঁরে ভুলনা, রে মন,
যিনি নিজ বাক্যবলে সৃজিলেন ভুবন

১ তিনি দয়ার সাগর, তাঁর তুল্য নাহি আর;
তিনি ঈশ্বর-কুমার স্বয়ং সনাতন।

২ তাঁহার করুণা বলে বাঁচে জীব ধরাতলে;
না পেলে সে মহাবলে, অবশ্য মরণ।

৩ তিনি ভকতবৎসল; দুর্ব্বল জনের বল;
সকলের আশাস্থল; পতিত পাবন।

৪ যাঁহার ইচ্ছাতে সবে আসিয়াছি এই ভবে,
সেবিলে তাঁহারে, হবে স্বর্গেতে গমন।

C. S.

১৪৮

য়েশূ পরম ধন!
তাঁরে যত্ন কর আমার মন.

১ প্রভু ছাড়িলেন স্বর্গস্থান, আইলেন মর্ত্য ভুবন;
ও মন, তোমারই কারণ;
তিনি নরের জন্য নর-দেহ, ও মন, করিয়াছে ধারণ।

২ ও মন, তোমার পাপের জন্যে গেৎশিমানী বাগানে
কত দুঃখ তাঁর প্রাণে!
ও মন,তোমার মহাপাপের জন্যে তিনি ক্রুশে হইলেন সমর্পণ।

৩ যে জন বিশ্বাস করে, রে মন, সে পাইয়াছে ঐ খ্রীষ্ট ধন,
সে ধন অমূল্য রতন!
ঐ ধন অনন্তকাল থাক্‌বে,রে মন,তাহার ক্ষয় নাহি হবে কখন।

B. M. B.

১৪৭

রাগিণী গৌরী। তাল আড়াঠেকা।

কর সবে দিবানিশি য়েশূ সঙ্কীর্ত্তন;
য়েশূ নামে পাই সবে অনন্ত জীবন।

১ বিনা সেই য়েশূ নাম নাহি আর কোন নাম;
সেই নামে পাইয়াছি পাপ বিমোচন।

২ য়েশূ নামে শান্তি পাবে, মনোদুঃখ দূরে যাবে;
সেই নামে স্বর্গপুরে হইবে গমন।

৩ ওহে য়েশূ, তব নাম পূর্ণ করে মনস্কাম;
ঐ নামের গুণে দয়া কর বিতরণ।

৪ তব নাম চির দিন গা'ব আমি নিশিদিন;
হৃদে গাঁথি' রাখিব সে পরম রতন।

J. B.

১৫০

P. M.

১ সর্ব্বোপরিস্থের সম্মান হউক,
সব গুণের যিনি আকর;
তাঁর নামে স্তুতি করা যাউক,
প্রেমরসের যিনি সাগর;
এই বিশ্ব তিনি রচিলেন,
ও প্রাণিমাত্রে স্বজিলেন,
তাঁহাকে কর আদর।

২ সূর্য্য ও চন্দ্র, তারাগণ
তাঁর তেজে পাইয়া শোভা
গগনে চলে অনুক্ষণ,
প্রকাশে তাঁহার প্রভা;
তাঁর কৌশল কত চমৎকার।
সব সৃষ্টি করে সুপ্রচার;
তাঁহাকে কর আদর।

৩ স্বর্গস্থ পিতা নিয়ত
নিজ লোকের করেন পালন;
তাহাদের অভাব সতত
স্বদয়ায় করেন পূরণ।
সব দুঃখে দেন সুসান্ত্বনা,
ও গ্রাহ্য করেন প্রার্থনা;
তাঁহাকে কর আদর।

৪ ঘোর দুঃখে হইয়া অভিভুত
করিলাম কাতর উক্তি;
পাঠাইলেন তিনি স্বর্গদূত,
অচিরে পাইলাম মুক্তি;
প্রায় যখন মৃত্যু করে গ্রাস,
তাঁর ত্রাণরূপ হস্ত হয় প্রকাশ;
তাঁহাকে কর আদর।

৫ তোমারই মহৎ কার্য্যের স্তব,
হে প্রভো, করি প্রচার।
হে প্রভুর প্রিয় সেবক সব,
উল্লাসে কর স্বীকার;
সুকার্য্য প্রভু করিলেন,
সব সুন্দররূপে সাধিলেন;
তাঁহাকে কর আদর।

A. S.

১৫১

এস মন-মন্দিরে, য়েশূ হে!
বিদরে হৃদয়, প্রভো, তোমায় না হেরে.

১ এস এস প্রভো এস, আমার হৃদয়ে বস,
প্রেম-ফুলে নয়ন-জলে পূজি তোমারে.

২ তৃষিতা হরিণী-প্রায় ব্যাকুলিত এ হৃদয়;
দেও দেখা, দয়াময়! আসি সত্বরে.

৩ তুমি মম প্রাণেশ্বর, ভক্ত বৃন্দের মনোহর,
তুমি পরম সুন্দর, দেখে মন হরে

৪ তব রূপ সদা হেরে, ভাসি তব প্রেম-পাঁতারে,
ভব-ভয়ে যাব তরে৷ তোমার নাম করে৷

B. M. B.

১৫২

রাগিণী আলেয়া। তাল আড়াঠেকা।

কর, ওরে মন, য়েশুর সাধনা;
তিনি সুপালক তব, কিসের ভাবনা?

১ শ্যামবর্ণ তৃণ-স্থল, যথা সুশীতল জল,
রাখেন সেখানে দাসে করি' করুণা.

২ ভ্রমে যদি ছাড়ি পাল, তত্ত্ব লন সে রাখাল,
ফিরায়ে কৃপায় দোষ করেন মার্জ্জন.

৩ তিনি আমার সহায়, কেন তবে হবে ভয়?
নিদান কালে আমারে দিবেন সান্ত্বনা.

৪ বৃথা অরি করে রোষ, আমি পাই খাদ্য পোষ;
নিত্য কৃপাদানে প্রভু রাখেন সুমনা.

B. M. B.

১৫৩

7.6.

১ সুরক্ষা য়েশূর কোলে!
তাঁর বক্ষঃ আশ্রয় স্থান;
তাঁর প্রেমে হইয়া লগ্ন
পায় বিশ্রাম তথায় প্রাণ.
ঐ শুন! সংগীত ধ্বনি,
স্বর্গীয় দূতগণ গায়,
এ হৃদয় এখন য়েশূর
শ্রীমুখের দীপ্তি পায়।

২ সুরক্ষা য়েশূর কোলে!
নাই ভীষণ চিন্তার লেশ।
পরীক্ষা পাপে আমায়
না দিবে সেথা ক্লেশ।
যদিও কিঞ্চিৎ দুঃখ,
মোর জন্যে হেথায় রয়
পাইব সেথায় মুক্তি
না হইবে সংশয় ভয়।

৩ হে য়েশূ প্রিয় ত্রাতা!
মোর তরে হতপ্রাণ,
সুদৃঢ় আশ্রয় গিরি,
চিরন্তন আশার স্থান।
দেও আমায় ধৈর্য্য মনে,
রই তোমার অপেক্ষায়,
হয় যখন নিশি প্রভাত
প্রাণ যেন তোমায় পায়।

১৫৪

রাগিণী খাম্বাজ। তাল মধ্যমান।

১ য়েশূ গুণ চিন্তনে মন, পুলকে পূরিত হয়,
তবে তাঁর দরশন, আহা কি আনন্দময়।

২ সে নাম হতে মধুর, আছে কি হে নামান্তর,
য়েশূ খ্রীষ্ট ত্রাণেশ্বর, সর্ব্বোৎকৃষ্ট সুখময়।

৩ অনুতাপীর আশা তুমি, নম্র জনের ইষ্ট তুমি,
ভিক্ষুকের দয়ালু স্বামী, ভক্তজনের সহৃদয়।

৪ যে জন তোমারে পায়, তার কি সৌভাগ্যোদয়,
তব প্রেমে প্রেমী হয়ে, সতত আনন্দে রয়।

৫ মোদের আনন্দ স্থল, হন য়েশূ মহাবল
ইহকাল, চিরকাল, তোমাতে গৌরব রয়।

P. M. R.

গীত সংহিতা ১৩৬ ; ১। **১৫৫** P. M.

১ গাও নিত্য প্রভুর ধন্যবাদ
একচিত্তে, মানবগণ ;
নিরন্তর কর হর্ষনাদ,
ও মধুর সঙ্কীর্ত্তন।
ধন্য প্রভু, ধন্য ধন্য !
ধন্য প্রভু ধন্য ধন্য !

২ এই বিশ্বমণ্ডল সুশোভন,
জীবজন্তু সমুদয়,
আর সূর্য্য, চন্দ্র, তারাগণ
তাঁর দ্বারাই সৃষ্ট হয়।
ধন্য প্রভু, ধন্য ধন্য।
ধন্য প্রভু ধন্য ধন্য !

৩ তাঁর নিত্য প্রেমের নিদর্শন
সর্ব্বত্র দৃশ্যমান ;
আমাদের আত্মা, তনু, প্রাণ
তাঁর কৃপায় বর্ত্তমান।
ধন্য প্রভু, ধন্য ধন্য !
ধন্য প্রভু ধন্য ধন্য !

৪ হে প্রভো, তোমার চরণে
কৃতজ্ঞ হইয়া রই ;
আর তোমার প্রসাদ স্মরণে
উল্লাসিত চিত্ত হই,
ধন্য প্রভু, ধন্য ধন্য !
ধন্য প্রভু ধন্য ধন্য !

১৫৬

8.7. double.

১ ঈশ্বর তিনি সর্ব্বদর্শী,
সকল স্থানে বর্ত্তমান,
স্বর্গ পৃথিবীর নিবাসী
তাঁহার সাক্ষাৎ প্রকাশমান.
মোদের তাবৎ কর্ম্ম, চিন্তা,
তাঁহার কাছে সুপ্রকাশ,
মনের ভাব ও মুখের কথা,
গুপ্ত নাহি একটি শ্বাস.

২ ঈশ্বর সর্ব্ব অন্তর্যামী,
স্বর্গ, মর্ত্য, পাতালে,
ঊর্দ্ধ. অধ, মধ্যগামী,
তাঁহার শক্তি সর্ব্বত্রে.
সকল আছে তাঁর প্রত্যক্ষ,
গুপ্ত লুপ্ত কিছু নয়,
সকল দিগে তাঁহার চক্ষু
দিবা রাত্রি সর্ব্বদাই.

৩ অহে ঈশ্বর, আমার প্রতি
সদা কর দৃষ্টি পাত,
সরল কর আমার গতি,
নাহি ত্যজ আমার হাত;
তবে আমি তোমার কথা
শিরে ধরি চলিব,
এবং মরণান্তে তথা,
তোমার স্তুতি করিব.

J. G. L.

১৫৭

C. M.

১ হউক য়েশূ নামের সমাদর,
দূত করুক প্রণিপাত ;
স্তব কর তাঁহার নিরন্তর,
দেও মুকুট শিরে তাঁর !

২ দেও মুকুট, ওহে সাক্ষ্যমর,
হে স্বর্গের সাধুগণ,
হউক দায়ুদস্মুতের সমাদর,
দেও মুকুট শিরে তাঁর !

৩ হে তুরীধারী কেরুবগণ,
তাঁর সাক্ষাৎ নত হও,
যাঁর সৃষ্ট তোমরা সর্ব্বজন,
দেও মুকুট শিরে তাঁর !

৪ হে আদামবংশের মুক্ত নর,
যাঁর রক্তে পুণ্যবান,
সেই ত্রাতার কর সমাদর,
দেও মুকুট শিরে তাঁর !

৫ হে প্রত্যেক বংশ, প্রত্যেক জাত্
এই বিশ্বমণ্ডলে,
তাঁর কাছে কর জানুপাত
দেও মুকুট শিরে তাঁর !

J. B.

১পেত্র ৩; ১৫। গীত সং ৮৬; ১৫ **১৫৮** 7. 8.

১ ঈশ্বর অতি ধৈর্য্যবান,
তাহা দেখ মূর্ত্তিমান,
শাস্ত্রে লিখিত সুপ্রমাণ,
তাহা কর মনে ধ্যান.

২ যখন জলপ্লাবন হয়,
তাঁহার ধৈর্য্য অতিশয়,
মানব প্রতি প্রকাশ পায়,
তবু তারা মানে নাই.

৩ য়াকোব বংশের সকল লোক,
করি তাঁহার ধৈর্য্য ভোগ,
চল্লিশ বৎসর প্রান্তরে,
কঠিন থাকে অন্তরে.

৪ আজও তিনি ধৈর্য্যশীল,
তাহা জানুক লোক অখিল ;
প্রত্যেক প্রাণী প্রমাণ পায়,
তাঁহার ধৈর্য্য নিত্যস্থায়ী.

৫ কুপথ ছেড়ো দুষ্ট জন,
যেন তারা ফিরায় মন,
প্রভু এই আশাতে,
ধৈর্য্য করেন দয়াতে.

৬ নিষ্ফল বৃক্ষ রূপ যে জন,
তাহার প্রতি ধৈর্য্য হন,
য়েশূর বিনয় প্রার্থনায়
তাকে কাটেন না ত্বরায়.

৭ এমন ঈশ্বর ধৈর্য্যবান,
তাহা নিত্য কর ধ্যান,
অদ্ভুত তাঁর সহিষ্ণুতা.
মন রে তাহা ভুল না.

—— J. G. L.

১৫৯

এমন আশ্চর্য্য প্রেম প্রকাশিলে,
প্রভু শত্রু লাগি প্রাণ দিলে।

১ প্রভু জগতে ছিলে, নরেতে মিলে, হে নরমেধ হইলে,
প্রভু নরের নরক-জ্বালা আপনি নিবারিলে।

২ প্রভু দিয়া নিজ প্রাণ,হল্যে বলিদান,হে প্রভু অতি দয়াবান,
তুমি অন্ধ খোঁড়া গোঙ্গা আর মৃতকে বাঁচাইলে।

৩ প্রভু শত্রু হস্তে প্রাণ, করি সমর্পণ, কৈলে কবরে শয়ন,
পরে তিন দিনের দিন প্রাতে আপনি হে উঠিলে।

৪ পিতা ঈশ্বর সদনে, আছ তাঁর দক্ষিণে, স্থান প্রস্তুত কারণে,
ওহে নিজাশ্রিত জনে, তুমি রাখিবে সে অতুলে।

—— B. M. B.

হাবাকুক ২; ১৪।

১৬০

১ রাজাদের মহারাজ!
ভবিষ্যৎ, ভূত ও আজ,
চিরকাল সেই.
স্বর্গ যাঁর সিংহাসন,
ভব যাঁর পদাসন,
হে সর্ব্বশক্তিমান,
প্রকাশিত হও.

২ স্বর্গ কি পৃথিবী,
সকলই তোমারই;
লও হে সব!
করিতে অধিকার
কত বিলম্ব আর
করিবে? প্রভো হে,
প্রসন্ন হও!

৩ সমুদ্র জলেতে
যেমতি পূর্ণ হয়,
ভব সেই রূপ
ঈশ্বরের মহিমার
জ্ঞানেতে পূর্ণ হউক
মহীয়ান হইবে
পৃথিবী সব্.

C. B.

১৬১

8.7.

১ প্রভু য়েশূ খ্রীষ্টের তুল্য
কোথায় এমন গুণবান!
তিনি দিলেন প্রাণ অমূল্য,
কি আশ্চর্য্য প্রেমের দান!

২ য়েশূ সত্য প্রেমের রতন,
তিনি সর্ব্বগুণধাম!
মন রে, রাখ করি' যতন
য়েশূ খ্রীষ্টের প্রিয় নাম!

৩ প্রভু য়েশূ ত্রাণের সেতু,
গাও হে তাঁহার গুণগান;
পাপীর পরিত্রাণের হেতু,
তিনি দিলেন তনুপ্রাণ!

৪ য়েশূ জীবনদায়ী বৃক্ষ,
তাঁহা হইতে পাড় ফল!
তিনি পারমার্থিক ভক্ষ্য,
তাঁতে হয় অলৌকিক বল!

৫ য়েশূ সর্ব্বগুণমণি,
রাজ্য, শক্তি, গৌরব তাঁর!
আমি অতি অধম প্রাণী
বর্ণি কিসে গুণ অপার?

P. B.

পরমগীত ৫ ; ১৬। **১৬২** 7.6. double.

১ খ্রীষ্ট য়েশূ্ নামের স্মরণ
কি মনোরম্য ! হয় !
এ দুঃখী অন্তঃকরণ
তাহাতে শান্তি পায় !
খ্রীষ্ট য়েশূ্ নামের তুল্য
আর কোন শব্দ নাই ;
তায় সান্ত্বনা অমূল্য,
ও তৃপ্তি সর্ব্বদাই !

২ সন্তপ্তচিত্তের আশা
দয়ালু য়েশূ্ হে,
না পারে কোন ভাষা
তোমারে বর্ণিতে ;
দুর্ব্বলের শক্তি তুমি ;
দীনহীনের মিত্রবর ;
পাপতাপীর পুণ্য ভূমি ;
শয়তানের ধ্বংশকর !

৩ হে ক্রুশে হত খ্রীষ্ট,
শুনিও প্রার্থনা
হউক এই মন নিবিষ্ট
তোমাতে সর্ব্বদা !
ভবে যে উপায় অন্য,
তায় কিছু নাহি সার ;
হও তুমি পথ ও পুণ্য
ও নিত্য পুরষ্কার !

R. P. G.

১৬৩

7s. double.

১ প্রিয় ত্রাতা য়েশূ হে,
তব কোলে আমায় লও ;
রাশী রাশী তরঙ্গে,
তুমি আমার আশ্রয় হও,
রক্ষ তব আশ্রিত জন,
কর দয়ায় উপকার ;
সদা কর সুরক্ষণ,
অনাথ দীন হীন প্রাণ আমার ॥

২ আশ্রয় নাহি অন্য আর,
আমায় ছেড়ে দিও না ;
শান্তি দিয়া অনিবার,
কর আমায় সান্ত্বনা,
তুমি আমার আশার স্থান,
তোমা বিনা কোথা আর,
তৃপ্ত হবে আমার প্রাণ ;
কর আমার উপকার ॥

৩ তোমার প্রসাদ পেলে পর,
আমার পাপের মোচন হয় ;
তুমি চিত্তের স্বাস্থ্যকর,
সরল কর মোর হৃদয় ;
নিত্য জীবনাকর হে,
আমায় জীবন কর দান ;
আমার এই অন্তরে,
সদা থাক বিদ্যমান ॥ আমেন।

H. J. H.

১৬৪

ভবে যদি এসেছ য়েশু,
কিছু সাধন-মতি দেও হে মোরে।
সাধন-মতি দেও হে মোরে, ভজন-মতি দেও হে মোরে হে য়েশু;
যদি নিজ গুণে কর দয়া ভবে অনায়াসে পাই তোমারে।

১ আসিয়া অনাথের নাথ, দেখাইলা ধর্ম্মপথ, পাপীরে;
তুমি না আসিতে যদি, কি হইত নরের গতি ? হে য়েশু,
প্রভু তোমা বিনা এ ভুবনে লোকে ভ্রমণ করে অন্ধকারে।

২ করিতে পাপীর হিত, প্রকাশিলে ধর্ম্ম-নীত, জগতে;
তব ধর্ম্ম-প্রতাপেতে, অন্ধকার নারিল রইতে, হে য়েশু।
এখন দিনে দিনে জগজ্জনে আলো দেখিবে নয়ন ভরে।

৩ মোরা অতি অভাজন, কিরূপে করি ভজন, তোমার হে;
পাপে কলুষিত-চিত্ত, দয়ায় কর সংশোধিত, হে য়েশু
তব রক্তে ধুইয়া মোদের হৃদয় লও তব গ্রাহ্য-যোগ্য করে।

প্রা, কৃ,

১৬৫

রাগিণী ইমন কল্যাণ। তাল ধ্রুপদ।

ধন্য ঈশ্বরনন্দন পাপবিনাশকারণ!
অধমতারণ হে য়েশু, হে!

১ অখিল বিশ্বের পতি তুমি, দয়াবান,
সর্ব্বব্যাপী, সর্ব্বদর্শী, সর্ব্বশক্তিমান।
প্রকাশিয়া নিজ দয়া, নর অবতার হইয়া
এ জগতে আসিয়া দিলা দরশন।
পতিত পাবন হে য়েশূ, হে!

২ ওহে য়েশূ, তুমি সব সদ্‌গুণ আধান,
অনাদি অনন্ত তুমি সকল প্রধান।
পিতৃবক্ষঃস্থল ত্যাগি' পাপিষ্ঠ নরের লাগি'
হইয়া তুমি অনুরাগী লভিলা নিধন।
প্রায়শ্চিত্তকারণ, হে য়েশূ, হে!

৩ ত্রিকালজ্ঞ তুমি, নাথ! নিত্যবর্ত্তমান;
তুমি ত্রিলোকের পতি স্বয়ং সনাতন।
কে জানে তব মহিমা! তব প্রেমের নাহি সীমা;
কি দিব তাহার উপমা? স্মরি অনুক্ষণ।
পাপ বিমোচন হে য়েশূ, হে!

৪ কাতর কিঙ্করে কর করুণা প্রদান,
অন্তে যেন শান্তিধামে পাই পরিত্রাণ;
আমি অতি মূঢ়মতি, কি জানি স্তব বিনতি!
স্বর্গদূত তব স্তুতি করে অনুক্ষণ।
দেহি নূতন মন, হে য়েশূ, হে!

P.

১৬৬

দীনহীন করিতে পরিত্রাণ
কেবল তুমি খ্রীষ্ট দীন দয়াল।

দীনহীনে তরাইতে-ভক্তিহীনে তরাইতে-হে য়েশূ,
যে জন আপনায় দীনহীন জানে, ওহে,
তুমি তার দুর্ব্বলের বল।

১ আপনারে পুণ্যবান-যে করিবে অনুমান-মনেতে,
সে জনের হয়েছে ভ্রান্তি,কভু না পাইবে শান্তি,হে প্রভো;
সে জন আপন দোষের সাজা শেষে নিশ্চয়
ভুগিবে অনন্তকাল।

২ আমি পাপী দীনহীন,হ'তে চাহি তোমার অধীন,য়েশূ হে;
করি বটে এই সাধ, রিপু করে বিসম্বাদ-মনেতে;
তুমি অনুকূল হয়ো আমায় আজি কাট কালের মায়াজাল।

গীত সংহিতা ৯৬; ১। **১৬৭** P. M.

১ খ্রীষ্ট প্রভুর যে স্তব
তা ধ্বনিত হউক।
তাঁর মহিমার রব
সর্ব্বত্রই যাউক।
হে সূর্য্য ও শশী, হে নক্ষত্রগণ,
হে দিবা ও নিশি, তাঁর কর স্তবন

২ হে সাগর ও হ্রদ,
হে পর্ব্বত ও বন।
হে ক্ষেত্র ও নদ,
হে পশ্বাদিগণ।
হে ঈশ্বরের সৃষ্ট, হে ক্ষুদ্র মহান
হও সকলে হৃষ্ট, উঠাইও গান

৩ ভূমণ্ডলের নাথ
উপস্থিত হন।
ও ভৃত্যদের সাথ
স্বরাজত্ব লন।
খ্রীষ্ট য়েশূর যে কার্য্য, তা হবে না ক্ষয়,
তাঁর বল অনির্ব্বার্য্য, পায় সর্ব্বত্র জয়।

R. P. G.

১৬৮

রাগিণী খাম্বাজ,—তাল, জৎ।

অন্তর হইতে, য়েশূ, অন্তর হইও না।
তোমাবিনে ভক্তজন ক্ষণেক প্রাণে বাঁচে না।

১ চারিদিকে শত্রুকুল, হয়েছি ভেবে আকুল!
শুন হে দায়ুদমূল, হৃদাসন ছেড়ো না।

২ সংসার বাসনা যত কাম, ক্রোধ, লোভ, কত
দিতেছে অনবরত অতিশয় যাতনা।

৩ বিপক্ষ মহাবল, তাহে আমি হীনবল।
ওহে দুর্ব্বলের বল, এ কিঙ্করে ত্যজ না।

C. M. B.

১৬৭

ওহে ঈশ্বর তব তুল্য কে আছে মহান,
তব শক্তির পরিচয় আশ্চর্য্য আখ্যান,

১ ঈশ্বর তত্ত্ব করি গান, তিনি সর্ব্বশক্তিমান,
পৃথিবীপরে ধরাধর তাঁহারই নির্ম্মাণ,
সাগরাদি সুবিস্তার, আদ্যে হইল গুণে তাঁর,
আকাশমণ্ডল তিনি কৈলেন প্রসারণ.

২ করিবারে দিনমান, শূন্যে থুলেন অংশুমান,
যাতে নানা ঋতু হয়, হায় কিবা জ্ঞান.
দেখ তাঁর সুকৌশলে গ্রহ আদি সদা চলে,
নিশাপতি রাত্রিকালে করে আলো দান.

৩ উত্তম খাদ্য সবিশেষে, জন্মাইলেন সর্ব্বদেশে,
সকল জীবে পালিবারে স্বয়ং দয়াবান.
নরের প্রতি বিশেষ চেষ্টা, করিলেন জগৎস্রষ্টা,
দিব্য স্বভাব দিয়া করেন সকলের প্রধান.

৪ যদি ভূমি নিরীক্ষণ করি আমি ক্ষণেক ক্ষণ,
কিম্বা আকাশেতে দেই যদি হে নয়ন.
কোথা নাহি এমন স্থান, পলাইয়া বাঁচাই প্রাণ,
সর্ব্বত্রেতে আছেন ঈশ্বর নিত্য বিদ্যমান.

P. B.

রোমীয় ৮ ; ২৬। **১৭০** L. M.

১ হে পরমাত্মা কৃপাবান,
আমাতে হইও প্রকাশমান;
হয় যেন প্রস্তুত আমার মন
করিতে প্রভুর সংকীর্ত্তন.

২ দান কর সুবিবেচনা,
সারল্য এবং সত্যতা.
সে ভগ্ন অন্তঃকরণ দেও
ও যাতে তুমি তুষ্ট হও.

৩ দীনহীনের বন্ধু য়েশূকে
বসে করাও আমার অন্তরে;
তাঁর ক্রুশে যেন শান্তি পাই,
ও তাঁহার প্রেমে মগ্ন হই.

R. P. G.

গীত সংহিতা ৮৪; ১। **১৭১** 7s.

১ স্বর্গস্থায়ী প্রভু হে,
কেমন রম্য সেই স্থান,
যথায় আপন দয়াতে
তুমি থাক প্রকাশমান.

২ তব দর্শনেচ্ছাতে
কাতর হইল প্রাণ ও মন ;
আমি তব প্রাঙ্গণে
করি যেন পদার্পণ.

৩ সেথায় একই দিবসে
যত মঙ্গল আমি পাই,
শত শত দিনেতে
অন্য স্থলে তত নাই

৪ স্বর্গস্থায়ী প্রভু হে,
কেমন ধন্য সেই জন,
তোমার আনুকূল্যে যে
শ্রদ্ধা করে সর্ব্বক্ষণ.

R. P. G.

১৭২

রাগিণী বসন্তবাহার—তাল একতালা।

সাজ ভাই সাজ রে
সজোরে হানরে, না হানে গোচরে, কত মায়াধরে
অন্তরে বিন্ধে থাকি অন্তরে।

১ তোমার বিনাশে, নিজ মিথ্যা পাশে
সতত বিকাশে, ভুল না রে (ভুল না)
তাহার মায়ায়, নাশিবে যাহায়
সত্য পটুকায় পর কটি'পরে ॥

২ সংশয় শেলেতে, নাশিবে ছলেতে
ভুলেতে ভ্রমেতে থেক না রে (থেক না)
পুণ্যের পাটায় বক্ষঃ ঢাক তায়
খ্রীষ্ট প্রতিজ্ঞায় স্মর অন্তরে ॥

৩ মুক্তি সমাচার, পাদুকা তোমার
রাখ অনিবার, পদেরে (ভুল না)
তার অগ্নিবান, করিতে নির্ব্বাণ
ধর অনুক্ষণ বিশ্বাস ঢালেরে ॥

৪ ত্রাণের টোপরে, পর শিরোপরে
দেবলের শরে নিবারিবে রে (ভুল না)
বাক্যের কৃপাণ, অতি খরশান।
পাপের বন্ধন, ছেদন করে ॥

R. K. B.

১৭৩

লও লও য়েশূর শরণ. (পামর মন রে!)
আমি বারে বারে করি মানা হইওনা রে অচেতন.

১ পাপীর ত্রাণ না দেখিয়ে দয়াতে পূরিত হয়ো
সেই স্বয়ং সনাতন
তিনি স্বর্গ ত্যজি' নরপুরে করিলেন আগমন.

২ ভক্তিভাবে যে ভজয়ে, অভয় পদ দিবেন তারে
সেই ক্রুশেহত জন.
তিনি মহাপ্রেমী, ত্রাণস্বামী, দিতেছেন মোক্ষধন.

৩ পাপী হয়ে যাবে যারা, পরিত্রাণ পাবে তারা.
সেই প্রেম সিন্ধু জন,
এখন তাঁরে ভজি' পাপ ত্যজি' কর স্বর্গ আরোহণ.

C. M. B.

১৭৪

রাগিণী বারোঁয়া,—তাল আড়াঠেকা।

প্রেম পরম রতন.
লভিবারে হেন ধন কর হে যতন.

১ প্রেমে রত যত জন, নাহি ক'ন কুবচন;
দ্বেষ-হিংসা কদাচন মনে নাহি লন.

২ প্রেম সহিষ্ণুতা করে, পর-হিতে সদা ফিরে;
শত্রু-মিত্র, আত্ম-পরে হেরয়ে সমান.

৩ প্রেম লোভ-ক্রোধ হরে, অহঙ্কার নাশ করে,
দয়া-ক্ষমা-গুণ ধরে, সুখ-প্রস্রবণ!

৪ প্রভু যেশূ প্রেম-ধন করিছেন বিতরণ;
ধরি' তাঁর শ্রীচরণ সঁপ প্রাণ-মন.

C. S.

১৭৫

১ কৃতজ্ঞ নাহি কি হইব ঈশ্বরের প্রতি,
সুরক্ষা করিলেন যিনি মোর চরণের গতি ?
হে আমার প্রাণ,
ঈশ্বরের কর সম্মান,
কর তো তাঁহারই স্তুতি.

২ স্থলে বা জলে বা যেখানে ডাকিলাম তাঁরে,
ভয়ে বা দায়ে, না কখন ত্যজিলেন মোরে,
হে আমার প্রাণ,
ঈশ্বরের কর সম্মান,
গাও তাঁর স্তব উচ্চৈঃস্বরে.

৩ পরীক্ষার কালে মোর মন যখন ভীত ও ব্যস্ত,
তখনও তিনি মোর হইলেন অতি বিশ্বস্ত,
হে আমার প্রাণ,
ঈশ্বরের কর সম্মান,
গাও তাঁর স্তব উচ্চৈঃস্বরে.

৪ বিচার ও নরকের ভয়ে মোর মন যখন কাতর
ঢাকিল মোকে যে কালে ঘোর মৃত্যুরূপ সাগর,
তখনও প্রাণ,
করিলেন তোমারই ত্রাণ
কর তো তাঁহাকে আদর !

গীত সংহিতা ৩৩ ; ৫। **১৭৬** 7.7.

১ পরম পিতার উদ্দেশে
ভক্তভাবে আইস হে,
তাঁর বিচিত্র করুণা
মুখে কর বর্ণনা ;
তিনি সূর্য্য সৃজিলেন,
রাত্রে তিনি জ্যোৎস্না দেন,
তারারাশি সমুদায়
স্বীয় প্রভুর কীর্ত্তি গায়.

২ তাঁরই সৃষ্ট পৃথিবী,
তথা মহাবারিধি,
মেঘ ও বৃষ্টি, রৌদ্র ও শীত,
তাঁরই দ্বারা নিয়মিত ;
তিনি দিলে অভ্যুদয়,
প্রাণির আহারাদি হয়,
ক্ষেত্র হয় সুশস্যবান ;
কৃষক করে হর্ষে গান.

৩ কিন্তু সকল অপেক্ষা
ওহে প্রভুর প্রজারা,
য়েশূর কর সঙ্কীর্ত্তন
কারণ তিনি রাজা হন ;
তিনি পিতার পরম দান,
আমাদেরও পরিত্রাণ,
তাঁরই হেতু, ভ্রাতৃগণ,
উল্লাস কর সর্ব্বক্ষণ.

R. P. G.

১৭৭

ঈশ্বরের গুণ গান কর প্রিয় ভাই সকলে,
তাঁহার স্তব স্তুতি করেন স্বর্গ দূতগণে মিলে.

১ হে প্রভু, তব মহিমা কি দিব, তাহার উপমা অতুল্য,
তার নাহি সীমা, সকল তোমার পদতলে.

২ তুমি রাজাদের রাজা, দূতগণও তোমার প্রজা,
স্বর্গ মর্ত্ত্যে আছয়ে যা, সৃজিয়াছ নিজ বলে.

৩ এ অধমে কর্য়ো দয়া, দেও প্রভু পদছায়া,
যে দূরে যাউক পাপের মায়া,তোমার আশীর্ব্বাদ পাইলে.

৪ আমরা জ্ঞানান্ধ হইয়া নরক পানে যাই ধাইয়া,
রক্ষ নাথ কর্য়ো দয়া, রক্ষা নাই তুমি নইলে.

৫ যেমন প্রভুর অপার মহিমা,আবার সেরূপ তাঁর করুণা,
পাপিদের মধ্যে প্রধানও ক্ষমা,পায় তাঁর নিকটে আইলে.

কৈ, চ, মু,

১৭৮

আইস হে খ্রীষ্টীয় দল, সাজো দল,
খ্রীষ্ট বলে করো বল, যুদ্ধ কর অবিশ্রান্তে,
পাইব অনন্ত মুকুট সবে জীবনান্তে.

১ কেন কাল বিলম্ব কর, শুভ কাল সফল কর,
মহাকাল ঘেরিবে কালান্তে ; ভাই রে২
খ্রীষ্টের বচন, শুন সর্ব্বজন,
তিনি জয় করিয়াছেন শয়তান দুরন্তে.

২ পাপাত্মা নরাত্মা পুরে, সঙ্গে লয়্যা সহচরে,
সিংহনাদ করি অবিশ্রান্তে ; ভাই রে২
ষড়রিপু তায়, অতি দুরাশয়,
তারা স্বচ্ছন্দে সংহারে, ভাই যারে পায় নিশ্চিন্তে.

৩ খ্রীষ্ট অরি আছে যত, তাদের করো পরাজিত,
প্রভু যেশূর নাম জপি একান্তে ; ভাই রে২
ভয় করিও না, অস্ত্র ছেড়ো না,
এখন নির্ভয়ে অগ্রসর হও, যেশূ আছেন অন্তে.

৪ সত্যতায় কোমর কষি, হস্তে লয়্যা ধর্ম্ম অসি,
প্রত্যয় ঢাল না ত্যজ প্রাণান্তে ; ভাই রে২
দিবা রজনী, শত্রুরে জিনি,
চল জয় যেশূ জয় যেশূ বলো জয় করি কৃতান্তে.

প, সাং,

১৭৯

7s.

১ ওহে য়েশূ ক্ষমাবান,
শুন আমার নিবেদন ;
আমি তোমার দয়া চাই,
তোমা বিনা মর্‌ো যাই.

২ লৌকিক সুখে হবে কি ?
ধন ও সম্ভ্রম করে কি ?
তাহা নহে নিত্য স্থায়ী ;
য়েশূ বিনা সন্তোষ নাই.

৩ অসীম বৈভব যদি পাই,
তবু পাপের মোচন চাই ;
তোমার পদতলে রই,
তোমা বিনা নষ্ট হই.

৪ আমি পাপী, দীনহীন,
সাধু নহি, ধর্ম্মে ক্ষীণ ;
কিন্তু আমার এই প্রত্যয়,
খ্রীষ্টকে পাইলে মুক্তি হয়.

৫ প্রভু টান সবার মন,
ইহা আমার নিবেদন ;
যেন সবে রক্ষা পায়,
তোমার দ্বারা স্বর্গে যায়.

C. M. B.

যোহান ৪; ১৯। **১৮০** 8.7. 7.7.

১ প্রেম যে তুমি, আপন তুল্য
মম সৃষ্টি করিলা,
প্রেম যে তুমি, দিয়া মুল্য
মম উদ্ধার করিলা,
প্রেম যে তুমি, আমার মন
তোমায় করি সমর্পণ.

২ প্রেম যে তুমি, সৃষ্টির পূর্ব্বে
মম মঙ্গল ভাবিলা,
প্রেম যে তুমি, নারীর গর্ব্ভে
মানুষ হইয়া আসিলা,
প্রেম যে তুমি, আমার মন
তোমায় করি সমর্পণ.

৩ প্রেম যে তুমি, ক্রুশোপরে
মৃত্যুর দংশন সহিলা,
প্রেম যে তুমি, আমার তরে
মঙ্গল সঞ্চয় করিলা,
প্রেম যে তুমি আমার মন
তোমায় করি সমর্পণ.

৪ প্রেম যে তুমি বল ও জীবন,
আলো, সত্য, আত্মা, গুণ,
প্রেম যে তুমি, নরক বন্ধন
করিয়াছ পরাজয়.
প্রেম যে তুমি, আমার মন
তোমায় করি সমর্পণ.

৫ প্রেম যে তুমি, কবর হইতে
মম দেহ উঠাইবা,
প্রেম যে তুমি, আমায় লইতে
মহিমাতে আসিবা.
প্রেম যে তুমি, আমার মন
তোমায় করি সমর্পণ.

C. W. L.

১৮১

রাগিণী ললিত,—তাল আড়াঠেকা।

খ্রীষ্ট প্রেম সুধানিধি মন মোর যদি চিনিত,
পান করি' প্রেমামৃত প্রেমেতে পূরিত হ'ত।

১ দিবানিশি খ্রীষ্টতরে প্রেমবারি আশা করে,
ঊর্দ্ধ মুখে রহিত সে চাতক পাখীর মত.

২ পেলে সে অমৃত বারি নিবারিত তৃষ্ণা তারি,
সুখ শান্তি লাভ করি আনন্দে সদা ভাসিত.

৩ ওহে খ্রীষ্ট ভক্তগণ হের য়েশূ প্রাণধন,
ঘুচাও তাঁর প্রেমে আজি মনের বিষাদ যত.

৪ য়েশূ, তব প্রেমধন, মোরে কর বিতরণ,
তব প্রেম সংকীর্ত্তন, করিব হে অবিরত.

J. B.

১৮২

7.7.

১ ভ্রাতৃগণে, য়েশূর নাম
নিত্য নিত্য কর গান ;
য়েশূ সর্ব্ব গুণধাম,
পাপী লোকের পরিত্রাণ.

২ প্রেমের সিন্ধু য়েশূর নাম,
লাগে মধুর কাণেতে,
সিদ্ধ করেন মনস্কাম,
পূর্ণ-মুক্তি দানেতে.

৩ খ্রীষ্ট বিনা পরিত্রাণ
অন্য কোন উপায় নাই ;
তিনি হইলেন বলিদান,
তাঁহার পুণ্যে স্বর্গে যাই.

৪ ঈশ্বর মানুষ অবতার,
মৃত্যুঞ্জয়ী শক্তিময় ;
য়েশূ সর্ব্ব সারাৎসার
তাঁতে জগৎ উদ্ধার হয়.

৫ য়েশূর নামে আশ্রয় লও,
দূরে কর সকল ভ্রম,
কভু ভ্রান্ত নাহি হও,
ভজ খ্রীষ্টে অনুক্ষণ.

৬ য়েশূ খ্রীষ্টের কর স্তব
মহানন্দে অতিশয়,
য়েশূ নাম সুমধুর রব,
তাহা ঘুচায় মনের ভয়.

C. M. B.

১৮৩

আমার মনং কর খ্রীষ্টের ক্রুশ ভাবনা
যিনি ছাড়ো স্বর্গের বৈভব আপনি লইলেন যাতনা.

১ স্বর্গের ঈশ্বর যিনি আইলেন মর্ত্যভুবনে তিনি,
তোমায় দিতে অনন্ত সুখ, নিজ পিতায় করেন সাধনা.

২ ভত দুঃখে থাকিয়া, তিনি ঈশ্বরে কহিলেন আপনি,
তব ইচ্ছামত হউক এই আমার প্রার্থনা,

৩ য়েশূ যখন ক্রুশের উপর দেখিলেন দুঃখ হইল বিস্তর,
বলিলেন ডাকিয়া, পিতা আমায় ছাড়ি দিও না.

৪ ঈশ্বর আত্মা ঈশ্বর তিনি, নরাধম পাতকী তুমি,
স্বয়ং ঈশ্বর হইয়া তোমায় করিতেছেন করুণা.

C. M. B.

১৮৪

রাগিণী কাল নেঙ্গড়া—তাল একতালা।

১ আর কিছু চাহি না পাইলে খ্রীষ্ট ধনে,
সেই মহামুল্য নিধি ধর হৃদে সযতনে।

২ কুল শীল ধন মান করি লোষ্ট্রবত্ত জ্ঞান,
লভ সে পরম ধন আনন্দিত হয়ে মনে।

৩ খ্রীষ্ট ধনে যেই ধনী, তারে ধন্য করে গণি,
তাঁর সম মানী জ্ঞানী নাহি দেখি এ ভুবনে।

P. M. R.

১৮৫

S. M.

১ হে য়েশূ দয়াবান,
অতুল্য তোমার গুণ;
গাই যেন আমরা তোমার গান
উল্লাসে সর্ব্বক্ষণ.

২ আমি তো পাপী জন,
অত্যন্ত দুরাচার,
মোর অতি দুষ্ট অধম মন;
কিরূপে হব পার?

৩ হে মহা কর্ণধার,
স্বদয়ার নৌকাতে,
এ পাপরূপ সাগর কর পার,
না মরি পাপেতে.

৪ প্রেম তোমার হয় অতুল,
অনন্ত তোমার ত্রাণ,
এ ভব সিন্ধুর তুমি পুল,
ও ত্রাতা শক্তিমান.

৫ হে সত্য অবতার,
সর্ব্বত্র ঘোষিত হউক,
তোমারই মঙ্গল সমাচার;
ত্রাণ তাবৎ লোকে পাউক.

———

C. M. B.

১৮৬

রাগিণী বেহাগ,—তাল আড়া।

ও মন ভাব বার বার,
ঈশ্বরের কৃপাগুণ মান বার বার ;
কভু না ভুলিও স্তুতি করিতে তাঁহার !

১ পরমঈশ্বর যিনি, অতি কৃপাময় তিনি,
ক্রোধে ধীর, অনুগ্রহ মহান তাঁহার !

২ তিনি পাপ অনুসারে না দেন দুঃখ আমারে,
অপরাধ পরিহরি করেন নিস্তার !

৩ ধরাহইতে উচ্চতরে যথা স্বর্গ স্থিতি করে,
সেই মত অনুগ্রহ তাঁহার অপার !

৪ উদয়াস্ত ধরাধর আছে যথা সতন্তর,
সেই মত দূরে রাখেন দুরিত আমার !

৫ অতএব বলি শুন, কর সদা সঙ্কীর্ত্তন,
তারণকারণ যিনি জীবন আধার !

C. M. K.

১৮৭

8,7.

১ আমার য়েশূ কোথা তিনি ?
কোথায় গেলে তাঁরে পাই ?
আমার মনের ইষ্ট যিনি
তাঁহা বিনা মর্য়ো যাই.

২ তোমার উদ্দেশ ওগো য়েশূ,
আশু যেন আমি পাই ;
খুঁজ আপন পালের শিশু,
নইলে প্রাণে মর্য়ো যাই.

৩ আমি অতি দীনহীন পাপী,
বড়ই আমার অপরাধ ;
আমি বড় মনস্তাপী,
কারণ আমি হই অনাথ.

৪ আমার প্রিয় য়েশূ পাইলে,
কেবল তাহে শান্তি হয়,
কারণ হত হইয়া ক্রুশে,
করেন আমার পাপের ক্ষয়.

৫ এই কারণ যে পর্য্যন্ত
আমি তাঁরে নাহি পাই,
সে পর্য্যন্ত তাঁয় অত্যন্ত
আমি খুঁজে কাতর হই.

৬ য়েশূ কেবল আমার ইষ্ট,
য়েশূ বিনা কিছুই নয় ;
তাঁহার প্রেম সে কেমন মিষ্ট,
তাঁহার স্বর হয় মধুর ন্যায়.

C. B.

১৮৮

১ য়েশূ খ্রীষ্ট পরম নাম, সে সর্ব্ব গুণধাম,
জগতের ত্রাণ.
কর তাঁর মহাস্তব, অতি আনন্দ রব,
পাপী হে আইস সব, গাও এই গান.

২ যিনি দেন আপন প্রাণ, করিতে পাপির ত্রাণ,
জয় জয় হৌক তাঁর.
জগতের সর্ব্ব জন, য়েশূর অতুল্য গুণ,
গান কর সর্ব্বক্ষণ, ভুল না আর.

৩ য়েশূর যে অসীম প্রেম, দেখিয়া খণ্ডাও ভ্রম,
জানিয়া সার.
মরিয়া, পুনর্ব্বার উঠিলেন ত্রাণাকর,
নিশ্চয় দেখাইলেন তাঁর শক্তি অপার.

৪ প্রকাশ হউক য়েশূর নাম, ব্যাপিয়া সর্ব্বধাম,
কিবা গুণ তাঁর !
সুগন্ধ পুষ্পের ঘ্রাণ, যেমনে পূরায় স্থান,
তেমন, হে দয়াবান, হও সুখকর.

P. B.

১৮৯

P. M.

১ হায়! ছিলাম ক্রীতদাস
পাপ মিশর দেশেতে ;
এক্ষণে খুঁজি স্বর্গবাস,
নাই বিশ্রাম ভবেতে.
হাল্লেলুয়া,
যাত্রা করি স্বর্গেতে.

২ সেখানে নাহি ক্লেশ,
না থাকে শত্রু ক্রূর ;
ভোগ হইবে নির্ম্মল সুখ অশেষ,
হয় ক্ষুধা তৃষ্ণা দূর.
হাল্লেলুয়া,
যাত্রা করি স্বর্গেতে.

৩ স্বর্গীয় স্বরেতে,
স্তব করে সাধুগণ ;
ও তাদের প্রেমময় অন্তরে,
খ্রীষ্ট আপনি রাজা হন.
হাল্লেলুয়া,
যাত্রা করি স্বর্গেতে.

৪ ঐ মিষ্ট আশাতে
হয় হৃষ্ট আমার মন ;
এ সংসার রূপ অরণ্যেতে
পাই শান্তি অনুক্ষণ.
হাল্লেলুয়া,
যাত্রা করি স্বর্গেতে.

J. J. W.

গীত সংহিতা ১৪৫ ; ১০। ১৯০

১ উল্লাস স্তুতিধ্বনির উন্নতি, হাল্লেলুয়া।
স্বীয় রাজার গৌরবে মুক্ত লোকে গাইবে।
হাল্লেলুয়া, হাল্লেলুয়া॥

২ উচ্চবাসী গায়কগণ রবে পূরিবে গগন।
হাল্লেলুয়া, হাল্লেলুয়া॥

৩ অন্তর্লোকের বিশ্রামধাম নিবাসী।
ধন্যগণের সুসংগীত উল্লাসী॥
হাল্লেলুয়া, হাল্লেলুয়া॥

৪ গ্রহ যত আকাশ পথে দীপ্যমান।
তেজস্বী তারা রাশির সঙ্গে গান॥
হাল্লেলুয়া, হাল্লেলুয়া॥

৫ পক্ষারূঢ় পবন, বেগগামী মেঘমালা।
ঘোরতর গভীর গর্জ্জন, দীপ্র তড়িল্লতা॥
একত্রে এক কথা। হাল্লেলুয়া॥

৬ জল,-প্রবাহ, তরঙ্গ, বাত্যা, হিম হেমন্ত।
মেঘশূন্য নির্ম্মলাহ, নীহার ও গ্রীষ্মান্ত।
বসন্তকালীন উদ্যান, উত্তম গহনাদির গান॥
হাল্লেলুয়া॥

৭ অগ্রে চিত্র পক্ষময় বিহঙ্গম।
করুক মহা সৃষ্টি কর্ত্তার সুসম্ভ্রম।
হাল্লেলুয়া, হাল্লেলুয়া॥

৮ পরে বসুমতির যত পশুদল।
স্বষ্টি গীতে মিলুক নানা কোলাহল ॥
হাল্লেলুয়া, হাল্লেলুয়া ॥

৯ অচল শ্রেণীর উচ্চ বচন অত্র। হাল্লেলুয়া।
নিম্ন ভূমির নত্র ধ্বনি তত্র। হাল্লেলুয়া ॥

১০ অতলস্পর্শ জলধির হর্ষনাদ। হাল্লেলুয়া।
ভূতলে শুন স্থলের প্রতিবাদ। হাল্লেলুয়া ॥

১১ বিশ্ব রচন যাঁর আদেশে।
দিন২ গান হউক তাঁর উদ্দেশে ॥
হাল্লেলুয়া, হাল্লেলুয়া ॥

১২ এরূপ স্বর, নিত্যস্বর, প্রতাপী প্রভুর প্রীতিকর।
হাল্লেলুয়া ॥
এরূপ সঙ্গীত, দিব্য সঙ্গীত, খ্রীষ্ট রাজার মনোহর।
হাল্লেলুয়া ॥

১৩ উন্নত মন ও স্বরে করি গান। হাল্লেলুয়া।
তাহে করে প্রত্যুত্তর শিশুগণ। হাল্লেলুয়া ॥

১৪ করুক মানুষ সমূহে, হাল্লেলুয়া প্রভুতে।
করি হাল্লেলুয়া বচনে; সদা পুত্র ও আত্মার অর্চনে।

১৫ তিনে যিনি একক, তাঁর স্তব হউক। হাল্লেলুয়া।
হাল্লেলুয়া, হাল্লেলুয়া। আমেন ॥

H. J. H.

১৯১

আর কেন থাক তুমি করিয়া শয়ন,
পূর্ব্বদিকে প্রকাশিত রবির কিরণ।

১ ভয়ঙ্কর নিশি ঘোরে, যিনি রক্ষিলেন তোরে,
তাঁরে পূর্ণ আনন্দেতে করহ অর্চ্চন।

২ দিনে দিনে আয়ুঃক্ষীণ, বৃথা গেল কত দিন,
জীবন সফল কর এখন, করিয়া সাধন।

৩ কায়মনোবাক্য ধ্যানে, থাক শুদ্ধ অনুষ্ঠানে.
সর্ব্ব অন্তর্যামী দেখ, করিছেন ঈক্ষণ।

৪ আয়ু ত চঞ্চল অতি, কি হবে তোমার গতি,
অদ্য তব আত্মা যদি, হয় রে প্রয়াণ।

B. C. C.

১৯২

কেমরে ভাব না, কিসের ভাবনা, পিতা সর্ব্বাধীপ,
তাহা কি জান না।
ভ্রাতা তাঁর দক্ষিণে, তোমার কারণে, করিছেন মিনতি,
নাহি রে ভাবনা।

১ তিনি যে শঙ্কটে, অতিশয় নিকটে, আসি করেন দূর
সকল যন্ত্রণা.
কেবল প্রত্যুষে, দুঃখ রাত্রি শেষে, আসি নিজ দাসে
করেন সান্ত্বনা.

২ পৃথিবী স্বর্গের শকতি অপার, হয়েছে অর্পিত
যাঁহার উপর
সৃজন কারণ ঈশ্বর নন্দন, সঙ্গে সেই য়েশূ
নাহি রে ভাবনা।

১৯৩

রাগিণী ঝিঁঝিট,—তাল একতালা।

হে ঈশ্বর কর অন্তর অন্তর-তিমির আমার।
যাতে হৃদাসনে হেরি সর্ব্বক্ষণে
সেই নিরাকার-আকার।

১ যেন না জীবন-যাপন ভ্রান্তে
হয়, প্রভো, মম অজ্ঞান ধ্বান্তে;
সদা স্থান যেন চরণ-প্রান্তে
পাই, নাথ, আমি তোমার।

২ হয় দিন দিন দিনের অন্ত,
নিকট বিকট কাল দুরন্ত;
নাশো দাস-ত্রাস, ঈশ অনন্ত!
ক্ষম মম তমঃ এবার।

৩ ওহে দয়াময় করুণা সিন্ধু,
অধীন-আশ্রয়, হে দীনবন্ধু,
প্রাপ্ত-মাত্র তব করুণা-বিন্দু
বল, দুঃখ থাকে কাহার?

S. M.

১৯৪

7.

১ পদে বিপদ পদে শোক
আগে চল খ্রীষ্টের লোক
রণে শ্রমে হইও স্থির
জীবন রুটীর বলে বীর।

২ চক্ষু কেন তেজোহীন
অশ্রুপাত তো অল্প দিন
ভয়ে হইও না অচল,
অভাব মতে হবে বল।

৩ হৃষ্টচিত্তে আগে যাও
ঈশ্বরীয় সজ্জা লও
যুদ্ধ হবে অল্পক্ষণ.
জয়ী হইবে এখন।

৪ চল যেথায় সুসম্মান
পাবে যারা জয়বান
শত্রুদলে যত হউক?
আগে চল খ্রীষ্টের লোক।

৫ স্তুতিবাদের সঙ্গীত গাই
ধন্য পিতা তোমার ঠাঁই?
পুত্রো গৌরব হৌক তোমার
আত্মার সঙ্গে নিরন্তর। আমেন॥

H. J. H.

১৯৫

6.5.

১ সুন্দর বড় সুন্দর
যতনের রতন
"য়েশু" নাম মনোহর,
নয়নের অঞ্জন.
শুনি বারে বারে
প্রিয় য়েশূ নাম,
পূর্ণ করিবারে
আমার মনস্কাম.

২ জন্ম সার্থক করি,
আনন্দ অপার!
যখন ওষ্ঠে ধরি
য়েশূ নাম আমার
তখন যায় সুদূরে
অন্তর যাতনা;
ভাসি সুখসাগরে
পাইয়া সান্ত্বনা.

৩ হে য়েশূ গুণধাম,
বিপত্তি নাশন,
তোমারে ডাকিলাম,
বিশ্ববিনোদন!
আজি তব পায়ে
এই নিবেদন—
দেও এ অনুপায়ে
পরিত্রাণ রতন.

J. B.

১৯৬

P. M.

১ ওহে য়েশূ প্রেমের নিধান,
মম প্রাণনাথ,
তব প্রতি করি সদা
দৃষ্টিপাত.

২ তুমি মম ধ্যান ও চিন্তা,
তুমি শ্রেষ্ঠ ধন;
দিবানিশি স্মরি তব
শ্রীচরণ.

৩ প্রিয় ত্রাতা, তবগুণে
আমি আপ্যায়িত,
তব প্রেমে মম হৃদয়
উল্লাসিত।

৪ আইস, গ্রহণ কর মম
হৃদয় সিংহাসন;
দেহ চিত্ত তোমায় করি
সমর্পণ.

৫ ভক্তিপুষ্পাঞ্জলি দিয়া
তোমায় পূজিব;
তব চরণ হৃদে ধরি'
রাখিব.

J. B.

মথি ১১ ; ২৮।

১৯৭

১ ওহে ক্লান্ত পরিশ্রান্ত,
দুঃখী যত জন,
য়েশূর কাছে গেলে পাইবে
শান্ত মন।

২ কিরূপ চিহ্ন দ্বারা তাঁকে
নিশ্চয় জানিবে ?
তাঁকে হাতে পায়ে বিদ্ধ
দেখিবে।

৩ তাঁর কি রাজার সুন্দর মুকুট ?
এইরূপ ভূষণ তাঁর ?
স্বর্ণের রৌপ্যের নহে, কিন্তু
কন্টকের।

৪ যদি তাঁকে প্রেমে ভজি
পুরস্কার মোর কি ?
দুঃখ ও কষ্ট, শোকে ক্রন্দন
সম্প্রতি।

৫ যদি শেষ পর্য্যন্ত তাঁকে
ধরি, পাইব কি ?
দুঃখের বিরাম, স্বর্গের বিশ্রাম
চিরস্থায়ী !

৬ ধন্য, ধন্য, তোমার দয়া
প্রিয় ত্রাতা হে !
প্রভো ! আইস কর নিবাস
আমাতে।

J. V.

১৯৮

P.M. 6.5.

১ ওহে ত্রাণের ঈশ্বর,
ওহে কৃপাময়,
তুমি প্রেমের সাগর ;
ঘুচাও আমার ভয়.
চাহিতেছি আমি
এই অসময়,
ওহে হৃদয়স্বামি,
তব পদাশ্রয়.

২ তোমাবিনা আমার
কোন আশা নাই ;
আমি কেবল তোমার
কাছে শান্তি পাই !
কৃপাগুণে ঘুচাও
মহাবিচার ভয় ;
আশা দিয়া বাঁচাও,
ওহে প্রেমময়.

৩ য়েশূ, তব পদে
এই নিবেদন,
আপদ ও বিপদে।
শান্ত কর মন.
যাতে মরণ দিনে
হৃদয় সুস্থির রয়,
দিও এই দীনে
সান্ত্বনা অক্ষয়.

J. B.

১৯৯

P. M.

১ আহা! কিবা মধুর ধ্বনি,
শুনি' জুড়ায় প্রাণ!
যেশূ নামে পাইল পাপী
পরিত্রাণ.

২ অনুগ্রহে স্বীয় পুণ্য
যেশূ করেন দান;
তাঁতে বিশ্বাস করি' স্বর্গে
পাইব স্থান.

৩ মৃত্যুদণ্ডে ক্রুশবিদ্ধ
সেই দস্যু জন
কেবল খ্রীষ্টে বিশ্বাস করি'
পায় জীবন.

৪ আহা! আমি দীনহীন পাপী
সেই দস্যুর ন্যায়
দৃঢ় বিশ্বাস করি' ধরি
যেশূর পায়.

৫ কি সৌভাগ্য আমার এখন,
পাইলাম পরিত্রাণ!
যেশূর কৃপায় জীবন পাইল
আমার প্রাণ,

J. B.

২০০

7.7.

১ প্রভু যেশূ খ্রীষ্টের নাম
অতি বহুমূল্য ধন;
তাহা চিন্ত অবিশ্রাম
পরম হৃষ্ট হইয়া, মন!

২ তিনি অশেষ গুণবান,
সুধাসিন্ধুরূপ অপার;
তাঁহার প্রেমরস করি পান,
নাহি থাকে তৃষ্ণা আর.

৩ যখন দেখি যেশূর মুখ,
চরিতার্থ হইবে প্রাণ!
বিস্মৃত হইব সর্ব্ব দুঃখ,
পূর্ণ হইবে মনস্কাম.

৪ স্বর্গমধ্যে সর্ব্বধাম
নিত্য করে যেশূর স্তব;
ধন্য, ধন্য, যেশূর নাম!
গাও হে সাধু লোকে সব.

C. M. B.

ইফিসীয় ৩ ; ১৯। ২০১ 7.6. double.

১ হায়! য়েশূকে কি দিব!
তিনি তো মম ধন ;
তাঁর প্রীতিতে অতীব
আকৃষ্ট হইল মন.
হে প্রভো, তব জ্যোতি
মোর অন্তরে জ্বালাও,
ও যাতে তোমার মতি,
তা আমাকে শিখাও

২ মোর বন্ধন করি' ভগ্ন
খ্রীষ্ট য়েশূ মুক্তি দেন ;
যে লজ্জায় ছিলাম মগ্ন,
তা তিনি খণ্ডিলেন.
সুশোভা এখন পাইলাম,
ও স্বর্গস্থায়ী ধন ;
যে সুখের অংশী হইলাম,
তার নাহি বিনাশন.

৩ হে যত ভারাপন্ন,
ও অনুতাপী জন,
কি হেতু হও বিষণ্ণ ?
কি হেতু ভীত মন ?
দীনদয়াল ত্রাতা যিনি,
তাঁর কৃপা অনর্গল ;
সুখ শান্তি দিবেন তিনি,
মুছাইয়া নেত্রজল.

R. P. G.

১করিন্থীয় ৮ ১৩; ২০২ 8. 7.

১ ঈশ্বর দত্ত গুণ উৎকৃষ্ট,
মানবগণ যা প্রাপ্ত হয়,
তাহার মধ্যে প্রেম হয় শ্রেষ্ঠ,
পরের প্রতি প্রকাশ পায়;
ধাতুর মধ্যে যেমন হেম,
গুণের মধ্যে তেমন প্রেম.

২ প্রেমের তত্ত্ব সর্ব্বোৎকৃষ্ট,
তাহার তুল্য কিছু নাই,
তাহা পাইলে আর কি ইষ্ট,
যাতে মন সন্তুষ্ট হয়?
প্রেমই আছে সর্ব্বসার
তাহার তুল্য নাহি আর

৩ সকল জ্ঞানও যদি বর্ত্তে
বিদ্যায় পারদর্শী হই,
তত্ত্ব কথা ব্যক্ত কর্ত্তে,
যদি সাধ্য আমার হয়,
কিন্তু যদি প্রেম না রয়,
তবে তাবৎ বিফল হয়.

৪ দূতের ভাষা পারি বল্‌তে,
ভাবি বিষয় জ্ঞাত হই,
পর্ব্বতগণ স্থানান্তর কর্‌তে,
বিশ্বাস বলে পারগ হই,
যদি আমার প্রেম না হয়,
তবে তাও কিছু নয়.

৫ প্রেম সহিষ্ণু, হিতদায়ক,
আত্মচেষ্টা করে না,
পরের প্রতি মঙ্গল কারক
অহঙ্কার, দ্বেষ রাখে না;
প্রেমই সকল গুণের সার,
মনের শ্রেষ্ঠ অলঙ্কার.

৬ প্রেমই আছে স্বর্গের ধর্ম্ম,
দীপ্তির তুল্য শোভমান,
ঈশ্বরের নিগূঢ় মর্ম্ম,
প্রেমে হয় প্রকাশমান;
সকল কর্ম্ম লুপ্ত হয়,
প্রেমের লোপ কদাচ নয়.

J. G. L.

২০৩

তাল জৎ।

আহা মরি কি মধুর অহে য়েশূ তব নাম।
যে নাম স্মরণে জীব অনাশে যায় মোক্ষ ধাম।

১ পাপ কুষ্ঠ মহা ব্যাধি, দেহে আসি ঘেরে যদি,
সে রোগের মহৌষধি, অহে য়েশূ তব নাম।

২ শুদ্ধ তব নামের গুণে, দৃষ্টি পেলে অন্ধগণে,
প্রাণ পেলে মৃত জনে, সর্ব্ব গুণের গুণধাম!

৩ পিতা পুত্র আত্মাবর, ত্রিত্ব ভাবে বিরাজ কর,
কলুষ বিনাশ কর; সিদ্ধ কর মনস্কাম।

৪ ভক্তগণে এই কয়, মন তোমার কিসের ভয়,
আছেন য়েশূ দয়াময়, ডাক তাঁরে অবিশ্রাম

R. D. S.

গীত সংহিতা ২৭; ১। **২০৪** 8. 7.

১ হইলেন য়েশূ মম ত্রাতা,
মনে কেমন সুখোদয়!
তিনি চিরজীবন দাতা,
কেন তবে করি ভয়?

২ শত্রু যদি হিংসা করে,
তিনি থাকেন অনুকূল।
আপদ বিপদ যদি ধরে,
তিনি আমার আশামূল॥

৩ সুখে দুঃখে তাঁহার উক্তি
আমায় দেয় সুচেতনা।
অটল তাঁহার মহাশক্তি,
তাতে করি ভরসা॥

৪ যাবৎ থাকে মর্ত্ত্য দেহ,
য়েশূ, তব স্তুতি গাই॥
শেষে দেও এ অনুগ্রহ,
তব দর্শন যেন পাই॥

R. P. G.

২০৫

8.7. double.

১ প্রভুর উপর কর অর্পণ
তোমার তাবৎ কষ্টের ভার;
দুঃখে নাহি কর ক্রন্দন,
পথে যদি অন্ধকার.
যেমন স্নেহময়ী মাতা
সদা করেন পুত্রের হিত,
স্বর্গবাসী তোমার পিতা
সেরূপ আছেন কৃপান্বিত.

২ যাঁহার আজ্ঞায় করে ভ্রমণ
বহুসংখ্য তারাগণ,
যাঁহার বলে হয় সঞ্চালন
বিদ্যুৎ, মেঘ, ও সমীরণ,
তিনি কৃপায় করেন ধারণ
তোমারে স্বহস্তেতে;
তোমার পথও হয় নিরূপণ
তাঁহার মঙ্গল ইচ্ছাতে.

৩ প্রভুর উপর কর আশা
মনে হইয়া ধৈর্য্যবান,
ঘটে যদি বিপদ দশা,
যদি দূরে থাকে ত্রাণ;
যেশূর প্রতি যাদের ভক্তি,
যারা পিতার মনোনীত,
তাহাদের যে মন্দগতি,
তাহা কেবল সাধে হিত.

৪ তবে ত্যজ শোক ও ক্রন্দন,
তাঁহায় রাখ ভরসা;
সহ্য করি' পিতার শাসন
ত্রাণরূপ সূর্য্য দেখিবা.
তোমার বিলাপ এবং নৈরাশ
নাহি দিতে পারে ত্রাণ;
প্রার্থনা ও দৃঢ় বিশ্বাস
নিশ্চয় হইবে ফলবান.

৫ ওহে পিতঃ দয়ার নিধান,
শুন আমার নিবেদন;
তোমার শাসন কর বিধান,
শুদ্ধ কর আমার মন.
ঐহিক কষ্ট ক্ষণিক মাত্র,
সাধন ক'র নিত্য সুখ;
হইলে তোমার প্রেমের পাত্র,
নাহি পাইব নরক দুঃখ.

A. S.

---

২০৬ 8.7. double.

১ যেশূ খ্রীষ্টের অনুগামী
যেন আমি সদা হই ;
কভু নাহি যেন আমি
এই সত্য পথ হারাই.
আমার জীবন যেশূ খ্রীষ্ট,
তিনি পথ আর সত্যতা ;
তাঁহার বাক্য কেমন মিষ্ট !
না হয় তাহার অন্যথা.

২ অন্য কোন পথে গেলে,
গতির অন্য ঠিকনা নাই ;
নাহি কোন শান্তি মিলে,
কেবল ক্লেশ আর দুঃখ পাই.
হায়, হায় ! কতবারই আমি
তাহা ঠেক্যে শিখিলাম ;
তবু ভ্রষ্ট মনস্কামে
বারে বারে ভ্রমিলাম.

৩ কর ক্ষমা, ওহে প্রভু,
দয়া কর, প্রভু হে !
ছেড়ে নাহি দিও কভু,
ওহে প্রভু, আমারে !
এ দাস তোমার অতি দুর্ব্বল,
আমায় আমার আশা নাই ;
কেবল তোমার আজ্ঞা দ্বারা
গতি আমার অটল হয়.

C. B.

২০৭

আমি পাপী খ্রীষ্টের চরণ যাই ধর্য়্যে,
যেন রক্ষা পাই মরণ পরে.

১ ওহে পিতা পরমেশ্বর তুমি সকলের উপর
স্বর্গে আছ নিরন্তর.
(প্রভো) কর দয়া, ঘুচাও মায়া ; রেখোনা অন্ধকারে.

২ প্রিয়পুত্রে কর্ল্যে দান পাপীদের কারণ,
তিনি আইলেন এ ভুবন.
(ঐ যে) দোষীর মত ক্রুশে হত হইলেন, নরের তরে.

৩ প্রভো, ঘুচাও আমার ভ্রম, ভাল কর মোর মন,
দিয়া অতুল চরণ.
(তোমার) সত্যের আলো শীঘ্র জ্বাল,
বিচার হউক মোর অন্তরে.

C. M. B.

২০৮

P. M.

১ খ্রীষ্ট তোমায় বিশ্বাস করিলাম
যে তুমি ত্রাণের নাথ,
পাপিষ্ঠ হইয়া ধরিলাম,
হে প্রভো, তোমার হাত.

২ এ জগৎ মধ্যে আসিয়া,
প্রেম প্রকাশ করিলা,
ও পাপিলোককে তরাইয়া
প্রেমপূর্ব্বক মরিলা.

৩ যে কেহ জানে তোমার গুণ,
তার পাপও দূরে যায়,
ও মৃত্যুযোগে তাহার মন,
ত্রাণ আশায় পূর্ণ হয়.

৪ যার তুমি জ্ঞাতি বন্ধুরূপ,
ও সর্ব্ব শ্রেষ্ঠ ধন,
অকাতরে সে ছাড়ে পাপ,
ও চাহে কেবল ত্রাণ.

৫ যার মনে তুমি কর বাস,
তার বিশ্বাস স্থিরতর,
ও পূরে সর্ব্ব অভিলাষ,
পায় আহ্লাদ নিরন্তর.

C. M. B.

২০৯

S. M.

১ হে আমার চঞ্চল মন,
কি জন্যে হও অস্থির ?
ধ্যান কর প্রভু য়েশূর গুণ,
সব দশায় হইয়া ধীর.

২ সর্ব্বজ্ঞ তিনি হন,
তাঁর দৃষ্টে সব প্রকাশ,
করুণায় পূর্ণ দয়াবান,
তাঁর গুণের নাহি হ্রাস.

৩ ভাই,তোমার কোন দুঃখ,
সে তাঁর অগোচর নয় ;
যেরূপে হইবে তোমার সুখ
করাইবেন দয়াময়.

৪ এ কালে তাঁহার লোক,
হয় পতিত পরীক্ষায় ;
তাহাদের ঘটে মহাশোক,
তথাচ মঙ্গল হয়.

৫ যে সকল নেত্রজল
খেদেতে বহে যায়,
তার হইবে শেষে পরম ফল,
অনন্ত সুখোদয়.

৬ মন তোমার যত ভার,
সব রাখ খ্রীষ্টোপর,
তাঁর কৃত সকল অঙ্গীকার,
অবশ্য হইবে স্থির.

C. M. B.

২১০

L. M.

১ হায়২ কি আমি করিব ?
প্রাণ কোথায় গিয়া জুড়াইব ?
কে লইবে আমার পাপের ভার ?
কে মোরে করিবে নিস্তার ?

২ যেহেতুক মোর যে সকল পাপ,
তদ্দ্বারা ভুঞ্জি অভিশাপ ;
এ ভাবিয়া নিজ মনেতে
রই সদা অস্থির প্রাণেতে.

৩ যে করে মোরে সান্ত্বনা
এই ভবে কারে দেখি না ;
যা দেখি তাহা ফাঁকি সব,
ত্রাণ পাওয়া হেথায় অসম্ভব.

৪ এক্ষণে পাইলাম এক জনা,
যে দিয়া মোরে সান্ত্বনা,
ও লইয়া আমার সকল পাপ
ঘুচাইলেন আমার মনের তাপ.

৫ এ হেতু শীঘ্র চল মন,
খ্রীষ্ট য়েশূর নামে পরিত্রাণ;
তায় বসিব তাঁর পদতল,
পাপ অগ্নি যায়, হয় মন শীতল.

২১১

C. M.

১ যে দিনে প্রথম শুনিলাম
খ্রীষ্ট য়েশূর মধুর রব,
সেই দিনে আমার মনস্কাম
সম্পূর্ণ হইল সব.

২ এ অলীক জগৎ সংসারে
জাঁক জমক যত হয়,
আমারই দুঃখিত অন্তরে
তায় শান্তি লাভ না হয়.

৩ চক্ষুর ও মাংসের অভিলাষ
সংসারের গর্ব্ব সব ;
তায় কেবল বাড়ে মৃত্যুর ত্রাস,
নাই শান্তির অনুভব.

৪ সন্তৃপ্ত য়েশূ করিলেন
মোর দীনহীন দুঃখিত মন ;
এই কারণ তিনি হইলেন
আমারই সর্ব্বধন.

৫ পাই মনে কেমন উপশম,
ও কেমন সান্ত্বনা,
খ্রীষ্ট য়েশূর প্রেম কি অনুপম !
নাই তাহার তুলনা.

৬ মোর তুল্য দীনহীন পাপী জন
না ছিল অন্য আর,
আর এখন আমার মলিন মন
তাঁর রক্তে পরিষ্কার.

৭ তাঁর ক্রুশের তলে বস্যে রই,
না তাঁরে ছাড়িব,
সেই ক্রুশটি হেরি সর্ব্বদাই
প্রাণ সার্থক করিব.

C. B.

২১২

C. M.

১ হে প্রিয় য়েশু আইস গো!
তোমাকে আমরা চাই
আমাদের মধ্যে বাস কর,
তায় আমরা তুষ্ট হই.

২ এক ক্ষুদ্র মেষপাল আমরা হই,
মেষপালক তুমি হও;
যে পথে আমরা রক্ষা পাই,
তায় মোদিগকে লওয়াও.

৩ যে কারণ আমরা অতিক্ষীণ,
ও তুমি বলবান;
আমরা নিতান্ত বুদ্ধিহীন
ও তুমি বুদ্ধিমান.

৪ এই কারণ আমরা একাকী
না কখন চলিব,
ও তোমাবিনা কখনই
না কর্ম্ম করিব.

C. B.

২১৩

8.7. 4.

১ মরুভূমির মধ্য দিয়া
প্রভো, মম নেতা হও;
বল ও শক্তিশূন্য আমি,
আমার হস্ত ধরি' লও;
স্বর্গমান্না
প্রতি দিবসে যোগাও।

২ জীবনদায়ী জলের উৎস
এখন যেন খোলা যায়;
স্তম্ভরূপী মেঘ ও অগ্নি
যেন মম পথ দেখায়;
দিবারাত্রি
হইও রক্ষক ও সহায়।

৩ শেষে যর্দ্দান নদী তীরে
যখন করি পদার্পণ,
মোরে কর নিরাপদে
কিনান দেশে আনয়ন।
সেথায় হইবে
নিত্য তব সঙ্কীর্ত্তন।

R. P. G.

গীত সংহিতা ২৩ ; ১। ২১৪ P. M.

১ আমার সুখের নাহি শেষ !
আমি প্রভু য়েশূর মেষ ;
তিনি আমার পালক প্রিয়,
তাঁর চরাণি রমণীয় ;
তিনি ডাকেন আমার নাম ;
আমি কেমন ভাগ্যবান্ !

২ তাঁহার শাসন কঠিন নয়,
সুখে আমার দিন সব যায় ;
লাগে ক্ষুধা আমার যখন,
কিছুর অভাব নাহি তখন ;
যখন যখন তৃষিত্ হই,
অম্‌নি জীববারি পাই.

৩ এমন সুখ আর পাব কই !
ধন্য মেষ যে আমি হই.
আবার অল্প দিনের পরে
আমি মেষপালকের ক্রোড়ে
পাইব নিত্য আরামস্থান,
আমি কেমন ভাগ্যবান্

C. B.

২১৫

7.7.

১ শুন আমার অবোধ মন,
সঞ্চয় কর স্বর্গে ধন.
স্বর্গে সঞ্চয় করে যে,
অক্ষয় ধনলাভ করিবে.

২ যথায় চোর ধন হরে লয়,
এবং মর্চ্চ্যায় করে ক্ষয়;
তথায় নাহি রাখ মন,
স্বর্গে তব অক্ষয় ধন.

৩ স্বর্গ প্রাপ্তির রইলে আশ,
পূর্ণ হয় মনোভিলাষ;
দূরে যায় কুভাবনা,
এড়াই মনের যন্ত্রণা.

৪ য়েশূ খ্রীষ্ট সেই অক্ষয় ধন,
যিনি তৃপ্ত করেন মন;
যত বার তাঁর স্মরণ হয়,
ততবার মোর প্রাণ জুড়ায়.

সোহাগি,

২১৬

ভাই, ভবের ঘাটে খ্রীষ্ট য়েশূ হইয়াছেন কাণ্ডারী,
মোরা তবে কেন পারে যাইতে ভয় করি ?

১ ও ভাই, ত্বরাত্বরি কর্য়ে চল তাঁরি চরণে ধরি,
তিনি সর্ব্বশক্তিমান ; ও ভাই, যত দেখ সকল তাঁরি.

২ তিনি আসিয়াছেন,সদরঘাটে লাগাইয়াছেন প্রেমের তরি,
প্রভু ভক্তি বুঝ্যা পার করিছেন,চান না কিছু টাকা কড়ি.

৩ তিনি ক্ষমাতে তুল্যাছেন পালি, সত্য দয়া তাঁহার দাঁড়ি
প্রভু আপনি ধর্য়াছেন হালি ; দেখ সুবাতাসে চলিতেছে তরি

৪ য়েশূ খ্রীষ্ট নামে পরম গান গায় সকলে বদন ভরি,
অধীন কাঙ্গাল বলে সত্য ধর,ও ভাই,ছেড়ে দিয়া ছল চাতুরী

কা

২১৭

রাগিণী ভৈরবী,—তাল আড়াঠেকা।

কোথা আর যাব ? প্রভো, তোমা ছাড়ি' কোথা যাব !
তুমি হৃদয়-রতন ! তোমা হেন কোথা পাব !

১ কাহারে সোঁপিব মন ! কেবা আছে হেন জন ?
তোমা বিনা কোথা আর তাপিত প্রাণ যুড়াব !

২ তুমি ঈশ্বর-নন্দন, পথ, সত্যতা, জীবন ;
অনন্ত জীবন আর তোমা ছাড়া কোথা পাব ।

৩ তুমি হে স্বর্গের দ্বার, মুক্ত আছ অনিবার;
তোমা দিয়ে স্বর্গধামে পিতার নিকটে যাব.

৪ করি' করুণা প্রদান দিয়াছ যে পরিত্রাণ,
আহা! তার পরিশোধে তোমারে কি ধন দিব?

৫ নাহি হেন কোন ধন, ও পদে আমার মন
যাবৎ জীবন আমি সদা অর্পণ করিব!

J. B.

২১৮

১ ওহে পাতকী জন, লও তাঁর শরণ,
পাপী তাপী কারণ যাঁর অবতরণ।

২ যিনি গৌরব যুত, পরমেশ্বর সুত,
দিব্য দূত অযুত, পুজে যাঁর চরণ।

৩ যিনি স্বর্গত্যাগী, নরদুঃখভোগী.
নরমুক্তি লাগি, হন ক্রুশে নিধন!

৪ যিনি কত অজ্ঞান, মৃত নর সন্তান.
করি দীপ্তি প্রদান, দেন নিত্য জীবন।

৫ য়েশু প্রেম সাগর, য়েশু পুণ্য আকর,
য়েশু ত্রাণভাস্কর, সুখ শান্তি নিদান।

R. M. R.

২১৯

8.7. double.

১ প্রভু য়েশূ, তোমার চরণ
পাপী লোকদের মহাশ্রয় ;
যে জন লইবে তোমার শরণ,
তাকে তারিবা নিশ্চয়.
মহা অপরাধী হইয়া
তোমার লইয়াছি আশ্রয় ;
প্রভু য়েশূ, কর দয়া,
তুমি সর্ব্বদয়াময়.

২ প্রেমের সিন্ধু তুমি আছ,
করি তোমার গুণগান ;
পাপীর কারণ করিয়াছ
মহাশ্চর্য্য পরিত্রাণ.
আমাদিগকে কৃপা কর,
ওহে ত্রাতা গুণবান ;
প্রভু য়েশূ, রক্ষা কর,
তোমা বিনা নাহি ত্রাণ.

৩ পাপীর নিস্তার করিবারে
কেমন প্রেম প্রকাশিলা !
এবং মানুষ অবতারে
পাপের দণ্ড ভোগিলা.
তুমি দিলা আপন রক্ত
পাপী লোকের ত্রাণের মূল ;
ওহে প্রভো, কর মুক্ত,
দেখাও আপন প্রেম অতুল.

C. M. B.

যোহান ১৫ ; ৫।

২২০

রাগিণী লুম ঝিঁঝিট, —তাল ঠেকা।

উপায় কি হবে আমার ?
তুমি না তারিলে য়েশূ, কে তারিবে আর ?

১ নাহি তত্ত্বজ্ঞান তরি, মর্ত্ত্য হয়ে কাল হরি,
কেমনে এ ভবে তরি, বিনা কর্ণধার।

২ অকূল ভবসাগর, হেরে হৃদে লাগে ডর,
কাঁপে অঙ্গ থর থর, না দেখি নিস্তার।

৩ শুনেছি হে দয়াময়, যে তব আশ্রয় লয়,
অনাশে সে পার হয়, ভব পারাবার।

R. D. S.

২২১

গেল রে গেল রে বহিয়ে দিন !
ও মন রে, বৃথাই বহিয়ে গেল দিন.
যাইতে ঈশ্বরের কাছে ভাবিলে না এক দিন.

১ মন রে, নিজ অভিলাষের দোষে ঈশ্বরে হয়েছ ভিন ;
তোমার পাপে তনু জারা২ দেখ হয়্যে যায় রে ক্ষীণ.

২ মনরে,ভক্তি মূল্যে ত্রাণ বিকাইছে,ত্বরা করি' যাইয়ে কিন;
তুমি বুঝিয়া দেখ না কেন, হয়্যে আছ পাপাধীন.

৩ মন রে, ঈশ্বরের কৃপা গুণ স্মর এবে নিশি দিন ;
তুমি যেশূ-প্রেম-সাগরে থাক, জলে যেমন থাকে মীন.

B. M. B.

২২২

রাগিণী সুরঠ্ মল্লার। তাল, আড়া।

করহে পরিত্রাণ;
পরমেশ-প্রিয়-পুত্র করুণা-নিধান।

১ মহা প্রেম প্রকাশিতে আসিয়াছিলে জগতে
কৃপা করি' বাঁচাইতে পাপীদের প্রাণ।

২ কর ভবে বিতরণ প্রকৃত শান্তি-রতন;
পাপ-দণ্ড বিমোচন কর, দয়াবান।

৩ ওহে পতিত-পাবন, দেখ তব দাসগণ
কাতরে করে রোদন অনাথ-সমান !

৪ কর কর হে শ্রবণ, পূর্ণ কর আকিঞ্চন,
পবিত্র সত্য জীবন করিয়া প্রদান।

S. M.

২২৩

7. 7.

১ আমি মহা পাপী জন,
অতি অধম দুরাচার ;
শুন, য়েশূ নিবেদন,
দয়া করি' কর পার.

২ তোমাবিনা ভবে আর
আশা করি কাহাতে ?
কর আমার উপকার ;
দয়া কেবল তোমাতে.

৩ তোমার আশ্রয় আমি লই ;
প্রভু য়েশূ, আমায় লও ;
দয়ার যোগ্য আমি নই,
প্রভো, আমায় সদয় হও.

৪ মোচন কর আমার পাপ,
শুদ্ধ কর আমার মন ;
আমি করি অনুতাপ,
নাই মোর তুল্য পাপী জন !

৫ য়েশূ করেন আমার ত্রাণ,
তিনি খণ্ডেন আমার ভয় ;
তাতে করি য়েশূর গান
হৃষ্ট হইয়া অতিশয়.

৬ যাবজ্জীবন য়েশূর নাম
আমি করিব প্রকাশ ;
শেষে যাইয়া স্বর্গধামে
অমর হইব য়েশূর পাশ.

C. M. B.

২২৪

8.7. 7.7.

১ আহা ! য়েশূ খ্রীষ্ট বিনা
আমরা সবে উপায় হীন ;
দুঃখী, দীনহীন, দুরাচারী,
বিশ্বাস, ভক্তি আশা হীন.
আইস, খ্রীষ্টের কাছে যাই,
তবে আমরা রক্ষা পাই.

২ আহা ! য়েশূ খ্রীষ্ট বিনা
হেথায় সকল অন্ধকার.
পাপের বিষে আমরা মরি,
নাহি দেখি প্রতীকার !
মনে ভয় অত্যন্ত পাই ;
আইস, দৌড়ি খ্রীষ্টের ঠাঁই.

৩ আহা ! য়েশূ খ্রীষ্ট বিনা
হেথায় কোন আশ্রয় নাই.
মায়াজালে ধৃত আমরা,
পদে পদে পড়্যে যাই,
দুর্ব্বল, ভীত, সদাই হই.
আইস, খ্রীষ্টের আশ্রয় লই.

৪ আহা ! য়েশূ খ্রীষ্ট বিনা
কোন মতে রক্ষা নাই ;
তিনি কেবল মোদের ত্রাতা,
রক্ষক ঢাল ও সত্যোপায়,
পাপের নাশক, শান্তিকর ;
তাঁকে ভাব নিরন্তর.

J. G. L.

২২৫

P. M.

১ দয়া কর, দয়ার ঈশ্বর ;
আমি পাপে বড় কাতর,
মহা অধম দুরাচার ;
আমার পাপের নাহি সীমা.
ওহে য়েশূ, কর ক্ষমা ;
শান্ত কর মন আমার.

২ আমার দোষ সব তোমার গোচর
প্রকাশ আছে, ওহে ঈশ্বর,
স্বীকার করি আপন পাপ.
মাথার কেশ হয় যদি গণন,
পাপের সংখ্যার না হয় বর্ণন.
শীতল কর মনস্তাপ.

৩ দীনহীন অনাথ জনের বন্ধু,
য়েশূ, তুমি দয়াসিন্ধু,
পরিত্রাতা দয়াময়.
রক্ষা কর, তারণকর্ত্তা
মম সকল দুঃখহর্ত্তা,
ঘুচাও আমার মনের ভয়.

C. M. B.

২২৬

8.7.

১ দয়া কর আমার উপর,
ওহে য়েশূ, দয়াবান ;
তুমি কর নরের নিস্তার,
তুমি সর্ব্বশক্তিমান.
শুন য়েশূ, শুন য়েশূ,
শুন আমার নিবেদন.

২ অন্ধকারে রহিয়াছি,
আমার মনে দীপ্তি নাই ;
দুষ্ট কর্ম্ম করিয়াছি ;
প্রভু তোমার আশ্রয় চাই,
ত্রাণের সূর্য্য ওহে য়েশূ,
তোমার দীপ্তি যেন পাই.

৩ শরণ লইয়া তোমার নামে,
তোমার কৃপায় পাইব ত্রাণ ;
নীত হইয়া স্বর্গধামে,
করি তোমার স্তুতি গান ;
হাল্লেলূয়া, ধন্য ধন্য,
য়েশূ করেন পরিত্রাণ.

C. M. B.

গীত সংহিতা ১৩৬; ২৫। **২২৭** 7s.

১ আইস করি সর্ব্বজন।
ঈশ্বরের প্রশংসা গান॥
কারণ তাঁহার দয়া রয়।
সুবিশ্বাস্য ও নিশ্চয়॥

২ রবি তিনি সৃজিলেন।
তাহে দিনে দীপ্তি দেন॥
কারণ তাঁহার দয়া রয়।
সুবিশ্বাস্য ও নিশ্চয়॥

৩ শশী তাঁহার সৃষ্টি হয়।
রাত্রি করে আলোময়॥
কারণ তাঁহার দয়া রয়।
সুবিশ্বাস্য ও নিশ্চয়॥

৪ বর্ষা ঋতু তাঁহার দান।
চাষের অতি প্রয়োজন॥
কারণ তাঁহার দয়া রয়।
সুবিশ্বাস্য ও নিশ্চয়॥

৫ ভুমি তাঁহার আদেশে।
শস্য বৃদ্ধি করেছে॥
কারণ তাহার দয়া রয়।
সুবিশ্বাস্য ও নিশ্চয়॥

৬ গোলা খাদ্যে পূর্ণ হয়।
ধন্য সেই দয়াময়॥
কারণ তাঁহার দয়া রয়।
সুবিশ্বাস্য ও নিশ্চয়॥

৭ আরও উত্তম খাদ্য সে।
নিত্য সুখের উপায় যে॥
কারণ তাঁহার দয়া রয়।
সুবিশ্বাস্য ও নিশ্চয়॥

৮ মঙ্গলাকর প্রভুর স্তব।
কর সৃষ্ট বস্তু সব॥
পিতা পুত্র পুণ্যাত্মা।
একে তিনের মহিমা॥ আমেন্।

H. J. H.

২২৮

আমি বারেং করি মানা; হইও না হে অচেতন;
লও লও য়েশুর শরণ, পামর মন রে.

১ পাপির ত্রাণ না দেখিয়া, দয়াতে পুর্ণিত হইয়া,
সেই স্বয়ং সনাতন.
তিনি স্বর্গত্যজি, নরপুরে করিলেন আগমন.

২ ভক্তিভাবে যে ভজয়ে, অভয় পদ দিবেন তারে,
সেই ক্রুশে হত জন.
তিনি মহাপ্রেমী, অন্তর্যামী, দিতেছেন হে মোক্ষধন.

৩ পাপী হইয়া যারা যাইবে, অবশ্য তারিবেন তারে,
সেই প্রেমসিন্ধু জন
এখন তাঁরে ভজি, পাপত্যজি, কর স্বর্গ আরোহণ.

C. M. B.

গীত সংহিতা ৮৯ ; ১। ২২৯ 7. 6. D.

১ গাও হাল্লেলুয়া সবে।
আনন্দ করি গাও॥
প্রভু খ্রীষ্ট য়েশূর তরে।
হোসান্না ধ্বনি দাও॥
হে বালক উচ্চৈঃস্বরে।
স্তব বচন কর সব॥
হে বালিকে সুশীলে।
শুনাও সুমধুর রব॥

২ খ্রীষ্ট তরে সঙ্গীত উচিত।
সব বালক বালিকার॥
স্তব করুক শিশু সবে।
সে শিশুদের রাজার॥
খ্রীষ্ট য়েশূ তিনি গৌরব।
প্রসাদ, বিশ্রাম ও বল॥
তাঁর কাছে পাবে মুক্তি।
বাল বালা শিশু দল॥

৩ খ্রীষ্ট তরে হও সুপ্রেমী।
সব বালক তাঁহার ন্যায়॥
ছুতারের কার্য্যে ছিল।
সে প্রভুর ব্যবসায়॥
কুমারীর পুত্র তিনি।
তাঁর তরে শুদ্ধ মন॥
ও সুচরিত্র উচিত।
ওহে কুমারীগণ॥

৪ বিহারিবে সব ছেলে।
সে পুরে স্বর্ণময়॥
যেখানে দীপ্তি বাসে।
আনন্দের সীমা নয়॥
হে খ্রীষ্ট! জয় সূচক গীতে।
সব ক্ষুদ্র জন তোমার॥
সে দেশে পারে যেতে।
এ কর উপকার॥ আমেন্।

H. J. H.

২৩০

8.7.

১ ওহে প্রভো, তোমার প্রতি
আজি করি নিবেদন;
দেখ আমি দুঃখী অতি,
শান্ত কর আমার মন.

২ আমি দুষ্ট, আমি পাপী,
দুঃখিত আছে আমার মন;
আমি আছি অনুতাপী,
তুমি কর ক্ষমা দান.

৩ প্রভু য়েশূ, তিনি আছেন
রক্ষাদাতা পাপিদের;
আপন রক্তে সাধিয়াছেন
ত্রাণ ও মুক্তি সকলের.

২৩১

7s.

১ কত শত পশুর প্রাণ
হইল হোম ও বলিদান!
তবু নাহি পাপের ক্ষয়,
নাহি মনের শান্তি হয়,

২ পশুর রক্ত ব্যর্থ দান,
খ্রীষ্টের বলি সাধে ত্রাণ;
তিনি ঈশ্বরদত্ত মেষ,
কৈলেন সর্ব্ব পাপের শেষ.

৩ আমি মহাপাপী নর,
তাঁহার শিরে দিয়া কর;
তাঁহার উপর রাখি পাপ,
করিতেছি অনুতাপ.

৪ পাপির জন্যে যত ক্লেশ,
ভোগিলেন অপরিশেষ,
তাহা দেখ্যে আমার মন
আশা করে অনুক্ষণ.

৫ দূর হইল আমার পাপ,
ঘুচে গেল অভিশাপ;
খ্রীষ্টের প্রেমে মজিলাম,
স্তুতি করি অবিশ্রাম.

P. B.

২৩২

S. M.

১ মোর মাথায় যত চুল
তেতোধিক আমার পাপ,
মোর অন্তঃকরণ কেমন স্থুল,
মোর মনে কেবল তাপ.

২ হে আত্মা সত্যময়,
ঘোর পাপে ডুবিলাম,
মোর চক্ষু কেমন অন্ধ হয়,
তা এখন বুঝিলাম.

৩ হে আত্মা সত্যময়,
আমাতে কত ভ্রম,
তা এখন আমি জ্ঞাত হই,
পাই কোথায় উপশম.

৪ হে আত্মা সত্যময়,
দেও অঞ্জন চক্ষুতে,
তা যদি আমি নাহি পাই,
মোর মন না ফিরিবে.

C. B.

২৩৩

রাগিণী সিন্ধু ভৈরবী। তাল মধ্যমান।

শুন পাপী অচেতন, শাস্ত্রের বচন,
জগতের বিচারপতি করিতেছেন আগমন।

১ পুনর্ব্বার স্বর্গনাথ লক্ষ স্বর্গদূত সাথ,
আসিয়াছেন ক্ষিতিমাঝে, বিচারিতে নরগণ।

২ মেদিনী কম্পিতা হবে, নিমেষে বিনাশ পাবে,
জাগিয়া উঠিবে সবে, তূরীশব্দে মৃতগণ।

৩ বসি' রাজা সিংহাসনে, ডাকিবেন সর্ব্বজনে,
বিচারতরে উপস্থিত হবে সব নরগণ।

৪ শয়তানের প্রজা যত, হইবে সবে শঙ্কিত,
অনন্ত নরকদুঃখে, হবে তারা নিমগন।

৫ যারা য়েশূর আশ্রিত, তারা নাহি হবে ভীত,
পাবে তারা পুরস্কার, স্বর্গ অনন্ত জীবন।

৬ ওহে য়েশূ ত্রাণপতি, কৃপা কর মম প্রতি,
তব সে বিচারে যেন, ভীত নাহি হয় মন।

J. B.

২৩৪

ত্রাহি ত্রাহি ত্রাহি, প্রভু পড়েছি বিষম দায়,
এ সঙ্কটে তোমাবিনা না দেখি আর উপায়.

১ সংসার তরঙ্গ লহরী, তাহে মম জীর্ণ তরি,
পাপভারে হইয়া ভারি, প্রভু গো ডুবিয়া যায়.

২ কাম ক্রোধ লোভ মোহ, মদ মাৎসর্য্য সহ,
করি মোরে আজ্ঞাবহ, ভবার্ণবে মজাইতে চায়.

৩ একে বায়ু নহে সপক্ষ, তাহে সকল রিপু বিপক্ষ,
নরক করিয়া লক্ষ্য, তথায় লইয়া যায়.

৪ শুনেছি শাস্ত্রেতে আমি, বিপত্তি ভঞ্জন হে তুমি,
দুর্গমে সর্ব্বদা ভ্রমি, কৃপাঙ্কুরু করুণাময়.

৫ প্রভু ভরসা তোমার চরণ, তুমিই হে অধীনের কারণ,
সহিলা ক্রুশে মরণ, যেন পাপী রক্ষা পায়.

P. B.

২৩৫

আমার পাপের কে কর্ব্বে মার্জ্জনা!
দয়াল য়েশূ বিনা নরকদায়ে তরায় কোন্ জনা!

১ আমি করেছি অশেষ পাপ বেড়েছে যন্ত্রণা ;
বুঝি মনের দোষে যাইতে হইল বিষম নরকখানা.
হায়! শুন, রে পাপিষ্ঠ মন তোরে করি এ সাধনা,
এখন সকল ছেড়ে য়েশূ খ্রীষ্টে কর রে ভজনা.

২ ও মন, য়েশূতে বিশ্বাস কর, পাইবে সান্ত্বনা;
নহিলে নিজ কর্ম্মের ফল ভুগিবে অনন্ত যন্ত্রণা.
যত সব জগদ্বাসী দেখ পাপেতে মগনা,
ওমন, তোমার পাপের জামীন এমত নাহিক কোন জনা.

৩ হে মন, মরণতারণ বল্যে তোমার নাহিক কিছু ভাবনা!
দেখ, তোমার কারণ দারুণ মরণ করিছে আনাগনা.
হায়! শুন, রে পাপিষ্ঠ মন, তুমি আর ভুল্যে রইও না,
এই যে য়েশূর গুণে ত্রাণ ধন, খেদ বিনা পাইবে না.

C. M. B.

২৩৬

রাগিণী সাহানা,—তাল, জৎ।

দীনবন্ধু কৃপাসিন্ধু প্রভু দয়াময় হে,
শুন মম আর্ত্তস্বর হইয়ে সদয় হে।

১ অভিপ্রায় আপন্কার বুঝিবারে সাধ্য কার?
জানি না গো কেন এই দুঃখের উদয় হে.

২ সহিতে না পারি আর ঘোর দুঃখ অনিবার;
অবিরত প্রহারিত, প্রাণে কি আর সয় হে।

৩ তব এই ক্রোধানল কর নাথ সুশীতল;
দিও নাহে প্রতিফল দূর কর ভয় হে।

৪ প্রসন্ন হও এবার, ওহে করুণা-আধার,
করি দুঃখ উপশম, জুড়াও হৃদয় হে।

৫ ধর নাহে গত পাপ, দূর কর অভিশাপ;
শোকাতুর হৃদে শান্তি দেও শান্তিময় হে।

J. B.

২৩৭

P. M.

১ পিতা, পুত্র, আত্মা হে,
ঈশ্বর এক, তিন ব্যক্তিতে,
স্বর্গের গৌরব হইতে
শুন পুণ্য ত্রিত্ব.

২ ওহে য়েশূ মর্ত্ত্যের প্রাণ,
ঈশ্বর-নরের মধ্যবান,
অমরতার আশাস্থান,
শুন পুণ্য য়েশূ.

৩ তোমার মৃত্যু মর্ত্ত্যে দেয়
শক্তি, কর্‌তে মৃত্যু জয়;
তোমায় সবে রক্ষা পায়.
শুন পুণ্য য়েশূ.

৪ তব সিংহাসনের পাশ
হইবে মোদের সব নিকাশ;
রক্ষা কর তব দাস;
শুন পুণ্য য়েশূ.

৫ যেন হইয়া নিত্যস্থায়ী
শয়তান হইতে মুক্তি পাই
তুমি মরিয়াছ তাই
শুন পুণ্য য়েশূ.

৬ স্বর্গে নিত্য সুখধাম
করিয়াছ সুনির্ম্মাণ;
পাপী তাতে পাইবে স্থান.
শুন পুণ্য য়েশূ.

J. B.

২৩৮

P. M.

১ যথায় তোমার সাধুচয়
গৌরবেতে রাজ্য লয়,
নাহি দুঃখ ও দোষ! তথায়
লইয়া চল য়েশূ.

২ যথায় বন্দী মুক্তি পায়,
যথায় শত্রুর দমন হয়,
দুর্ব্বল বিশ্রাম পায়, তথায়
লইয়া চল য়েশূ.

৩ যথায় সুখের নাহি ক্ষয়,
তোমার মুক্ত লোকে রয়
দূতের আনন্দে, তথায়
লইয়া চল য়েশূ.

৪ যথায় হইয়া দীপ্তিময়
তোমার সহিত প্রকাশ পায়
তোমার কার্য্য সব, তথায়
লইয়া চল য়েশূ.

৫ যথায় তব আরাধন
করে গত প্রিয়গণ,
তথায়, করি' দয়াদান,
লইয়া চল য়েশূ.

J. B.

২৩৯

মহাবিচারের দিনে

যখন রাজা হয়ে বস্‌বেন য়েশূ রাজ সিংহাসনে.
য়েশূ তিন জনে ধন গচ্ছিত রেখ্যে গেলেন ভ্রমণে,
তাতে কে কত লাভ করে, হিসাব লবেন জনে জনে.

১ কারে দিলেন এক তালান্ত, কারেও বা দ্বিগুণ;
পাত্র বুঝে সঁপিলেন্ ধন, ব্যক্তি যে যেমন.
যে জন পাঁচ তালান্ত দশ করিবে, অতি যতনে,
তারে বিশ্বস্ত জানিয়ে আরও দিবেন বহুগুণে.

২ হেন ধন কত জনে কর্‌ছে অপব্যয়;
আমরা যেন মনে করি সতত ঐ ভয়,
যে জন মৃত্তিকাতে পুঁতেছে ধন, বেন্ধে বসনে,
তার হাতে পায়ে বান্ধি' য়েশূ ফেলিবেন আগুনে

৩ জগদ্বাসী মহাত্রাসী হবে সে সময়;
পলাইতে চাবে মনে পেয়ে মহা ভয়!
তখন কেহ বা লুকাতে যাবে গুহা কাননে
তাদের চারিদিকে প্রভুর দূতে ঘেরিবে তৎক্ষণে.

৪ পাপ হেতু তাড়নাতে হয়্যে নিরুপায়
শিষ্য বলি' কত জনে দিবে পরিচয়
কেহ বল্‌বে প্রভো, আমি ছিলাম তব ভজনে!
তারে বল্‌বেন য়েশূ "চিনিনাক দূর হও এক্ষণে!"

৫ এই মত হবে, ভাইরে! জগতের শেষ;
রাখাল যেমন ভিন্ন ভিন্ন করে ছাগ ও মেষ,
য়েশূ ছাগের পাল হইতে মেষে লইবেন চিন্যে,
রাখ্‌বেন ছাগলগণে বামদিকে, মেষগণে দক্ষিণে!

B. M. B.

গীতের প্রথম চরণের নির্ঘণ্ট।

অ।

আ।

ঊ।

গীতাঙ্ক।

এ।

ও।

গ।

ঘ।

চ।

জ।

ড।

ত।

ব।

ভ।

বিজ্ঞাপন।

এই গীতপুস্তক কলিকাতার ৭৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট বাঙ্গালা যন্ত্রে বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য ৵০ দুই আনা মাত্র।